$$\therefore (PQ)^T = \begin{pmatrix} 4 & 5 & 6 \\ 8 & 10 & 12 \\ 12 & 15 & 18 \end{pmatrix}^T = \begin{pmatrix} 4 & 8 & 12 \\ 5 & 10 & 15 \\ 6 & 12 & 18 \end{pmatrix}$$

$$\therefore \text{নির্ণেয় } (PQ)^T = \begin{pmatrix} 4 & 8 & 12 \\ 5 & 10 & 15 \\ 6 & 12 & 18 \end{pmatrix} \textbf{ (Ans.)}$$

**খ** $A = \begin{pmatrix} 1 & 4 \\ 0 & 1 \end{pmatrix}$ এবং $B = \begin{pmatrix} 1 & m \\ 0 & n \end{pmatrix}$

এখন, $AB = I_2$

$$\begin{pmatrix} 1 & 4 \\ 0 & 1 \end{pmatrix}\begin{pmatrix} 1 & m \\ 0 & n \end{pmatrix} = \begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix}$$

$$\Rightarrow \begin{pmatrix} 1+0 & m+4n \\ 0+0 & 0+n \end{pmatrix} = \begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix}$$

$$\Rightarrow \begin{pmatrix} 1 & m+4n \\ 0 & n \end{pmatrix} = \begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix}$$

ম্যাট্রিক্সের সমতা অনুসারে,

$n = 1$

এবং $m + 4n = 0$

$\Rightarrow m + 4 = 0 \quad [\because n = 1]$

$\therefore m = -4$

নির্ণেয় মান: $m = -4$ এবং $n = 1$ **(Ans.)**

**গ** দেওয়া আছে, $\begin{vmatrix} u & v & w \\ u^2 & v^2 & w^2 \\ u^3 & v^3 & w^3 \end{vmatrix} = 0$

$$\Rightarrow uvw\begin{vmatrix} 1 & 1 & 1 \\ u & v & w \\ u^2 & v^2 & w^2 \end{vmatrix} = 0$$

$$\Rightarrow uvw\begin{vmatrix} 0 & 0 & 1 \\ u-v & v-w & w \\ u^2-v^2 & v^2-w^2 & w^2 \end{vmatrix} = 0 \quad \begin{bmatrix} c_1' = c_1 - c_2 \\ c_2' = c_2 - c_3 \end{bmatrix}$$

$$\Rightarrow uvw\begin{vmatrix} u-v & v-w \\ u^2-v^2 & v^2-w^2 \end{vmatrix} = 0$$

$$\Rightarrow uvw(u-v)(v-w)\begin{vmatrix} 1 & 1 \\ u+v & v+w \end{vmatrix} = 0$$

$$\Rightarrow uvw(u-v)(v-w)(v+w-u-v) = 0$$

$$\Rightarrow uvw(u-v)(v-w)(w-u) = 0$$

$$\Rightarrow (u-v)(v-w)(w-u) = 0$$

$\therefore u - v = 0$ | অথবা, $v - w = 0$ | অথবা, $w - u = 0$

$\therefore u = v$ | $\therefore v = w$ | $\therefore w = u$

$\therefore u = v = w$ **(Proved)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**প্রশ্ন ▶ ১৫** $A = \begin{pmatrix} (b+c)^2 & a^2 & bc \\ (c+a)^2 & b^2 & ca \\ (a+b)^2 & c^2 & ab \end{pmatrix}$,

$$B = \begin{bmatrix} a^2 & bc & ca+c^2 \\ a^2+ab & b^2 & ca \\ ab & b^2+bc & c^2 \end{bmatrix}$$

(ক) বিস্তার না করে প্রমাণ কর যে, $\begin{vmatrix} 1 & bc & bc(b+c) \\ 1 & ca & ca(c+a) \\ 1 & ab & ab(a+b) \end{vmatrix} = 0$ [ম. বো. ২০]

(খ) দেখাও যে, $\det A = (a^2+b^2+c^2)(a+b+c)(a-b)(b-c)(c-a)$. [ম. বো. ২০]

(গ) প্রমাণ কর যে, $|B| = 4a^2b^2c^2$ [ম. বো. ২২]

সমাধানঃ

ক L.H.S. $= \begin{vmatrix} 1 & bc & bc(b+c) \\ 1 & ca & ca(c+a) \\ 1 & ab & ab(a+b) \end{vmatrix}$

$= \frac{1}{abc} \begin{vmatrix} a & abc & abc(b+c) \\ b & abc & abc(c+a) \\ c & abc & abc(a+b) \end{vmatrix}$

$= \frac{abc \cdot abc}{abc} \begin{vmatrix} a & 1 & b+c \\ b & 1 & c+a \\ c & 1 & a+b \end{vmatrix}$

$= abc \begin{vmatrix} a & 1 & b+c \\ b & 1 & c+a \\ c & 1 & a+b \end{vmatrix}$

$= abc \begin{vmatrix} a+b+c & 1 & b+c \\ a+b+c & 1 & c+a \\ a+b+c & 1 & a+b \end{vmatrix}$ $[c_1' = c_1 + c_3]$

$= abc(a+b+c) \begin{vmatrix} 1 & 1 & b+c \\ 1 & 1 & c+a \\ 1 & 1 & a+b \end{vmatrix}$

$= abc(a+b+c) \cdot 0$ [∵ প্রথম দুইটি কলাম একই]

$= 0 =$ R.H.S. **(Proved)**

খ দেওয়া আছে, $A = \begin{pmatrix} (b+c)^2 & a^2 & bc \\ (c+a)^2 & b^2 & ca \\ (a+b)^2 & c^2 & ab \end{pmatrix}$

$\therefore \det A = \begin{vmatrix} (b+c)^2 & a^2 & bc \\ (c+a)^2 & b^2 & ca \\ (a+b)^2 & c^2 & ab \end{vmatrix}$

$= \begin{vmatrix} b^2+2bc+c^2+a^2-2bc & a^2 & bc \\ c^2+2ca+a^2+b^2-2ca & b^2 & ca \\ a^2+2ab+b^2+c^2-2ab & c^2 & ab \end{vmatrix}$

$[c_1' = c_1 + c_2 - 2c_3]$

$= \begin{vmatrix} a^2+b^2+c^2 & a^2 & bc \\ a^2+b^2+c^2 & b^2 & ca \\ a^2+b^2+c^2 & c^2 & ab \end{vmatrix}$

$= (a^2+b^2+c^2) \begin{vmatrix} 1 & a^2 & bc \\ 1 & b^2 & ca \\ 1 & c^2 & ab \end{vmatrix}$

$= (a^2+b^2+c^2) \begin{vmatrix} 1 & a^2 & bc \\ 0 & b^2-a^2 & ca-bc \\ 0 & c^2-a^2 & ab-bc \end{vmatrix}$ $\begin{bmatrix} r_2' = r_2 - r_1 \\ r_3' = r_3 - r_1 \end{bmatrix}$

$= (a^2+b^2+c^2) \begin{vmatrix} (a+b)(b-a) & -c(b-a) \\ (c+a)(c-a) & -b(c-a) \end{vmatrix}$

$= (a^2+b^2+c^2)(b-a)(c-a) \begin{vmatrix} a+b & -c \\ c+a & -b \end{vmatrix}$

$= (a^2+b^2+c^2)(b-a)(c-a)(-ab-b^2+c^2+ca)$

$= -(a^2+b^2+c^2)(a-b)(c-a)\{-(b^2-c^2)-a(b-c)\}$

$= -(a^2+b^2+c^2)(a-b)(c-a)(b-c)(-b-c-a)$

$= (a^2+b^2+c^2)(a+b+c)(a-b)(b-c)(c-a)$

**(Showed)**

গ L.H.S. $= |B| = \begin{vmatrix} a^2 & bc & ca+c^2 \\ a^2+ab & b^2 & ca \\ ab & b^2+bc & c^2 \end{vmatrix}$

$= abc \begin{vmatrix} a & c & a+c \\ a+b & b & a \\ b & b+c & c \end{vmatrix}$

$= abc \begin{vmatrix} a+c-a-c & c & a+c \\ a+b+b-a & b & a \\ b+b+c-c & b+c & c \end{vmatrix}$

$[c_1' = c_1 + c_2 - c_3]$

$= abc \begin{vmatrix} 0 & c & a+c \\ 2b & b & a \\ 2b & b+c & c \end{vmatrix}$

$= abc \begin{vmatrix} 0 & c & a+c \\ 0 & -c & a-c \\ 2b & b+c & c \end{vmatrix}$ $[r_2' = r_2 - r_3]$

$= 2ab^2c \begin{vmatrix} c & a+c \\ -c & a-c \end{vmatrix}$

$= 2ab^2c \times c \begin{vmatrix} 1 & a+c \\ -1 & a-c \end{vmatrix}$

$= 2ab^2c^2(a-c+a+c)$

$= 4a^2b^2c^2$

$=$ R.H.S. **(Proved)**

**প্রশ্ন ▶ ১৪** $A = \begin{bmatrix} x-1 & 1 & 2 \\ -2 & x+1 & 3 \\ 2 & 0 & x \end{bmatrix}$ এবং $B = \begin{bmatrix} 5 & 2 \\ -10 & -4 \end{bmatrix}$

(ক) দেখাও যে, B একটি সমঘাতী ম্যাট্রিক্স। [ঢা. বো. ২২]

(খ) $|A| = 0$ হলে, x এর মান নির্ণয় কর। [ঢা. বো. ২২]

(গ) $(A^T)^{-1}$ নির্ণয় কর যখন, $x = 0$ হয়। [ঢা. বো. ২২]

সমাধানঃ

ক দেওয়া আছে, $B = \begin{bmatrix} 5 & 2 \\ -10 & -4 \end{bmatrix}$

এখন, $B^2 = B.B$

$= \begin{bmatrix} 5 & 2 \\ -10 & -4 \end{bmatrix} \begin{bmatrix} 5 & 2 \\ -10 & -4 \end{bmatrix}$

$= \begin{bmatrix} 25-20 & 10-8 \\ -50+40 & -20+16 \end{bmatrix}$

$= \begin{bmatrix} 5 & 2 \\ -10 & -4 \end{bmatrix}$

$= B$

∵ $B^2 = B$

∴ B একটি সমঘাতী ম্যাট্রিক্স। **(Showed)**

ADMISSION STUFFS

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**খ** দেওয়া আছে, $A=\begin{bmatrix} x-1 & 1 & 2 \\ -2 & x+1 & 3 \\ 2 & 0 & x \end{bmatrix}$ এবং $|A|=0$

$$\Rightarrow \begin{vmatrix} x-1 & 1 & 2 \\ -2 & x+1 & 3 \\ 2 & 0 & x \end{vmatrix}=0$$

$$\Rightarrow \begin{vmatrix} x-1+1+2 & 1 & 2 \\ -2+x+1+3 & x+1 & 3 \\ 2+0+x & 0 & x \end{vmatrix}=0 \quad [c_1' = c_1+c_2+c_3]$$

$$\Rightarrow \begin{vmatrix} x+2 & 1 & 2 \\ x+2 & x+1 & 3 \\ x+2 & 0 & x \end{vmatrix}=0$$

$$\Rightarrow (x+2)\begin{vmatrix} 1 & 1 & 2 \\ 1 & x+1 & 3 \\ 1 & 0 & x \end{vmatrix}=0$$

$$\Rightarrow (x+2)\begin{vmatrix} 1 & 1 & 2 \\ 0 & x & 1 \\ 0 & -1 & x-2 \end{vmatrix}=0 \quad \begin{bmatrix} r_2' = r_2 - r_1 \\ r_3' = r_3 - r_1 \end{bmatrix}$$

$\Rightarrow (x+2)\{x(x-2)+1\}$

হয়, $x+2=0$ | অথবা, $x^2-2x+1=0$

$\Rightarrow x=-2$ | $\Rightarrow (x-1)^2=0$

$\Rightarrow x=1$

$\therefore$ নির্ণেয় মান: $x=-2, 1$

**গ** দেওয়া আছে, $A=\begin{bmatrix} x-1 & 1 & 2 \\ -2 & x+1 & 3 \\ 2 & 0 & x \end{bmatrix}$

$\therefore x=0$ হলে, $A=\begin{bmatrix} -1 & 1 & 2 \\ -2 & 1 & 3 \\ 2 & 0 & 0 \end{bmatrix}$

$$\therefore A^T=\begin{bmatrix} -1 & 1 & 2 \\ -2 & 1 & 3 \\ 2 & 0 & 0 \end{bmatrix}^T=\begin{bmatrix} -1 & -2 & 2 \\ 1 & 1 & 0 \\ 2 & 3 & 0 \end{bmatrix}$$

এখন, $|A^T|=\begin{vmatrix} -1 & -2 & 2 \\ 1 & 1 & 0 \\ 2 & 3 & 0 \end{vmatrix}$

$=-1(0-0)+2(0-0)+2(3-2)$

$=2\neq 0 \therefore (A^T)^{-1}$ বিদ্যমান।

$A^T$ এর সহগুণক সমূহ:

$A^T_{11}=\begin{vmatrix} 1 & 0 \\ 3 & 0 \end{vmatrix}=0-0=0$

$A^T_{12}=-\begin{vmatrix} 1 & 0 \\ 2 & 0 \end{vmatrix}=-(0-0)=0$

$A^T_{13}=\begin{vmatrix} 1 & 1 \\ 2 & 3 \end{vmatrix}=3-2=1$

$A^T_{21}=-\begin{vmatrix} -2 & 2 \\ 3 & 0 \end{vmatrix}=-(0-6)=6$

$A^T_{22}=\begin{vmatrix} -1 & 2 \\ 2 & 0 \end{vmatrix}=0-4=-4$

$A^T_{23}=-\begin{vmatrix} -1 & -2 \\ 2 & 3 \end{vmatrix}=-(-3+4)=-1$

$A^T_{31}=\begin{vmatrix} -2 & 2 \\ 1 & 0 \end{vmatrix}=0-2=-2$

$A^T_{32}=-\begin{vmatrix} -1 & 2 \\ 1 & 0 \end{vmatrix}=-(0-2)=2$

$A^T_{33}=\begin{vmatrix} -1 & -2 \\ 1 & 1 \end{vmatrix}=-1+2=1$

$$\therefore \text{Adj } A^T=\begin{bmatrix} A^T_{11} & A^T_{12} & A^T_{13} \\ A^T_{21} & A^T_{22} & A^T_{23} \\ A^T_{31} & A^T_{32} & A^T_{33} \end{bmatrix}^T$$

$$=\begin{bmatrix} 0 & 0 & 1 \\ 6 & -4 & -1 \\ -2 & 2 & 1 \end{bmatrix}^T$$

$$=\begin{bmatrix} 0 & 6 & -2 \\ 0 & -4 & 2 \\ 1 & -1 & 1 \end{bmatrix}$$

$$\therefore (A^T)^{-1}=\frac{\text{Adj}A^T}{|A^T|}=\frac{1}{2}\begin{bmatrix} 0 & 6 & -2 \\ 0 & -4 & 2 \\ 1 & -1 & 1 \end{bmatrix} \text{ (Ans.)}$$

**প্রশ্ন ▶ ১৫** $A=\begin{bmatrix} 3+x & 4 & 1 \\ 4 & 1+x & 3 \\ 1 & 3 & 4+x \end{bmatrix}$

$B=\begin{bmatrix} 2+x & b+x & c+x \\ 2+y & b+y & c+y \\ 4 & b^2 & c^2 \end{bmatrix}$

**(ক)** $B=\begin{bmatrix} 2 & 1 \\ 0 & 2 \end{bmatrix}$ হলে, $B.B^t$ নির্ণয় কর। [রা. বো. ২২]

**(খ)** দেখাও যে, $\det(B)=(2-b)(b-c)(c-2)(x-y)$ [রা. বো. ২২]

**(গ)** $\det(A)=0$ সমীকরণের বাস্তব মূল নিয়ে A এর ট্রেস নির্ণয় কর। [রা. বো. ২২]

**সমাধান:**

**ক** $B=\begin{bmatrix} 2 & 1 \\ 0 & 2 \end{bmatrix}$ হলে,

$$B^t=\begin{bmatrix} 2 & 1 \\ 0 & 2 \end{bmatrix}^t=\begin{bmatrix} 2 & 0 \\ 1 & 2 \end{bmatrix}$$

$$B.B^t=\begin{bmatrix} 2 & 1 \\ 0 & 2 \end{bmatrix}\begin{bmatrix} 2 & 0 \\ 1 & 2 \end{bmatrix}$$

$$=\begin{bmatrix} 4+1 & 0+2 \\ 0+2 & 0+4 \end{bmatrix}$$

$$=\begin{bmatrix} 5 & 2 \\ 2 & 4 \end{bmatrix} \text{ (Ans.)}$$

**খ** দেওয়া আছে, $B=\begin{bmatrix} 2+x & b+x & c+x \\ 2+y & b+y & c+y \\ 4 & b^2 & c^2 \end{bmatrix}$

$$\therefore \det(B)=\begin{vmatrix} 2+x & b+x & c+x \\ 2+y & b+y & c+y \\ 4 & b^2 & c^2 \end{vmatrix}$$

$$=\begin{vmatrix} 2-b & b-c & c+x \\ 2-b & b-c & c+y \\ 4-b^2 & b^2-c^2 & c^2 \end{vmatrix} \begin{bmatrix} c_1' = c_1 - c_2 \\ c_2' = c_2 - c_3 \end{bmatrix}$$

$$=(2-b)(b-c)\begin{vmatrix} 1 & 1 & c+x \\ 1 & 1 & c+y \\ 2+b & b+c & c^2 \end{vmatrix}$$

$$=(2-b)(b-c)\begin{vmatrix} 0 & 1 & c+x \\ 0 & 1 & c+y \\ 2-c & b+c & c^2 \end{vmatrix}$$

$[c_1' = c_1 - c_2]$

$=(2-b)(b-c)(2-c)\begin{vmatrix} 1 & c+x \\ 1 & c+y \end{vmatrix}$

$=(2-b)(b-c)(2-c)(c+y-c-x)$

$=(2-b)(b-c)(c-2)(x-y)$

$\therefore \det(B)=(2-b)(b-c)(c-2)(x-y)$ **(Showed)**



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**গ** দেওয়া আছে, $A=\begin{bmatrix}3+x & 4 & 1\\ 4 & 1+x & 3\\ 1 & 3 & 4+x\end{bmatrix}$

এখানে, $\det(A)=0$

$\Rightarrow \begin{vmatrix}3+x & 4 & 1\\ 4 & 1+x & 3\\ 1 & 3 & 4+x\end{vmatrix}=0$

$\Rightarrow (3+x)(4+x+4x+x^2-9)-4(16+4x-3)+1(12-1-x)=0$

$\Rightarrow 3x^2+15x-15+x^3+5x^2-5x-52-16x+11-x=0$

$\Rightarrow x^3+8x^2-7x-56=0$

$\Rightarrow x^2(x+8)-7(x+8)=0$

$\Rightarrow (x+8)(x^2-7)=0$

হয়, $x+8=0$ | অথবা, $x^2-7=0$

$\Rightarrow x=-8$ | $\Rightarrow x^2=7$

$\Rightarrow x=\pm\sqrt{7}$

∴ নির্ণেয় মূলগুলো: $x=-8, \sqrt{7}, -\sqrt{7}$ এখানে, সবগুলো মূলই বাস্তব।

A এর ট্রেস $=3+x+1+x+4+x=8+3x$

এখন, $x=-8$ হলে, A এর ট্রেস $=8+3(-8)$

$=8-24=-16$

$x=\sqrt{7}$ হলে, A এর ট্রেস $=8+3\sqrt{7}$

$x=-\sqrt{7}$ হলে, A এর ট্রেস $=8-3\sqrt{7}$

∴ নির্ণেয় A এর ট্রেসসমূহ: $-16\ ;\ 8+3\sqrt{7}\ ;\ 8-3\sqrt{7}$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ১৬** $S=\begin{pmatrix}-1 & 1\\ 2 & -3\end{pmatrix}$, $T=\begin{pmatrix}3 & -5\\ -1 & 2\end{pmatrix}$,

$U=\begin{pmatrix}a & b & c\\ 2a^3+1 & 2b^3+1 & 2c^3+1\\ a^2 & b^2 & c^2\end{pmatrix}$

**(ক) বিস্তার না করে প্রমাণ কর** $\begin{vmatrix}a & -x & a+x\\ b & -y & b+y\\ c & -z & c+z\end{vmatrix}=0.$ [য. বো. ২২]

**(খ) দেখাও যে, $(ST)^{-1}-T^{-1}S^{-1}$ একটি শূন্য ম্যাট্রিক্স।** [য. বো. ২২]

**(গ) প্রমাণ কর যে, $|U|=-(2abc+1)(a-b)(b-c)(c-a)$.**

[য. বো. ২২; অনুরূপ প্রশ্ন: য. বো. ২১]

**সমাধান:**

**ক** L.H.S. $=\begin{vmatrix}a & -x & a+x\\ b & -y & b+y\\ c & -z & c+z\end{vmatrix}$

$=\begin{vmatrix}a & -x & a\\ b & -y & b\\ c & -z & c\end{vmatrix}=0 \qquad [c_3'=c_3+c_2]$

[∵ নির্ণায়কটির ১ম ও ৩য় কলামের উপাদানসমূহ একই]

$=$ R.H.S.

∴ $\begin{vmatrix}a & -x & a+x\\ b & -y & b+y\\ c & -z & c+z\end{vmatrix}=0$ **(Proved)**

**খ** দেওয়া আছে, $S=\begin{pmatrix}-1 & 1\\ 2 & -3\end{pmatrix}$, $T=\begin{pmatrix}3 & -5\\ -1 & 2\end{pmatrix}$

$ST=\begin{pmatrix}-1 & 1\\ 2 & -3\end{pmatrix}\begin{pmatrix}3 & -5\\ -1 & 2\end{pmatrix}$

$=\begin{pmatrix}-3-1 & 5+2\\ 6+3 & -10-6\end{pmatrix}=\begin{pmatrix}-4 & 7\\ 9 & -16\end{pmatrix}$

∴ $|ST|=64-63=1\neq 0$

আমরা জানি, $\begin{bmatrix}a & b\\ c & d\end{bmatrix}$ এর বিপরীত ম্যাট্রিক্স $=\frac{1}{ad-bc}\begin{bmatrix}d & -b\\ -c & a\end{bmatrix}$

∴ $(ST)^{-1}=\frac{1}{1}\begin{pmatrix}-16 & -7\\ -9 & -4\end{pmatrix}=\begin{pmatrix}-16 & -7\\ -9 & -4\end{pmatrix}$

$|T|=6-5=1\neq 0$

∴ $T^{-1}=\begin{pmatrix}2 & 5\\ 1 & 3\end{pmatrix}$

∴ $|S|=3-2=1\neq 0$

∴ $S^{-1}=\begin{pmatrix}-3 & -1\\ -2 & -1\end{pmatrix}$

$T^{-1}S^{-1}=\begin{pmatrix}2 & 5\\ 1 & 3\end{pmatrix}\begin{pmatrix}-3 & -1\\ -2 & -1\end{pmatrix}=\begin{pmatrix}-6-10 & -2-5\\ -3-6 & -1-3\end{pmatrix}$

$=\begin{pmatrix}-16 & -7\\ -9 & -4\end{pmatrix}$

$(ST)^{-1}-T^{-1}S^{-1}=\begin{pmatrix}-16 & -7\\ -9 & -4\end{pmatrix}-\begin{pmatrix}-16 & -7\\ -9 & -4\end{pmatrix}$

$=\begin{pmatrix}0 & 0\\ 0 & 0\end{pmatrix}$; যা একটি শূন্য ম্যাট্রিক্স। **(Showed)**

**গ** দেওয়া আছে, $U=\begin{bmatrix}a & b & c\\ 2a^3+1 & 2b^3+1 & 2c^3+1\\ a^2 & b^2 & c^2\end{bmatrix}$

∴ $|U|=\begin{vmatrix}a & b & c\\ 2a^3+1 & 2b^3+1 & 2c^3+1\\ a^2 & b^2 & c^2\end{vmatrix}$

$=\begin{vmatrix}a & b & c\\ 2a^3 & 2b^3 & 2c^3\\ a^2 & b^2 & c^2\end{vmatrix}+\begin{vmatrix}a & b & c\\ 1 & 1 & 1\\ a^2 & b^2 & c^2\end{vmatrix}$

$=2abc\begin{vmatrix}1 & 1 & 1\\ a^2 & b^2 & c^2\\ a & b & c\end{vmatrix}+\begin{vmatrix}1 & 1 & 1\\ a^2 & b^2 & c^2\\ a & b & c\end{vmatrix}$

$=(2abc+1)\begin{vmatrix}1 & 1 & 1\\ a^2 & b^2 & c^2\\ a & b & c\end{vmatrix}$

$=(2abc+1)\begin{vmatrix}0 & 0 & 1\\ a^2-b^2 & b^2-c^2 & c^2\\ a-b & b-c & c\end{vmatrix}$ $\begin{bmatrix}c_1'=c_1-c_2\\ c_2'=c_2-c_3\end{bmatrix}$

$=(2abc+1)\begin{vmatrix}a^2-b^2 & b^2-c^2\\ a-b & b-c\end{vmatrix}$

$=(2abc+1)(a-b)(b-c)\begin{vmatrix}a+b & b+c\\ 1 & 1\end{vmatrix}$

$=(2abc+1)(a-b)(b-c)(a+b-b-c)$

$=-(2abc+1)(a-b)(b-c)(c-a)$

∴ $|U|=-(2abc+1)(a-b)(b-c)(c-a)$ **(Proved)**



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**প্রশ্ন ▶ ১৭** $A=\begin{bmatrix} a^2 & b^2 & c^2 \\ a^3 & b^3 & c^3 \\ a^4-2a & b^4-2b & c^4-2c \end{bmatrix}$,

$P=\begin{bmatrix} -3 & 2 \\ 3 & -1 \end{bmatrix}$ এবং $f(x)=5x^2-11x$.

(ক) প্রমাণ কর যে, $\begin{vmatrix} 1 & 1 & 1 \\ 1 & p & p^2 \\ 1 & p^2 & p^4 \end{vmatrix} = p(p-1)^2(p^2-1)$ [রা. বো. ২১]

(খ) $f(P)+6I_2$ নির্ণয় কর।

[চ. বো. ২২; অনুরূপ প্রশ্ন: ম. বো. ২০, ২২; য. বো. ২২; দা. বো. ২১]

(গ) প্রমাণ কর যে, $\det(A) = abc(abc-2)(a-b)(b-c)(c-a)$.

[চ. বো. ২২]

সমাধান:

ক L.H.S. $=\begin{vmatrix} 1 & 1 & 1 \\ 1 & p & p^2 \\ 1 & p^2 & p^4 \end{vmatrix}$

$=\begin{vmatrix} 0 & 0 & 1 \\ 1-p & p-p^2 & p^2 \\ 1-p^2 & p^2-p^4 & p^4 \end{vmatrix}$ $\begin{bmatrix} c_1'=c_1-c_2 \\ c_2'=c_2-c_3 \end{bmatrix}$

$=\begin{vmatrix} 1-p & p(1-p) \\ 1-p^2 & p^2(1-p^2) \end{vmatrix}$

$=(1-p^2)\begin{vmatrix} 1-p & p(1-p) \\ 1 & p^2 \end{vmatrix}$

$=p(1-p^2)(1-p)\begin{vmatrix} 1 & 1 \\ 1 & p \end{vmatrix}$

$=p(1-p^2)(1-p)(p-1)$

$=p(p^2-1)(p-1)^2$

$=$ R.H.S. (Proved)

খ দেওয়া আছে, $P=\begin{bmatrix} -3 & 2 \\ 3 & -1 \end{bmatrix}$ এবং $f(x)=5x^2-11x$

$\therefore P^2=P.P=\begin{bmatrix} -3 & 2 \\ 3 & -1 \end{bmatrix}\begin{bmatrix} -3 & 2 \\ 3 & -1 \end{bmatrix}$

$=\begin{bmatrix} 9+6 & -6-2 \\ -9-3 & 6+1 \end{bmatrix}$

$=\begin{bmatrix} 15 & -8 \\ -12 & 7 \end{bmatrix}$

$\therefore f(P)=5P^2-11P$

$=5\begin{bmatrix} 15 & -8 \\ -12 & 7 \end{bmatrix}-11\begin{bmatrix} -3 & 2 \\ 3 & -1 \end{bmatrix}$

$=\begin{bmatrix} 75 & -40 \\ -60 & 35 \end{bmatrix}-\begin{bmatrix} -33 & 22 \\ 33 & -11 \end{bmatrix}$

$=\begin{bmatrix} 75+33 & -40-22 \\ -60-33 & 35+11 \end{bmatrix}$

$=\begin{bmatrix} 108 & -62 \\ -93 & 46 \end{bmatrix}$

$\therefore f(P)+6I_2=\begin{bmatrix} 108 & -62 \\ -93 & 46 \end{bmatrix}+6\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$

$=\begin{bmatrix} 108 & -62 \\ -93 & 46 \end{bmatrix}+\begin{bmatrix} 6 & 0 \\ 0 & 6 \end{bmatrix}$

$=\begin{bmatrix} 114 & -62 \\ -93 & 52 \end{bmatrix}$ (Ans.)

গ দেওয়া আছে, $A=\begin{bmatrix} a^2 & b^2 & c^2 \\ a^3 & b^3 & c^3 \\ a^4-2a & b^4-2b & c^4-2c \end{bmatrix}$

$\therefore \det(A)=\begin{vmatrix} a^2 & b^2 & c^2 \\ a^3 & b^3 & c^3 \\ a^4-2a & b^4-2b & c^4-2c \end{vmatrix}$

$=\begin{vmatrix} a^2 & b^2 & c^2 \\ a^3 & b^3 & c^3 \\ a^4 & b^4 & c^4 \end{vmatrix}-\begin{vmatrix} a^2 & b^2 & c^2 \\ a^3 & b^3 & c^3 \\ 2a & 2b & 2c \end{vmatrix}$

$=a^2b^2c^2\begin{vmatrix} 1 & 1 & 1 \\ a & b & c \\ a^2 & b^2 & c^2 \end{vmatrix}-2abc\begin{vmatrix} a & b & c \\ a^2 & b^2 & c^2 \\ 1 & 1 & 1 \end{vmatrix}$

$=a^2b^2c^2\begin{vmatrix} 1 & 1 & 1 \\ a & b & c \\ a^2 & b^2 & c^2 \end{vmatrix}-2abc\begin{vmatrix} 1 & 1 & 1 \\ a & b & c \\ a^2 & b^2 & c^2 \end{vmatrix}$

$=abc(abc-2)\begin{vmatrix} 0 & 0 & 1 \\ a-b & b-c & c \\ a^2-b^2 & b^2-c^2 & c^2 \end{vmatrix}$

$\begin{bmatrix} c_1'=c_1-c_2 \\ c_2'=c_2-c_3 \end{bmatrix}$

$=abc(abc-2)(a-b)(b-c)\begin{vmatrix} 1 & 1 \\ a+b & b+c \end{vmatrix}$

$=abc(abc-2)(a-b)(b-c)(b+c-a-b)$

$\therefore \det(A)=abc(abc-2)(a-b)(b-c)(c-a)$ (Proved)

**প্রশ্ন ▶ ১৮** $B=\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}$

$P=\begin{vmatrix} 2x-S & 2x & 2x \\ 2y & 2y-S & 2y \\ 2z & 2z & 2z-S \end{vmatrix}$

(ক) $2\begin{vmatrix} 1 & x \\ 2 & 3 \end{vmatrix}=x^2$ হলে, x-এর মান নির্ণয় কর। [সি. বো. ২২]

(খ) B নির্ণায়কের ২য় সারির উপাদানগুলোর সহগুণক যথাক্রমে $A_2$, $B_2$ এবং $C_2$ হলে, $a_3A_2+b_3B_2+c_3C_2$ এর মান নির্ণয় কর। [সি. বো. ২২]

(গ) $x+y+z=S$ হলে, দেখাও যে, $P=S^3$. [সি. বো. ২২]

সমাধান:

ক এখানে, $2\begin{vmatrix} 1 & x \\ 2 & 3 \end{vmatrix}=x^2$

$\Rightarrow 2(3-2x)=x^2$

$\Rightarrow 6-4x=x^2$

$\Rightarrow x^2+4x-6=0$

$\Rightarrow x=\frac{-4\pm\sqrt{4^2-4.1(-6)}}{2.1}$

$=\frac{-4\pm\sqrt{40}}{2}$

$=\frac{-4\pm2\sqrt{10}}{2}$

$=-2\pm\sqrt{10}$ (Ans.)

ADMISSION STUFFS

ADMISSION ··STUFFS··



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**ঘ** দেওয়া আছে, $B = \begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}$

এখানে, ২য় সারির উপাদানগুলোর সহগুণক যথাক্রমে $A_2$, $B_2$ এবং $C_2$

$\therefore a_2$ এর সহগুণক, $A_2 = -\begin{vmatrix} b_1 & c_1 \\ b_3 & c_3 \end{vmatrix} = -(b_1c_3 - b_3c_1)$

$b_2$ এর সহগুণক, $B_2 = \begin{vmatrix} a_1 & c_1 \\ a_3 & c_3 \end{vmatrix} = (a_1c_3 - a_3c_1)$

$c_2$ এর সহগুণক, $C_2 = -\begin{vmatrix} a_1 & b_1 \\ a_3 & b_3 \end{vmatrix} = -(a_1b_3 - a_3b_1)$

এখন,

$a_3A_2 + b_3B_2 + c_3C_2$

$= -a_3(b_1c_3 - b_3c_1) + b_3(a_1c_3 - a_3c_1) - c_3(a_1b_3 - a_3b_1)$

$= -a_3b_1c_3 + a_3b_3c_1 + a_1b_3c_3 - a_3b_3c_1 - a_1b_3c_3 + a_3b_1c_3$

$= 0$ **(Ans.)**

**গ** দেওয়া আছে, $P = \begin{vmatrix} 2x-S & 2x & 2x \\ 2y & 2y-S & 2y \\ 2z & 2z & 2z-S \end{vmatrix}$

$S = x + y + z$ হলে,

$P = \begin{vmatrix} x-y-z & 2x & 2x \\ 2y & y-z-x & 2y \\ 2z & 2z & z-x-y \end{vmatrix}$

$= \begin{vmatrix} x+y+z & x+y+z & x+y+z \\ 2y & y-z-x & 2y \\ 2z & 2z & z-x-y \end{vmatrix}$ $[r_1' = r_1 + r_2 + r_3]$

$= (x+y+z)\begin{vmatrix} 1 & 1 & 1 \\ 2y & y-z-x & 2y \\ 2z & 2z & z-x-y \end{vmatrix}$

$= (x+y+z)\begin{vmatrix} 0 & 0 & 1 \\ x+y+z & -x-y-z & 2y \\ 0 & x+y+z & z-x-y \end{vmatrix}$ $\begin{bmatrix} c_1' = c_1 - c_2 \\ c_2' = c_2 - c_3 \end{bmatrix}$

$= (x+y+z)\begin{vmatrix} x+y+z & -x-y-z \\ 0 & x+y+z \end{vmatrix}$

$= (x+y+z)\{(x+y+z)^2 - 0\}$

$= (x+y+z)^3 = S^3$ **(Showed)**

**প্রশ্ন ▶ ১৯** $P = \begin{bmatrix} 1+x^2-y^2 & 2xy & 2y \\ 2xy & 1-x^2+y^2 & -2x \\ -2y & 2x & 1-x^2-y^2 \end{bmatrix}$ এবং

$A = [a_{ij}]_{3\times3}$ ; যেখানে $a_{ij} = 2i - j$

(ক) বিস্তার না করে প্রমাণ কর যে, $\begin{vmatrix} 1 & a & a-2 \\ 2 & b & b-4 \\ 3 & c & c-6 \end{vmatrix} = 0.$ [ব. বো. ২২]

(খ) $\det(P) = 0$ হলে প্রমাণ কর যে, $x^2 + y^2 = -1$ [রা. বো. ২১]

(গ) $(A + I_3) . (A^T - I_3)$ নির্ণয় কর। [চা. বো. ২১]

সমাধান:

**ক** L.H.S. $= \begin{vmatrix} 1 & a & a-2 \\ 2 & b & b-4 \\ 3 & c & c-6 \end{vmatrix}$

$= \begin{vmatrix} 1 & a & a \\ 2 & b & b \\ 3 & c & c \end{vmatrix} - \begin{vmatrix} 1 & a & 2 \\ 2 & b & 4 \\ 3 & c & 6 \end{vmatrix}$

$= 0 - 2\begin{vmatrix} 1 & a & 1 \\ 2 & b & 2 \\ 3 & c & 3 \end{vmatrix}$

$= 0 - 2 \times 0 = 0 =$ R.H.S. **(Proved)**

**খ** $\det(P) = \begin{vmatrix} 1+x^2-y^2 & 2xy & 2y \\ 2xy & 1-x^2+y^2 & -2x \\ -2y & 2x & 1-x^2-y^2 \end{vmatrix}$

$= \begin{vmatrix} 1+x^2+y^2 & 2xy & 2y \\ 0 & 1-x^2+y^2 & -2x \\ -y-x^2y-y^3 & 2x & 1-x^2-y^2 \end{vmatrix}$

$[c_1' = c_1 + y\,c_3]$

$= (1+x^2+y^2)\begin{vmatrix} 1 & 2xy & 2y \\ 0 & 1-x^2+y^2 & -2x \\ -y & 2x & 1-x^2-y^2 \end{vmatrix}$

$= (1+x^2+y^2)\begin{vmatrix} 1 & 0 & 2y \\ 0 & 1+x^2+y^2 & -2x \\ -y & x+x^3+xy^2 & 1-x^2-y^2 \end{vmatrix}$

$[c_2' = c_2 - x\,c_3]$

$= (1+x^2+y^2)^2\begin{vmatrix} 1 & 0 & 2y \\ 0 & 1 & -2x \\ -y & x & 1-x^2-y^2 \end{vmatrix}$

$= (1+x^2+y^2)^2\{1(1-x^2-y^2+2x^2) - 0 + 2y(0+y)\}$

$= (1+x^2+y^2)^2(1+x^2-y^2+2y^2)$

$= (1+x^2+y^2)^2(1+x^2+y^2)$

$= (1+x^2+y^2)^3$

প্রশ্নমতে, $\det(P) = 0$ হলে,

$(1+x^2+y^2)^3 = 0$

$\Rightarrow 1+x^2+y^2 = 0$

$\therefore x^2 + y^2 = -1$ **(Proved)**

**গ** দেওয়া আছে, $A = [a_{ij}]_{3\times3}$ ; যেখানে $a_{ij} = 2i - j$

$\Rightarrow A = \begin{bmatrix} a_{11} & a_{12} & a_{13} \\ a_{21} & a_{22} & a_{23} \\ a_{31} & a_{32} & a_{33} \end{bmatrix}$

$a_{11} = 2-1 = 1$ ; $a_{12} = 2-2 = 0$ ; $a_{13} = 2-3 = -1$

$a_{21} = 4-1 = 3$ ; $a_{22} = 4-2 = 2$ ; $a_{23} = 4-3 = 1$

$a_{31} = 6-1 = 5$ ; $a_{32} = 6-2 = 4$, $a_{33} = 6-3 = 3$

$\therefore A = \begin{bmatrix} 1 & 0 & -1 \\ 3 & 2 & 1 \\ 5 & 4 & 3 \end{bmatrix}$

এখন, $(A + I_3) = \begin{bmatrix} 1 & 0 & -1 \\ 3 & 2 & 1 \\ 5 & 4 & 3 \end{bmatrix} + \begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} 2 & 0 & -1 \\ 3 & 3 & 1 \\ 5 & 4 & 4 \end{bmatrix}$

এবং $A^T = \begin{bmatrix} 1 & 0 & -1 \\ 3 & 2 & 1 \\ 5 & 4 & 3 \end{bmatrix}^T = \begin{bmatrix} 1 & 3 & 5 \\ 0 & 2 & 4 \\ -1 & 1 & 3 \end{bmatrix}$

$\therefore A^T - I_3 = \begin{bmatrix} 1 & 3 & 5 \\ 0 & 2 & 4 \\ -1 & 1 & 3 \end{bmatrix} - \begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} 0 & 3 & 5 \\ 0 & 1 & 4 \\ -1 & 1 & 2 \end{bmatrix}$



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



ডানপক্ষ $= (A + I_3)(A^T - I_3)$

$$= \begin{bmatrix} 2 & 0 & -1 \\ 3 & 3 & 1 \\ 5 & 4 & 4 \end{bmatrix} \begin{bmatrix} 0 & 3 & 5 \\ 0 & 1 & 4 \\ -1 & 1 & 2 \end{bmatrix}$$

$$= \begin{bmatrix} 0+0+1 & 6+0-1 & 10+0-2 \\ 0+0-1 & 9+3+1 & 15+12+2 \\ 0+0-4 & 15+4+4 & 25+16+8 \end{bmatrix}$$

$$= \begin{bmatrix} 1 & 5 & 8 \\ -1 & 13 & 29 \\ -4 & 23 & 49 \end{bmatrix} \text{ (Ans.)}$$

**প্রশ্ন ▶ ২৩** মূলকক-১: $A = \begin{bmatrix} 1+p^2-q^2 & 2pq & -2q \\ 2pq & 1-p^2+q^2 & 2p \\ 2q & -2p & 1-p^2-q^2 \end{bmatrix}$

মূলকক-২: $B = \begin{bmatrix} 1 & 0 & 2 \\ -2 & 2 & -2 \\ -2 & 1 & -6 \end{bmatrix}, C = \begin{bmatrix} 3 \\ -2 \\ -7 \end{bmatrix}, X = \begin{bmatrix} x \\ y \\ z \end{bmatrix}$

(ক) $\begin{bmatrix} 0 & 7 & 10 \\ -7 & 0 & 15 \\ -10 & -15 & 0 \end{bmatrix}$ ম্যাট্রিক্সটি বিপ্রতিসম কিনা যাচাই কর। [চ. বো. ২১]

(খ) দেখাও যে, $|A| = (1+p^2+q^2)^3$ [চ. বো. ২১; অনুরূপ প্রশ্ন: ব. বো. ২১]

(গ) $BX = C$ হলে x, y, z নির্ণয় কর। [চ. বো. ২১]

সমাধান:

ক একটি বর্গ ম্যাট্রিক্স P কে বিপ্রতিসম বলা হবে যদি $P^T = -P$ হয়।

যদি, $P = \begin{bmatrix} 0 & 7 & 10 \\ -7 & 0 & 15 \\ -10 & -15 & 0 \end{bmatrix}$

$$\therefore P^T = \begin{bmatrix} 0 & 7 & 10 \\ -7 & 0 & 15 \\ -10 & -15 & 0 \end{bmatrix}^T$$

$$= -\begin{bmatrix} 0 & 7 & 10 \\ -7 & 0 & 15 \\ -10 & -15 & 0 \end{bmatrix}$$

$$= -P$$

যেহেতু $P^T = -P$

$\therefore$ P বিপ্রতিসম ম্যাট্রিক্স।

খ এখানে, $A = \begin{bmatrix} 1+p^2-q^2 & 2pq & -2q \\ 2pq & 1-p^2+q^2 & 2p \\ 2q & -2p & 1-p^2-q^2 \end{bmatrix}$

$$\therefore |A| = \begin{vmatrix} 1+p^2-q^2 & 2pq & -2q \\ 2pq & 1-p^2+q^2 & 2p \\ 2q & -2p & 1-p^2-q^2 \end{vmatrix}$$

$$= \begin{vmatrix} 1+p^2+q^2 & 2pq & -2q \\ 0 & 1-p^2+q^2 & 2p \\ q(1+p^2+q^2) & -2p & 1-p^2-q^2 \end{vmatrix}$$

$[c_1' = c_1 - qc_3]$

$$= (1+p^2+q^2) \begin{vmatrix} 1 & 2pq & -2q \\ 0 & 1-p^2+q^2 & 2p \\ q & -2p & 1-p^2-q^2 \end{vmatrix}$$

$$= (1+p^2+q^2) \begin{vmatrix} 1 & -2pq+2pq & -2q \\ 0 & 1+p^2+q^2 & 2p \\ q & -p(1+p^2+q^2) & 1-p^2-q^2 \end{vmatrix}$$

$[c_2' = c_2 + pc_1]$

$$= (1+p^2+q^2)^2 \begin{vmatrix} 1 & 0 & -2q \\ 0 & 1 & 2p \\ q & -p & 1-p^2-q^2 \end{vmatrix}$$

$$= (1+p^2+q^2)^2 \{1(1-p^2-q^2-2p^2) - 2q(-q)\}$$

$$= (1+p^2+q^2)^2 \{1-p^2-q^2-2p^2+2q^2\}$$

$$= (1+p^2+q^2)^2 (1+p^2+q^2)$$

$$= (1+p^2+q^2)^3 \text{ (Showed)}$$

গ দেওয়া আছে, $B = \begin{bmatrix} 1 & 0 & 2 \\ -2 & 2 & -2 \\ -2 & 1 & -6 \end{bmatrix}, C = \begin{bmatrix} 3 \\ -2 \\ -7 \end{bmatrix}, X = \begin{bmatrix} x \\ y \\ z \end{bmatrix}$

এখন, $BX = C$ হলে, $\begin{bmatrix} 1 & 0 & 2 \\ -2 & 2 & -2 \\ -2 & 1 & -6 \end{bmatrix} \begin{bmatrix} x \\ y \\ z \end{bmatrix} = \begin{bmatrix} 3 \\ -2 \\ -7 \end{bmatrix}$

$$\Rightarrow \begin{bmatrix} x+0.y+2z \\ -2x+2y-2z \\ -2x+y-6z \end{bmatrix} = \begin{bmatrix} 3 \\ -2 \\ -7 \end{bmatrix}$$

$\therefore x + 0.y + 2z = 3$

$\therefore -2x + 2y - 2z = -2$

$\therefore -2x + y - 6z = -7$

$$\therefore D = \begin{vmatrix} 1 & 0 & 2 \\ -2 & 2 & -2 \\ -2 & 1 & -6 \end{vmatrix}$$

$$= 1(-12+2) + 0 + 2(-2+4)$$

$$= -6$$

$$\therefore D_x = \begin{vmatrix} 3 & 0 & 2 \\ -2 & 2 & -2 \\ -7 & 1 & -6 \end{vmatrix}$$

$$= 3(-12+2) - 0 + 2(-2+14)$$

$$= -6$$

$$\therefore D_y = \begin{vmatrix} 1 & 3 & 2 \\ -2 & -2 & -2 \\ -2 & -7 & -6 \end{vmatrix}$$

$$= 1(12-14) - 3(12-4) + 2(14-4)$$

$$= -6$$

$$\therefore D_z = \begin{vmatrix} 1 & 0 & 3 \\ -2 & 2 & -2 \\ -2 & 1 & -7 \end{vmatrix}$$

$$= 1(-14+2) - 0 + 3(-2+4)$$

$$= -6$$

$$\therefore x = \frac{D_x}{D} = \frac{-6}{-6} = 1;$$

$$y = \frac{D_y}{D} = \frac{-6}{-6} = 1$$

$$z = \frac{D_z}{D} = \frac{-6}{-6} = 1$$

$\therefore$ নির্ণেয় সমাধান: $(x, y, z) = (1, 1, 1)$ (Ans.)



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**প্রশ্ন ▶ ২১** $D=\begin{vmatrix} bc & ca & ab \\ a & b & c \\ a^2 & b^2 & c^2 \end{vmatrix}$ একটি তৃতীয় মাত্রার নির্ণায়ক এবং

$$R=\begin{bmatrix} a & b & a+b+2c \\ b & b+c+2a & c \\ c+a+2b & a & c \end{bmatrix}$$

(ক) $A=\begin{bmatrix} 1 & -2 & 2 \\ 3 & 4 & 5 \end{bmatrix}$ এবং $B=\begin{bmatrix} 3 & 0 & 2 \\ -7 & 1 & 8 \end{bmatrix}$ হলে, $2A + B$ নির্ণয় কর। [কু. বো. ২১]

(খ) প্রমাণ কর যে, $D = (a-b)(b-c)(c-a)(ab+bc+ca)$ [কু. বো. ২১]

(গ) প্রমাণ কর যে, $|R| = -2(a+b+c)^3$ [কু. বো. ২১]

**সমাধান:**

**ক** দেওয়া আছে, $A=\begin{bmatrix} 1 & -2 & 2 \\ 3 & 4 & 5 \end{bmatrix}$, $B=\begin{bmatrix} 3 & 0 & 2 \\ -7 & 1 & 8 \end{bmatrix}$

$$\therefore 2A+B=2\begin{bmatrix} 1 & -2 & 2 \\ 3 & 4 & 5 \end{bmatrix}+\begin{bmatrix} 3 & 0 & 2 \\ -7 & 1 & 8 \end{bmatrix}$$
$$=\begin{bmatrix} 2 & -4 & 4 \\ 6 & 8 & 10 \end{bmatrix}+\begin{bmatrix} 3 & 0 & 2 \\ -7 & 1 & 8 \end{bmatrix}$$
$$=\begin{bmatrix} 5 & -4 & 6 \\ -1 & 9 & 18 \end{bmatrix}$$ **(Ans.)**

**খ** $D=\begin{vmatrix} bc & ca & ab \\ a & b & c \\ a^2 & b^2 & c^2 \end{vmatrix}$

$$=\begin{vmatrix} bc-ca & ca-ab & ab \\ a-b & b-c & c \\ a^2-b^2 & b^2-c^2 & c^2 \end{vmatrix} \quad \begin{bmatrix} c_1'=c_1-c_2 \\ c_2'=c_2-c_3 \end{bmatrix}$$
$$=(a-b)(b-c)\begin{vmatrix} -c & -a & ab \\ 1 & 1 & c \\ a+b & b+c & c^2 \end{vmatrix}$$
$$=(a-b)(b-c)\begin{vmatrix} -c+a & -a & ab \\ 0 & 1 & c \\ a-c & b+c & c^2 \end{vmatrix} \quad [c_1'=c_1-c_2]$$
$$=(a-b)(b-c)(a-c)\begin{vmatrix} 1 & -a & ab \\ 0 & 1 & c \\ 1 & b+c & c^2 \end{vmatrix}$$
$$=(a-b)(b-c)(a-c)\begin{vmatrix} 1 & -a & ab \\ 0 & 1 & c \\ 0 & a+b+c & c^2-ab \end{vmatrix}$$
$$[r_3'=r_3-r_1]$$
$$=(a-b)(b-c)(a-c)\{c^2-ab-c(a+b+c)\}$$
$$=(a-b)(b-c)(a-c)(c^2-ab-ac-bc-c^2)$$
$$=(a-b)(b-c)(c-a)(ab+bc+ca)$$ **(Proved)**

**গ** দেওয়া আছে,

$$R=\begin{bmatrix} a & b & a+b+2c \\ b & b+c+2a & c \\ c+a+2b & a & c \end{bmatrix}$$
$$\therefore |R|=\begin{vmatrix} a & b & a+b+2c \\ b & b+c+2a & c \\ c+a+2b & a & c \end{vmatrix}$$
$$=\begin{vmatrix} 2a+2b+2c & b & a+b+2c \\ 2a+2b+2c & b+c+2a & c \\ 2a+2b+2c & a & c \end{vmatrix}$$
$$[c_1'=c_1+c_2+c_3]$$
$$=2(a+b+c)\begin{vmatrix} 1 & b & a+b+2c \\ 1 & b+c+2a & c \\ 1 & a & c \end{vmatrix}$$
$$=2(a+b+c)\begin{vmatrix} 0 & -c-2a & a+b+c \\ 0 & a+b+c & 0 \\ 1 & a & c \end{vmatrix}$$
$$\begin{bmatrix} r_1'=r_1-r_2 \\ r_2'=r_2-r_3 \end{bmatrix}$$
$$=2(a+b+c)\begin{vmatrix} -c-2a & a+b+c \\ a+b+c & 0 \end{vmatrix}$$
$$=2(a+b+c)\{0-(a+b+c)^2\}$$
$$=-2(a+b+c)^3$$ **(Proved)**

**প্রশ্ন ▶ ২২** $A=\begin{bmatrix} 4 & 1 \\ 3 & M \end{bmatrix}$, $B=\begin{bmatrix} p & q & r \\ p^2 & q^2 & r^2 \\ p^3-1 & q^3-1 & r^3-1 \end{bmatrix}$ এবং

$$\Delta=\begin{vmatrix} (s-x)^2 & x^2 & x^2 \\ y^2 & (s-y)^2 & y^2 \\ z^2 & z^2 & (s-z)^2 \end{vmatrix}$$

(ক) M এর মান কত হলে A ম্যাট্রিক্সের ট্রেস 5 হবে? [চ. বো. ২১]

(খ) দেখাও যে, $|B| = (pqr-1)(p-q)(q-r)(r-p)$ [চ. বো. ২১; অনুরূপ প্রশ্ন: সি. বো. ২৩; ব. বো. ২৩]

(গ) যদি $s = x+y+z$ হয়, তবে প্রমাণ কর যে, $\Delta = 2xyzs^3$ [চ. বো. ২১]

**সমাধান:**

**ক** আমরা জানি, ম্যাট্রিক্স এর মুখ্যকর্ণের যোগফলকে ট্রেস বলে।

$\therefore \begin{bmatrix} 4 & 1 \\ 3 & M \end{bmatrix}$ এর ট্রেস $= 4 + M$

প্রশ্নমতে, $4 + M = 5$

$\Rightarrow M = 5 - 4 = 1$

$\therefore M = 1$ **(Ans.)**

**খ** দেওয়া আছে, $B=\begin{bmatrix} p & q & r \\ p^2 & q^2 & r^2 \\ p^3-1 & q^3-1 & r^3-1 \end{bmatrix}$

$$\therefore |B|=\begin{vmatrix} p & q & r \\ p^2 & q^2 & r^2 \\ p^3-1 & q^3-1 & r^3-1 \end{vmatrix}$$
$$=\begin{vmatrix} p & q & r \\ p^2 & q^2 & r^2 \\ p^3 & q^3 & r^3 \end{vmatrix}-\begin{vmatrix} p & q & r \\ p^2 & q^2 & r^2 \\ 1 & 1 & 1 \end{vmatrix}$$
$$=pqr\begin{vmatrix} 1 & 1 & 1 \\ p & q & r \\ p^2 & q^2 & r^2 \end{vmatrix}-\begin{vmatrix} 1 & 1 & 1 \\ p & q & r \\ p^2 & q^2 & r^2 \end{vmatrix}$$
$$=(pqr-1)\begin{vmatrix} 1 & 1 & 1 \\ p & q & r \\ p^2 & q^2 & r^2 \end{vmatrix}$$
$$=(pqr-1)\begin{vmatrix} 0 & 0 & 1 \\ p-q & q-r & r \\ p^2-q^2 & q^2-r^2 & r^2 \end{vmatrix} \quad \begin{bmatrix} c_1'=c_1-c_2 \\ c_2'=c_2-c_3 \end{bmatrix}$$
$$=(pqr-1)\begin{vmatrix} p-q & q-r \\ p^2-q^2 & q^2-r^2 \end{vmatrix}$$
$$=(pqr-1)(p-q)(q-r)\begin{vmatrix} 1 & 1 \\ p+q & q+r \end{vmatrix}$$
$$=(pqr-1)(p-q)(q-r)(q+r-p-q)$$
$$=(pqr-1)(p-q)(q-r)(r-p)$$
$$\therefore |B|=(pqr-1)(p-q)(q-r)(r-p)$$ **(Proved)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**গ** দেওয়া আছে,

$$\Delta = \begin{vmatrix} (s-x)^2 & x^2 & x^2 \\ y^2 & (s-y)^2 & y^2 \\ z^2 & z^2 & (s-z)^2 \end{vmatrix}, s = x+y+z$$

$$= \begin{vmatrix} (y+z)^2 & x^2 & x^2 \\ y^2 & (x+z)^2 & y^2 \\ z^2 & z^2 & (x+y)^2 \end{vmatrix}$$

$$= \begin{vmatrix} (y+z)^2 & x^2-(y+z)^2 & x^2-(y+z)^2 \\ y^2 & (x+z)^2-y^2 & y^2-y^2 \\ z^2 & z^2-z^2 & (x+y)^2-z^2 \end{vmatrix} \begin{bmatrix} c_2' = c_2 - c_1 \\ c_3' = c_3 - c_1 \end{bmatrix}$$

$$= \begin{vmatrix} (y+z)^2 & (x+y+z)(x-y-z) & (x+y+z)(x-y-z) \\ y^2 & (x+y+z)(x+z-y) & 0 \\ z^2 & 0 & (x+y+z)(x+y-z) \end{vmatrix}$$

$$= (x+y+z)^2 \begin{vmatrix} (y+z)^2 & x-y-z & x-y-z \\ y^2 & z+x-y & 0 \\ z^2 & 0 & (x+y-z) \end{vmatrix}$$

$$= (x+y+z)^2 \begin{vmatrix} 2yz & -2z & -2y \\ y^2 & z+x-y & 0 \\ z^2 & 0 & x+y-z \end{vmatrix} [r_1' = r_1 - r_2 - r_3]$$

$$= 2(x+y+z)^2 \begin{vmatrix} yz & -z & -y \\ y^2 & z+x-y & 0 \\ z^2 & 0 & x+y-z \end{vmatrix}$$

$$= 2(x+y+z)^2 \begin{vmatrix} yz & 0 & 0 \\ y^2 & z+x & \frac{y^2}{z} \\ z^2 & \frac{z^2}{y} & x+y \end{vmatrix} \begin{bmatrix} c_2' = c_2 + \frac{1}{y}c_1 \\ c_3' = c_3 + \frac{1}{z}c_1 \end{bmatrix}$$

$$= 2(x+y+z)^2\, yz \begin{vmatrix} z+x & \frac{y^2}{z} \\ \frac{z^2}{y} & x+y \end{vmatrix}$$

$$= 2(x+y+z)^2\, yz\,(zx+x^2+yz+xy-yz)$$

$$= 2yz(x+y+z)^2.x(x+y+z)$$

$$= 2xyz(x+y+z)^3$$

$$= 2xyz.s^3$$ **(Proved)**

**প্রশ্ন ▶ ২৩** $x+y+z=3$

$x+ay+a^2z=l$

$x+a^2y+a^4z=m$

$$A = \begin{bmatrix} x+y+2z & x & y \\ z & y+z+2x & y \\ z & x & z+x+2y \end{bmatrix}$$

(ক) প্রমাণ কর: $\begin{vmatrix} x+y & 3(y+z) & z+x \\ 1 & 3 & 1 \\ z & 3x & y \end{vmatrix} = 0$ [ম. বো. ২১]

(খ) সমীকরণগুলোকে $AX = B$ আকারে প্রকাশ করে দেখাও যে,

$Det(A) = a(a-1)^2(a^2-1)$. [ম. বো. ২১]

(গ) A ম্যাট্রিক্সের নির্ণায়ক D হলে, প্রমাণ কর যে, $D = 2(x+y+z)^3$

**সমাধান:**

**ক** L.H.S. $= \begin{vmatrix} x+y & 3(y+z) & z+x \\ 1 & 3 & 1 \\ z & 3x & y \end{vmatrix}$

$$= \begin{vmatrix} x+y+z & 3(x+y+z) & x+y+z \\ 1 & 3 & 1 \\ z & 3x & y \end{vmatrix} [r_1' = r_1 + r_3]$$

$$= (x+y+z) \begin{vmatrix} 1 & 3 & 1 \\ 1 & 3 & 1 \\ z & 3x & y \end{vmatrix}$$

$= (x+y+z).0$ [$\because r_1 = r_2$]

$= 0 =$ R.H.S. **(Proved)**

**খ** প্রদত্ত সমীকরণগুলো: $x+y+z=3$

$x+ay+a^2z=l$

$x+a^2y+a^4z=m$

$$\Rightarrow \begin{pmatrix} 1 & 1 & 1 \\ 1 & a & a^2 \\ 1 & a^2 & a^4 \end{pmatrix} \begin{pmatrix} x \\ y \\ z \end{pmatrix} = \begin{pmatrix} 3 \\ l \\ m \end{pmatrix}$$ যা $AX = B$ আকারে

যেখানে, $A = \begin{pmatrix} 1 & 1 & 1 \\ 1 & a & a^2 \\ 1 & a^2 & a^4 \end{pmatrix}$, $X = \begin{pmatrix} x \\ y \\ z \end{pmatrix}$ এবং $B = \begin{pmatrix} 3 \\ l \\ m \end{pmatrix}$

$$\therefore \det(A) = \begin{vmatrix} 1 & 1 & 1 \\ 1 & a & a^2 \\ 1 & a^2 & a^4 \end{vmatrix}$$

$$= \begin{vmatrix} 0 & 0 & 1 \\ 1-a & a-a^2 & a^2 \\ 1-a^2 & a^2-a^4 & a^4 \end{vmatrix} \begin{bmatrix} c_1' = c_1 - c_2 \\ c_2' = c_2 - c_3 \end{bmatrix}$$

$$= \begin{vmatrix} 1-a & a(1-a) \\ 1-a^2 & a^2(1-a^2) \end{vmatrix}$$

$= (1-a)(1-a^2)(a^2-a)$

$= a(a-1)^2(a^2-1)$ **(Showed)**

**গ** দেওয়া আছে, $A = \begin{bmatrix} x+y+2z & x & y \\ z & y+z+2x & y \\ z & x & z+x+2y \end{bmatrix}$

$$\therefore D = |A| = \begin{bmatrix} 2(x+y+z) & x & y \\ 2(x+y+z) & y+z+2x & y \\ 2(x+y+z) & x & z+x+2y \end{bmatrix}$$

$[c_1' = c_1 + c_2 + c_3]$

$$= 2(x+y+z) \begin{bmatrix} 1 & x & y \\ 1 & y+z+2x & y \\ 1 & x & z+x+2y \end{bmatrix}$$

$$= 2(x+y+z) \begin{bmatrix} 1 & x & y \\ 0 & x+y+z & 0 \\ 0 & 0 & x+y+z \end{bmatrix}$$

$[r_2' = r_2 - r_1; r_3' = r_3 - r_1]$

$$= 2(x+y+z) \begin{vmatrix} x+y+z & 0 \\ 0 & x+y+z \end{vmatrix}$$

$= 2(x+y+z)^3$

$\therefore D = |A| = 2(x+y+z)^3$ **(Proved)**



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



## HSC পরীক্ষার্থীদের জন্য বাছাইকৃত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ম্যাট্রিক্সের পরিচয় ও প্রকারভেদ

১। যদি A একটি বর্গ ম্যাট্রিক্স এবং $A^2 = I$ হয়, তবে A কে বলে– [য. বো. ২২]

ক শূন্যঘাতি ম্যাট্রিক্স খ অভেদঘাতি ম্যাট্রিক্স
গ শূন্য ম্যাট্রিক্স ঘ বিপ্রতিসম ম্যাট্রিক্স

উত্তর: খ অভেদঘাতি ম্যাট্রিক্স

ব্যাখ্যা: $A^2 = I$ হলে অভেদঘাতি হয়।

২। কোনটি অভেদঘাতি ম্যাট্রিক্স? [ম. বো. ২৩]

ক $\begin{bmatrix}1\\4\\3\end{bmatrix}$ খ $\begin{bmatrix}-7 & 16\\-3 & 7\end{bmatrix}$
গ $[5\ \ 7\ \ 9]$ ঘ $[0\ 0\ 0]$

উত্তর: খ $\begin{bmatrix}-7 & 16\\-3 & 7\end{bmatrix}$

ব্যাখ্যা: কোনো বর্গ ম্যাট্রিক্স A এর জন্য $A^2 = I$ হলে তাকে অভেদঘাতি ম্যাট্রিক্স বলে। এখানে শুধুমাত্র অপশন খ তে বর্গ ম্যাট্রিক্স আছে। তাই এটিই সঠিক উত্তর।

অথবা, অপশন খ $\begin{bmatrix}-7 & 16\\-3 & 7\end{bmatrix}^2 = \begin{bmatrix}1 & 0\\0 & 1\end{bmatrix} = I_2$ [Using Calculator]

৩। $A^2 = A$ হলে A ম্যাট্রিক্সটি– [ম. বো. ২২]

ক সমঘাতি খ ব্যতিক্রমী
গ প্রতিসম ঘ অব্যতিক্রমী

উত্তর: ক সমঘাতি

ব্যাখ্যা: $A^2 = A$ হলে সমঘাতি হয়।

৪। নিচের কোনটি সমঘাতি ম্যাট্রিক্স? [কু. বো. ২২]

ক $\begin{bmatrix}-2 & -1\\-2 & -1\end{bmatrix}$ খ $\begin{bmatrix}2 & 1\\-2 & -1\end{bmatrix}$
গ $\begin{bmatrix}-2 & 1\\-2 & -1\end{bmatrix}$ ঘ $\begin{bmatrix}2 & 1\\-2 & 1\end{bmatrix}$

উত্তর: খ $\begin{bmatrix}2 & 1\\-2 & -1\end{bmatrix}$

ব্যাখ্যা: $A^2 = A$ হলে সমঘাতি হয়।
Calculator দিয়ে $A^2$ বের করে Option Test কর।

৫। কর্ণ ম্যাট্রিক্সের ক্ষেত্রে– [ঢা. বো. ১৯]

(i) $a_{ij} \neq 0, i = j$
(ii) $a_{ij} = 0, i > j$
(iii) $a_{ij} = 0, i < j$
নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উত্তর: ঘ i, ii ও iii

ব্যাখ্যা: কর্ণ ম্যাট্রিক্সের শর্ত: $a_{ij} = 0$, যখন $i \neq j$

**Extra Info:** একক/অভেদক ম্যাট্রিক্সের শর্ত: $a_{ij} = 1$, যখন $i = j$
এবং $a_{ij} = 0$, যখন $i \neq j$

৬। নিচের কোনটি প্রতিসম ম্যাট্রিক্স?

ক $\begin{bmatrix}-1 & 0 & 1\\2 & 3 & 0\\4 & 1 & 3\end{bmatrix}$ খ $\begin{bmatrix}2 & 0 & -1\\0 & 3 & 4\\-1 & 4 & 5\end{bmatrix}$
গ $\begin{bmatrix}0 & 1 & -4\\-1 & 0 & 3\\4 & -3 & 0\end{bmatrix}$ ঘ কোনোটিই নয়

উত্তর: খ $\begin{bmatrix}2 & 0 & -1\\0 & 3 & 4\\-1 & 4 & 5\end{bmatrix}$

ব্যাখ্যা: কোনো বর্গ ম্যাট্রিক্স A এর ক্ষেত্রে,
$A = A^T$ হলে প্রতিসম ম্যাট্রিক্স হবে।

৭। $\begin{bmatrix}4 & 0 & -2\\0 & 5 & m\\-2 & 4 & 5\end{bmatrix}$ ম্যাট্রিক্সটি প্রতিসম হলে m = কত? [কু. বো. ২৩]

ক $-2$ খ 0
গ 4 ঘ 5

উত্তর: গ 4

ব্যাখ্যা: প্রতিসম ম্যাট্রিক্সের সাধারণ ফরম্যাট $\begin{bmatrix}e & a & b\\a & f & c\\b & c & g\end{bmatrix}$

$\therefore$ প্রতিসম ম্যাট্রিক্স হলে, $a_{ij} = a_{ji}$
$\Rightarrow a_{23} = a_{32}$
$\therefore m = 4$

৮। যদি $\begin{bmatrix}0 & 5 & -3\\-5 & 0 & y\\x & 4 & 0\end{bmatrix}$ বিপ্রতিসম ম্যাট্রিক্স হলে (x, y) = ? [দি. বো. ২২]

ক $(-3, -4)$ খ $(-3, 4)$
গ $(3, -4)$ ঘ $(3, 4)$

উত্তর: গ $(3, -4)$

ব্যাখ্যা: $\begin{bmatrix}0 & a\\-a & 0\end{bmatrix}$ or, $\begin{bmatrix}0 & a & b\\-a & 0 & c\\-b & -c & 0\end{bmatrix}$

এটি বিপ্রতিসম Matrix এর সাধারণ ফরম্যাট। মুখ্য কর্ণের সকল ভুক্তি 0 এবং মুখ্য কর্ণ ব্যতীত তীর্যক ভুক্তিগুলি পরস্পর সমান কিন্তু বিপরীত চিহ্নবিশিষ্ট হবে।

$\therefore x = 3; y = -4$

৯। $\begin{bmatrix}a & 2 & d\\-2 & b & -3\\-7 & 3 & c\end{bmatrix}$ ম্যাট্রিক্সটি বিপ্রতিসম হলে, a + b + c + d এর মান কত?

ক 3 খ 2
গ 7 ঘ 5

উত্তর: গ 7

ব্যাখ্যা: বিপ্রতিসম ম্যাট্রিক্সের মুখ্য কর্ণের সবগুলো ভুক্তি শূন্য হয় এবং $a_{ij} = -a_{ji}$

$\therefore a = 0, b = 0, c = 0$ এবং এখানে $d = 7$

$\therefore a + b + c + d = 7$



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**১০। নিচের কোনটি বিপ্রতিসম ম্যাট্রিক্স?** [কু. বো. ২১]

ক $\begin{bmatrix} a & 0 \\ 0 & -a \end{bmatrix}$ খ $\begin{bmatrix} a & 0 \\ -a & 0 \end{bmatrix}$

গ $\begin{bmatrix} 0 & a \\ -a & 0 \end{bmatrix}$ ঘ $\begin{bmatrix} 0 & -a \\ 0 & a \end{bmatrix}$

**উত্তর:** গ $\begin{bmatrix} 0 & a \\ -a & 0 \end{bmatrix}$

**ব্যাখ্যা:** $\begin{bmatrix} 0 & a \\ -a & 0 \end{bmatrix}$ or, $\begin{bmatrix} 0 & a & b \\ -a & 0 & c \\ -b & -c & 0 \end{bmatrix}$ এটি বিপ্রতিসম Matrix এর সাধারণ ফরম্যাট। মুখ্য কর্ণের সকল ভুক্তি 0 এবং মুখ্য কর্ণ ব্যতীত তীর্যক ভুক্তিগুলি পরস্পর সমান কিন্তু বিপরীত চিহ্নবিশিষ্ট হবে।

**১১। A ও B দুইটি প্রতিসম ম্যাট্রিক্স হলে AB – BA একটি–**

ক প্রতিসম ম্যাট্রিক্স খ কর্ণ ম্যাট্রিক্স

গ বিপ্রতিসম ম্যাট্রিক্স ঘ শূন্য ম্যাট্রিক্স

**উত্তর:** গ বিপ্রতিসম ম্যাট্রিক্স

**ব্যাখ্যা:** $A = A^T$, $B = B^T$

$\therefore (AB - BA)^T = (AB)^T - (BA)^T$

$= B^TA^T - A^TB^T$

$= BA - AB$

$= -(AB - BA)$

$\therefore$ AB – BA একটি বিপ্রতিসম ম্যাট্রিক্স

**Note:** বিপ্রতিসম ম্যাট্রিক্সের শর্ত: $A^T = -A$

**১২। বক্র প্রতিসম ম্যাট্রিক্সের ক্ষেত্রে কোনটি সত্য?** [রা. বো. ২৩]

ক $a_{ij} = a_{ji}$ খ $a_{ij} = 0$

গ $a_{ij} = -a_{ji}$ ঘ $a_{ij} \neq a_{ji}$

**উত্তর:** গ $a_{ij} = -a_{ji}$

**ব্যাখ্যা:** বক্র প্রতিসম ম্যাট্রিক্স হলে, $a_{ij} = -a_{ji}$

**Note:** প্রতিসম ম্যাট্রিক্স হলে, $a_{ij} = a_{ji}$
বক্র প্রতিসম ম্যাট্রিক্স হলে, $a_{ij} = -a_{ji}$

**১৩।** $\begin{bmatrix} 1 & 2 & 3 \\ 0 & 4 & 5 \\ 0 & 0 & 6 \end{bmatrix}$ **এটি কোন ধরনের ম্যাট্রিক্স?** [ম. বো. ২৩]

ক স্কেলার খ নিম্ন ত্রিভুজাকার

গ উর্ধ্ব ত্রিভুজাকার ঘ কর্ণ

**উত্তর:** গ উর্ধ্ব ত্রিভুজাকার

**ব্যাখ্যা:** যে Matrix এর মুখ্য কর্ণের নিচের সবগুলো ভুক্তি 0, তাকে উর্ধ্ব ত্রিভুজাকার Matrix বলে।

**১৪।** $A = \begin{bmatrix} 1 & 3 & 1 \\ 4 & 4 & 4 \\ 3 & 1 & a \end{bmatrix}$ **ম্যাট্রিক্সটির ট্রেস (Trace) এর মান 8 হলে, a এর মান কোনটি?**

ক 5 খ 3

গ 2 ঘ 4

**উত্তর:** খ 3

**ব্যাখ্যা:** $1 + 4 + a = 8$

$\therefore a = 3$

**Note:** ট্রেস = মুখ্য কর্ণের ভুক্তিগুলোর যোগফল। ট্রেস শুধুমাত্র বর্গ ম্যাট্রিক্সের হয়।

**১৫।** $A = \begin{pmatrix} 2 & 3-2i \\ 1+2i & i-2 \end{pmatrix}$ **ম্যাট্রিক্সের অনুবন্ধী (conjugate) ম্যাট্রিক্স কোনটি?** [সি. বো. ২৩]

ক $\begin{pmatrix} 2 & 3+2i \\ 1-2i & i+2 \end{pmatrix}$ খ $\begin{pmatrix} 3-2i & 2 \\ i-2 & 1+2i \end{pmatrix}$

গ $\begin{pmatrix} 2 & 1+2i \\ 3-2i & i-2 \end{pmatrix}$ ঘ $\begin{pmatrix} 2 & 3+2i \\ 1-2i & -i-2 \end{pmatrix}$

**উত্তর:** ঘ $\begin{pmatrix} 2 & 3+2i \\ 1-2i & -i-2 \end{pmatrix}$

**ব্যাখ্যা:** জটিল ম্যাট্রিক্সের অনুবন্ধী ম্যাট্রিক্স মানে জটিল ভুক্তিগুলোর অনুবন্ধী নিয়ে যে ম্যাট্রিক্স হয় সেটা। অর্থাৎ জটিল ভুক্তিগুলোর কেবল i এর সহগের চিহ্ন পরিবর্তন হবে।

$\therefore$ A এর অনুবন্ধী $= \begin{pmatrix} 2 & 3+2i \\ 1-2i & -i-2 \end{pmatrix}$

**১৬। A ম্যাট্রিক্সটি প্রতিসম ম্যাট্রিক্স হবে যখন–** [কু. বো. ২১]

**(i) A বর্গ**
**(ii) $A^2 = A$**
**(iii) $A^T = A$**
**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

**উত্তর:** খ i ও iii

**ব্যাখ্যা:** (i) A বর্গ ম্যাট্রিক্স হতে হবে।
(ii) $A^2 = A$ হলে সমঘাতি হয়, প্রতিসম না।
(iii) $A = A^T$ হলে প্রতিসম ম্যাট্রিক্স হবে।

**১৭।** $\begin{bmatrix} 6 & 0 & -3 \\ 0 & 7 & 0 \\ -3 & 0 & 5 \end{bmatrix}$ **একটি–** [কু. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: কু. বো. ২২]

**(i) বর্গ ম্যাট্রিক্স**
**(ii) প্রতিসম ম্যাট্রিক্স**
**(iii) ব্যতিক্রমী ম্যাট্রিক্স**
**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

**উত্তর:** ক i ও ii

**ব্যাখ্যা:** (i) সারি = 3 ; কলাম = 3 → বর্গ Matrix
(ii) $A = A^T$ ; প্রতিসম Matrix
(iii) Det $= 7(30 - 9) = 147 \neq 0$ $\therefore$ অব্যতিক্রমী

**১৮।** $\begin{bmatrix} 2 & -1 & 3 \\ -1 & 4 & 5 \\ 3 & 5 & 1 \end{bmatrix}$ **ম্যাট্রিক্সটি–** [ম. বো. ২২]

**(i) বর্গ ম্যাট্রিক্স**
**(ii) প্রতিসম ম্যাট্রিক্স**
**(iii) অব্যতিক্রমী ম্যাট্রিক্স**
**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

**উত্তর:** ঘ i, ii ও iii

**ব্যাখ্যা:** (i) সারি সংখ্যা = কলাম সংখ্যা
(ii) $A = A^T$ ; প্রতিসম।
(iii) $|A| \neq 0$ ; অব্যতিক্রমী



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



১৯। $\begin{bmatrix}7 & 0 & 0\\0 & 1 & 0\\0 & 0 & -5\end{bmatrix}$ ম্যাট্রিক্সটি– [চ. বো. ২৩]

(i) কর্ণ ম্যাট্রিক্স
(ii) প্রতিসম ম্যাট্রিক্স
(iii) ত্রিভুজাকার ম্যাট্রিক্স
নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উত্তর: ঘ i, ii ও iii

ব্যাখ্যা: (i) মুখ্য কর্ণের ভুক্তি ছাড়া বাকি সবাই 0

(ii) $A = A^T$ ; যেখানে $A = \begin{bmatrix}7 & 0 & 0\\0 & 1 & 0\\0 & 0 & -5\end{bmatrix}$

(iii) ত্রিভুজাকার Matrix এর ক্ষেত্রে মুখ্য কর্ণের উপরে বা নিচের ভুক্তিগুলো 0 হয়।

২০। $\begin{bmatrix}6 & 0 & 0\\0 & 7 & 0\\0 & 0 & 8\end{bmatrix}$ একটি– [য. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: ঢা. বো. ২১, ১৭; কু. বো. ১৭; য. বো. ১৭]

(i) কর্ণ ম্যাট্রিক্স
(ii) বর্গ ম্যাট্রিক্স
(iii) স্কেলার ম্যাট্রিক্স
নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উত্তর: ক i ও ii

ব্যাখ্যা: (i) যে বর্গ ম্যাট্রিক্সের মুখ্য কর্ণ ব্যতীত বাকি সকল ভুক্তি শূন্য তাকে কর্ণ ম্যাট্রিক্স বলে।
(ii) সারি সংখ্যা ও কলাম সংখ্যা সমান হলে সেটি বর্গ ম্যাট্রিক্স।
(iii) যে কর্ণ ম্যাট্রিক্সের মুখ্য কর্ণের অশূন্য ভুক্তিগুলো সমান তাকে স্কেলার ম্যাট্রিক্স বলে।

২১। $\begin{bmatrix}-6 & 0 & 0\\0 & -6 & 0\\0 & 0 & -6\end{bmatrix}$ ম্যাট্রিক্সটি একটি– [য. বো. ২১; অনুরূপ প্রশ্ন: সকল বো. ১৮]

(i) বর্গ ম্যাট্রিক্স
(ii) অভেদক ম্যাট্রিক্স
(iii) স্কেলার ম্যাট্রিক্স
নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উত্তর: খ i ও iii

ব্যাখ্যা: (i) সারি সংখ্যা = কলাম সংখ্যা
(ii) মুখ্য কর্ণের সবগুলো উপাদান 1 এবং বাকি উপাদান 0 হলে তাকে অভেদক ম্যাট্রিক্স বলে।
(iii) স্কেলার; কারণ মুখ্য কর্ণের উপাদানগুলি সমান ও বাকি সব ভুক্তি 0।

২২। $A = \begin{bmatrix}3 & 0 & 0\\0 & 3 & 0\\0 & 0 & 3\end{bmatrix}$ ম্যাট্রিক্সটি হলো– [রা. বো. ২১]

(i) বর্গ ম্যাট্রিক্স
(ii) কর্ণ ম্যাট্রিক্স
(iii) সমঘাতি ম্যাট্রিক্স
নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উত্তর: ক i ও ii

ব্যাখ্যা: (i) কলাম সংখ্যা = সারি সংখ্যা
(ii) কারণ, মুখ্য কর্ণ বাদে বাকি সকল ভুক্তি 0
(iii) $A^2 \neq A$ ; সমঘাতি না।

## ম্যাট্রিক্সের যোগ, বিয়োগ

❖ নিচের উদ্দীপকের আলোকে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:

$A = \begin{bmatrix}1 & 2\\0 & -3\end{bmatrix}$, $B = \begin{bmatrix}-2 & 3\\-1 & 4\end{bmatrix}$

২৩। $A + B$ = কত? [ব. বো. ২১]

ক $\begin{bmatrix}-1 & 5\\1 & 1\end{bmatrix}$ খ $\begin{bmatrix}-1 & -1\\-5 & 1\end{bmatrix}$
গ $\begin{bmatrix}-1 & 5\\-1 & 1\end{bmatrix}$ ঘ $\begin{bmatrix}-1 & 5\\-1 & -1\end{bmatrix}$

উত্তর: গ $\begin{bmatrix}-1 & 5\\-1 & 1\end{bmatrix}$

ব্যাখ্যা: $A + B = \begin{bmatrix}1 & 2\\0 & -3\end{bmatrix} + \begin{bmatrix}-2 & 3\\-1 & 4\end{bmatrix} = \begin{bmatrix}-1 & 5\\-1 & 1\end{bmatrix}$

২৪। $A' - B'$ = কত? [ব. বো. ২১]

ক $\begin{bmatrix}3 & 1\\-1 & -7\end{bmatrix}$ খ $\begin{bmatrix}-3 & 1\\-1 & -7\end{bmatrix}$
গ $\begin{bmatrix}3 & -1\\-1 & -7\end{bmatrix}$ ঘ $\begin{bmatrix}3 & 1\\1 & -7\end{bmatrix}$

উত্তর: ক $\begin{bmatrix}3 & 1\\-1 & -7\end{bmatrix}$

ব্যাখ্যা: $A' - B' = \begin{bmatrix}1 & 0\\2 & -3\end{bmatrix} - \begin{bmatrix}-2 & -1\\3 & 4\end{bmatrix} = \begin{bmatrix}3 & 1\\-1 & -7\end{bmatrix}$

২৫। $A + B = \begin{bmatrix}2 & -3\\4 & -1\end{bmatrix}$ এবং $A - B = \begin{bmatrix}4 & 5\\-2 & 7\end{bmatrix}$ হলে নিম্নের কোনটি B ম্যাট্রিক্স? [য. বো. ১৯]

ক $\begin{bmatrix}-1 & -4\\3 & -4\end{bmatrix}$ খ $\begin{bmatrix}-1 & 1\\3 & 3\end{bmatrix}$
গ $\begin{bmatrix}6 & 2\\2 & 6\end{bmatrix}$ ঘ $\begin{bmatrix}3 & 1\\1 & 3\end{bmatrix}$

উত্তর: ক $\begin{bmatrix}-1 & -4\\3 & -4\end{bmatrix}$

ব্যাখ্যা: $A + B = \begin{bmatrix}2 & -3\\4 & -1\end{bmatrix}$ ..... (i)

$A - B = \begin{bmatrix}4 & 5\\-2 & 7\end{bmatrix}$ ..... (ii)

(i) – (ii) $\Rightarrow 2B = \begin{bmatrix}-2 & -8\\6 & -8\end{bmatrix} \therefore B = \begin{bmatrix}-1 & -4\\3 & -4\end{bmatrix}$

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**২৬।** $A=\begin{bmatrix}1 & 2 & 3\\4 & -1 & 2\\0 & 1 & -5\end{bmatrix}$ হলে $A+3I=?$ [দি. বো. ২৩]

ⓚ $\begin{bmatrix}-2 & 2 & 3\\4 & -4 & 2\\0 & 1 & -8\end{bmatrix}$ ⓛ $\begin{bmatrix}-2 & 2 & 3\\4 & 2 & 2\\0 & 1 & -2\end{bmatrix}$

ⓜ $\begin{bmatrix}4 & 2 & 3\\4 & 2 & 2\\0 & 1 & -2\end{bmatrix}$ ⓝ $\begin{bmatrix}-2 & 5 & 3\\4 & -1 & 5\\0 & 4 & -2\end{bmatrix}$

**উত্তর:** ⓜ $\begin{bmatrix}4 & 2 & 3\\4 & 2 & 2\\0 & 1 & -2\end{bmatrix}$

**ব্যাখ্যা:** $\begin{bmatrix}1 & 2 & 3\\4 & -1 & 2\\0 & 1 & -5\end{bmatrix}+\begin{bmatrix}3 & 0 & 0\\0 & 3 & 0\\0 & 0 & 3\end{bmatrix}=\begin{bmatrix}4 & 2 & 3\\4 & 2 & 2\\0 & 1 & -2\end{bmatrix}$

**২৭।** $A+B=\begin{bmatrix}2 & -3\\4 & -1\end{bmatrix}$ এবং $A-B=\begin{bmatrix}4 & 5\\-2 & 7\end{bmatrix}$ হলে, নিম্নের কোনটি B ম্যাট্রিক্স? [য. বো. ১৯]

ⓚ $\begin{bmatrix}-1 & -4\\3 & -4\end{bmatrix}$ ⓛ $\begin{bmatrix}-1 & 1\\3 & 3\end{bmatrix}$

ⓜ $\begin{bmatrix}6 & 2\\2 & 6\end{bmatrix}$ ⓝ $\begin{bmatrix}3 & 1\\1 & 3\end{bmatrix}$

**উত্তর:** ⓚ $\begin{bmatrix}-1 & -4\\3 & -4\end{bmatrix}$

**ব্যাখ্যা:** $A+B=\begin{bmatrix}2 & -3\\4 & -1\end{bmatrix}$ ..... (i)

$A-B=\begin{bmatrix}4 & 5\\-2 & 7\end{bmatrix}$ ..... (ii)

$(i)-(ii)\Rightarrow 2B=\begin{bmatrix}-2 & -8\\6 & -8\end{bmatrix}\therefore B=\begin{bmatrix}-1 & -4\\3 & -4\end{bmatrix}$

**২৮।** A ও B দুটি $3\times3$ ক্রমের ম্যাট্রিক্স হলে, $|A-B|=0$ এর সমার্থক– [ব. বো. ১৭]

ⓚ $A=0_{mat}$ বা $B=0_{mat}$ ⓛ $|A|=0$ বা $|B|=0$

ⓜ $|A|=0$ এবং $|B|=0$ ⓝ $A=0_{mat}$ এবং $B=0_{mat}$

**উত্তর:** ⓝ $A=0_{mat}$ এবং $B=0_{mat}$

**ব্যাখ্যা:** এটা এক প্রকার স্বতঃসিদ্ধ, তুমি চাইলে A ও B কে Option wise Matrix ধরে Option check করতে পারো।

এখানে, ⓚ এবং ⓛ নং অপশনের ক্ষেত্রে যেকোন একটি শূন্য ম্যাট্রিক্স বোঝায়।

ⓜ এবং ⓝ নং অপশনের ক্ষেত্রে উভয়ই শূন্য ম্যাট্রিক্স বোঝায়।

## ম্যাট্রিক্সের ক্রম ও গুণ

**২৯।** দুটি ম্যাট্রিক্স A ও B এর মাত্রা যথাক্রমে $p\times q$ এবং $n\times r$ হলে AB নির্ণয়ের শর্ত কোনটি? [কু. বো. ২২; অনুরূপ প্রশ্ন: য. বো. ২৩]

ⓚ $p=r$ ⓛ $p=n$

ⓜ $q=r$ ⓝ $q=n$

**উত্তর:** ⓝ $q=n$

**ব্যাখ্যা:** দুইটি ম্যাট্রিক্স গুণ করার শর্ত হলো:

১ম ম্যাট্রিক্সের কলাম সংখ্যা = ২য় ম্যাট্রিক্সের সারি সংখ্যা।

$\therefore q=n$ হলে গুণ করা যাবে।

**৩০।** $A=[a_{ij}]_{3\times2}$ এবং $B=[b_{ij}]_{2\times4}$ হলে, AB ম্যাট্রিক্সটির আকার– [চ. বো. ২১]

ⓚ $3\times2$ ⓛ $2\times4$

ⓜ $4\times3$ ⓝ $3\times4$

**উত্তর:** ⓝ $3\times4$

**ব্যাখ্যা:** গুণফল ম্যাট্রিক্সের মাত্রা = ১ম ম্যাট্রিক্সের সারি × ২য় ম্যাট্রিক্সের কলাম।

$A\rightarrow3\times2$

$B\rightarrow2\times4$ $\rightarrow$ AB এর ক্রম $3\times4$

**৩১।** A, B, C ম্যাট্রিক্সত্রয়ের মাত্রা যথাক্রমে $3\times4$, $4\times5$ ও $5\times2$ হলে, (AB)C এর মাত্রা– [ম. বো. ২২; অনুরূপ প্রশ্ন: ব. বো. ২৩; দি. বো. ২৩; রা. বো. ১৭]

ⓚ $4\times5$ ⓛ $3\times2$

ⓜ $2\times3$ ⓝ $3\times5$

**উত্তর:** ⓛ $3\times2$

**ব্যাখ্যা:** আমরা জানি, গুণফল Matrix এর মাত্রা = ১ম ম্যাট্রিক্স এর সারি সংখ্যা × ২য় Matrix এর কলাম সংখ্যা।

A এর মাত্রা $3\times4$

B এর মাত্রা $4\times5$

$\therefore$ AB এর মাত্রা $3\times5$

C এর মাত্রা $5\times2$

$\therefore$ (AB)C এর মাত্রা $3\times2$

**৩২।** $P=\begin{bmatrix}1 & 2 & 3 & 4\\2 & 3 & 4 & 5\end{bmatrix}$ এবং $Q=\begin{bmatrix}1\\2\\3\\4\end{bmatrix}$ হলে PQ এর ক্রম কত? [কু. বো. ১৯]

ⓚ $1\times2$ ⓛ $2\times1$

ⓜ $4\times1$ ⓝ $4\times4$

**উত্তর:** ⓛ $2\times1$

**ব্যাখ্যা:** গুণফল ম্যাট্রিক্সের মাত্রা = ১ম ম্যাট্রিক্সের সারি × ২য় ম্যাট্রিক্সের কলাম।

$P\rightarrow2\times4$

$Q\rightarrow4\times1$ $\rightarrow$ PQ এর ক্রম $2\times1$

**৩৩।** $A=\begin{bmatrix}1 & 2 & 3\\4 & 5 & 6\end{bmatrix}$, $B=\begin{bmatrix}7\\8\\9\end{bmatrix}$ হলে, AB এর ক্রম কত? [ব. বো. ২২; অনুরূপ প্রশ্ন: ঢা. বো. ২১]

ⓚ $2\times1$ ⓛ $1\times2$

ⓜ $3\times1$ ⓝ $2\times3$

**উত্তর:** ⓚ $2\times1$

**ব্যাখ্যা:** $A\rightarrow2\times3$, $B\rightarrow3\times1$ $\Rightarrow AB=2\times1$

**৩৪।** A, B এবং C ম্যাট্রিক্সগুলোর আকার যথাক্রমে $m\times n$, $n\times m$ এবং $m\times s$ হলে $(A^T+B)C$ ম্যাট্রিক্সের আকার হবে– [রা. বো. ২২; অনুরূপ প্রশ্ন: ব. বো. ২১]

ⓚ $m\times s$ ⓛ $s\times n$

ⓜ $n\times m$ ⓝ $n\times s$

**উত্তর:** ⓝ $n\times s$

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



ব্যাখ্যা: যোগফলের ক্ষেত্রে দুটি ম্যাট্রিক্সের আকার এবং যোগফল ম্যাট্রিক্সের আকার সবর্দা সমান হবে।

$\therefore A^T + B$ এর আকার $n \times m$

C এর আকার $m \times s$

$\therefore (A^T + B)C$ এর আকার $n \times s$

**৩৫। A, B এবং C ম্যাট্রিক্সগুলোর মাত্রা যথাক্রমে $4 \times 3$, $3 \times 4$ এবং $7 \times 4$ হলে $(B + A^T)$. $C^T$ ম্যাট্রিক্সের মাত্রা কত?** [ঢা. বো. ২২; অনুরূপ প্রশ্ন: য. বো, ২২; রা. বো. ২১; ব. বো. ১৯]

ক $3 \times 4$ খ $3 \times 7$

গ $4 \times 3$ ঘ $4 \times 7$

উত্তর: খ $3 \times 7$

ব্যাখ্যা: যোগফলের ক্ষেত্রে দুটি ম্যাট্রিক্সের আকার এবং যোগফল ম্যাট্রিক্সের আকার সবর্দা সমান হবে।

$\therefore B + A^T$ এর আকার $3 \times 4$

$C^T$ এর আকার $4 \times 7$

$\therefore (A^T + B)C$ এর আকার $3 \times 7$

**৩৬। $A = \begin{bmatrix} 0 & -1 \\ 1 & 0 \end{bmatrix}$ এবং $B = [a \quad b]$ হলে $BA$ = কত?** [ব. বো. ২৩]

ক $[-b \quad a]$ খ $\begin{bmatrix} -b \\ a \end{bmatrix}$

গ $[b \quad -a]$ ঘ $\begin{bmatrix} b \\ -a \end{bmatrix}$

(–) চিহ্ন নিয়ে পাই, $\tan\theta = -\frac{12}{5}$

$\Rightarrow \theta = \tan^{-1}\left(-\frac{12}{5}\right)$

$= 180° - \tan^{-1}\frac{12}{5}$

$= 180° - 67.38°$

$= 112.62°$

$\therefore$ রেখাদ্বয়ের মধ্যবর্তী কোণ 67.38° অথবা 112.62° **(Ans.)**

**প্রশ্ন ▶ ২১**




(ক) $P(3, \sqrt{3})$ এর পোলার স্থানাঙ্ক নির্ণয় কর। [ঢা. বো. ১৯]

(খ) $\angle AOE$ এর সমদ্বিখণ্ডক রেখার সমীকরণ নির্ণয় কর। [দি. বো. ২১]

(গ) $CD \perp AB$ এবং $AC : BC = 2 : 3$ হলে CD রেখার সমীকরণ নির্ণয় কর। [দি. বো. ২১]

সমাধান:

**ক** দেওয়া আছে, P বিন্দুর স্থানাঙ্ক $(3, \sqrt{3})$

ধরি, P বিন্দুর পোলার স্থানাঙ্ক $(r, \theta)$

$\therefore r = \sqrt{3^2 + (\sqrt{3})^2} = 2\sqrt{3}$

$\therefore \theta = \tan^{-1}\left(\frac{\sqrt{3}}{3}\right) = \tan^{-1}\left(\frac{1}{\sqrt{3}}\right) = \frac{\pi}{6}$

$\therefore$ P বিন্দুর পোলার স্থানাঙ্ক $(r, \theta) \equiv \left(2\sqrt{3}, \frac{\pi}{6}\right)$ **(Ans.)**

**খ** এখানে, OA রেখার সমীকরণ বা x অক্ষের সমীকরণ, $y = 0$ ..... (i)

OE রেখার সমীকরণ বা y অক্ষের সমীকরণ, $x = 0$ ..... (ii)




(i) নং ও (ii) নং এর মধ্যবর্তী কোণের সমদ্বিখণ্ডকদ্বয়ের সমীকরণ,

$\frac{y}{\sqrt{1^2}} = \pm \frac{x}{\sqrt{1^2}}$

$\Rightarrow y = \pm x$

চিত্রে, $\angle AOE$ এর সমদ্বিখণ্ডকের ঢাল ঋণাত্মক।

$\therefore \angle AOE$ এর সমদ্বিখণ্ডক: $y = -x$

$\Rightarrow x + y = 0$

$\therefore$ নির্ণেয় $\angle AOE$ এর সমদ্বিখণ্ডক রেখার সমীকরণ: $x + y = 0$

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**গ**




এখানে, AC : BC = 2 : 3

অর্থাৎ, C বিন্দুটি AB কে 2 : 3 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

$\therefore$ C বিন্দুর স্থানাঙ্ক $\equiv \left(\frac{2\times 0+3\times 10}{2+3}, \frac{2\times 5+3\times 0}{2+3}\right)$

$\equiv (6, 2)$

আবার, AB রেখার ঢাল $= \frac{0-5}{10-0} = \frac{-1}{2}$

$\therefore$ CD রেখার ঢাল $= 2$ [$\because$ CD $\perp$ AB]

এখন, C(6, 2) বিন্দুগামী এবং 2 ঢাল বিশিষ্ট CD রেখার সমীকরণ,

$y - 2 = 2(x - 6)$

$\Rightarrow y - 2 = 2x - 12$

$\therefore 2x - y - 10 = 0$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ২২** দৃশ্যকল্প-১:




দৃশ্যকল্প-২: একটি সরলরেখার সমীকরণ $2x - 3y + c = 0$ এর উপর দুটি বিন্দু P(4, 3) ও Q(– 8, – 5)। (সংশোধিত)

(ক) $(-1, \sqrt{3})$ এর পোলার স্থানাঙ্ক নির্ণয় কর। [ঢা. বো. ১৯]

(খ) দৃশ্যকল্পের আলোকে AB রেখা হতে 3 একক দূরবর্তী সমান্তরাল রেখার সমীকরণ নির্ণয় কর। [চ. বো. ১৭]

(গ) দৃশ্যকল্প-২ হতে, PQ রেখার লম্ব সমদ্বিখণ্ডক দ্বারা x অক্ষের ছেদাংশ নির্ণয় কর। [রা. বো. ১৯]

সমাধান:

**ক**




ধরি, $(-1, \sqrt{3}) \equiv (x, y)$

$\therefore x = -1, y = \sqrt{3}$

এবং প্রদত্ত বিন্দুর পোলার স্থানাঙ্ক $(r, \theta)$

আমরা জানি,

$r = \sqrt{x^2 + y^2} = \sqrt{(-1)^2 + (\sqrt{3})^2} = 2$

আবার,

$\theta = \pi - \tan^{-1}\left(\frac{\sqrt{3}}{1}\right)$ [$\because$ বিন্দুটি ২য় চতুর্ভাগে অবস্থিত]

$= \pi - \frac{\pi}{3} = \frac{3\pi - \pi}{3} = \frac{2\pi}{3}$

$\therefore$ নির্ণেয় পোলার স্থানাঙ্ক $(r, \theta) \equiv \left(2, \frac{2\pi}{3}\right)$ **(Ans.)**

**খ** দেওয়া আছে, A(4, 0) ও B (0, 3)

AB রেখার সমীকরণ, $\frac{x}{4} + \frac{y}{3} = 1$

$\Rightarrow \frac{3x + 4y}{12} = 1$

$\Rightarrow 3x + 4y - 12 = 0$ ..... (i)

(i) নং রেখার সমান্তরাল রেখার সমীকরণ: $3x + 4y + k = 0$ ..... (ii)

(i) ও (ii) নং রেখার মধ্যবর্তী দূরত্ব $= \frac{|k - (-12)|}{\sqrt{3^2 + 4^2}}$

$\Rightarrow 3 = \frac{|k + 12|}{5}$

$\Rightarrow \frac{k + 12}{5} = \pm 3$

$\Rightarrow k + 12 = \pm 15$

| (+) চিহ্ন নিয়ে, | (–) চিহ্ন নিয়ে, |
|---|---|
| $k + 12 = 15$ | $k + 12 = -15$ |
| $\Rightarrow k = 15 - 12$ | $\Rightarrow k = -15 - 12$ |
| $\therefore k = 3$ | $\therefore k = -27$ |

k এর মান (ii) নং এ বসিয়ে পাই

$3x + 4y + 3 = 0$ এবং $3x + 4y - 27 = 0$; যা নির্ণেয় সরলরেখার সমীকরণ। **(Ans.)**

**গ**




দেওয়া আছে, P(4, 3) এবং Q(– 8, – 5) দুটি বিন্দু।

$\therefore$ PQ রেখার ঢাল $= \frac{-5-3}{-8-4} = \frac{2}{3}$

$\therefore$ PQ রেখার লম্ব রেখার ঢাল $= \frac{-3}{2}$

PQ এর মধ্যবিন্দু $\equiv \left(\frac{4-8}{2}, \frac{3-5}{2}\right) = (-2, -1)$

এখানে, $(-2, -1)$ বিন্দুগামী $-\frac{3}{2}$ ঢাল বিশিষ্ট রেখার সমীকরণ:

$y + 1 = -\frac{3}{2}(x + 2)$

$\Rightarrow 2y + 2 = -3x - 6$

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



$\Rightarrow 3x + 2y = -8$

$\Rightarrow \frac{3x}{-8} + \frac{2y}{-8} = 1$

$\Rightarrow \frac{x}{\frac{-8}{3}} + \frac{y}{-4} = 1$

$\therefore$ PQ রেখার লম্ব সমদ্বিখণ্ডক দ্বারা x অক্ষের ছেদাংশ $= \left|\frac{-8}{3}\right|$ একক

$= \frac{8}{3}$ একক **(Ans.)**

**প্রশ্ন ▶ ২৩** দৃশ্যকল্প-১:




চিত্রে, G, $\Delta ABC$ এর ভরকেন্দ্র; D, BC এর মধ্যবিন্দু; $EB \perp BC$।

দৃশ্যকল্প-২: OPQR একটি সামান্তরিক




(ক) দৃশ্যকল্প-১ হতে $\Delta ABC$ এর ক্ষেত্রফল নির্ণয় কর। [য. বো. ১৭]

(খ) দৃশ্যকল্প-১ হতে দেখাও যে, G বিন্দুটি AD রেখাকে 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে। [য. বো. ১৭]

(গ) দৃশ্যকল্প-২ হতে AB সরলরেখার সমীকরণ নির্ণয় কর। [দি. বো. ১৯]

**সমাধান:**

**ক** দেওয়া আছে, A(3, 5), B(2, 1) ও C(6, 3)

$\Delta ABC$ এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 3 & 5 & 1 \\ 2 & 1 & 1 \\ 6 & 3 & 1 \end{vmatrix}$

$= \frac{1}{2}|\{3(1-3) - 5(2-6) + 1(6-6)\}|$

$= \frac{1}{2}(-6 + 20)$

$= 7$ বর্গ একক। **(Ans.)**

**খ**




এখানে, D বিন্দুটি BC বাহুর মধ্যবিন্দু।

$\therefore$ D বিন্দুর স্থানাঙ্ক $\equiv \left(\frac{2+6}{2}, \frac{1+3}{2}\right) \equiv (4, 2)$

আবার, G বিন্দু $\Delta ABC$ এর ভরকেন্দ্র।

$\therefore$ G বিন্দুর স্থানাঙ্ক $\equiv \left(\frac{3+2+6}{3}, \frac{5+1+3}{3}\right) \equiv \left(\frac{11}{3}, 3\right)$

ধরি, $G\left(\frac{11}{3}, 3\right)$ বিন্দুটি AD কে k : 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে।




$\therefore G \equiv \left(\frac{11}{3}, 3\right) \equiv \left(\frac{4k+3}{k+1}, \frac{2k+5}{k+1}\right)$

অর্থাৎ, $\frac{11}{3} = \frac{4k+3}{k+1}$

$\Rightarrow 11k + 11 = 12k + 9$

$\therefore k = 2$

$\therefore$ G বিন্দুটি AD রেখাকে 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে। **(Showed)**

**গ** দৃশ্যকল্প-২ হতে, AB রেখা মূলবিন্দুগামী

$\therefore$ AB সরলরেখার সমীকরণ: $y = mx$ ..... (i)

এবং OR সরলরেখার সমীকরণ: $y = -2x$ ..... (ii)

যার ঢাল $m_2 = -2$

চিত্র হতে, (i) ও (ii) নং সমীকরণ, পরস্পরের সাথে 45° কোণ উৎপন্ন করে।

তাহলে, $\tan 45° = \pm \frac{m - (-2)}{1 + m(-2)}$

$\Rightarrow 1 = \pm \frac{m+2}{1-2m}$

$\Rightarrow (1 - 2m) = \pm (m + 2)$

(+) চিহ্ন নিয়ে পাই, $1 - 2m = m + 2$

$\Rightarrow 3m = -1$

$\therefore m = -\frac{1}{3}$; যা গ্রহণযোগ্য নয়। কারণ, চিত্রে উল্লেখিত AB সরলরেখা x অক্ষের ধনাত্মক দিকের সাথে সূক্ষ্মকোণ উৎপন্ন করে। অর্থাৎ, AB রেখার ঢাল ধনাত্মক।

(–) চিহ্ন নিয়ে পাই,

$1 - 2m = -(m + 2)$

$\Rightarrow 1 - 2m = -m - 2$

$\Rightarrow -2m + m = -2 - 1$

$\Rightarrow -m = -3$

$\therefore m = 3$; ইহা গ্রহণযোগ্য।

$\therefore$ AB রেখার সমীকরণ, $y = 3x$ **(Ans.)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**প্রশ্ন ▶ ২৪** $3x + 2y - 6 = 0$ এবং $2x + 3y - 8 = 0$ দুইটি সরলরেখার সমীকরণ।

(ক) (1, 2) এবং (3, 6) বিন্দুদ্বয়ের সংযোজক রেখাকে যে বিন্দু 2 : 3 অনুপাতে অন্তর্বিভক্ত করে তার স্থানাঙ্ক নির্ণয় কর। [ব. বো. ১৭]

(খ) উদ্দীপকে বর্ণিত রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী এবং উভয় অক্ষের ধনাত্মক দিক থেকে সমান অংশ ছেদ করে, এইরূপ রেখার সমীকরণ নির্ণয় কর। [সকল বো. ১৮]

(গ) উদ্দীপকে বর্ণিত রেখাদ্বয়ের অন্তর্গত স্থূলকোণের সমদ্বিখণ্ডক রেখা x অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তা নির্ণয় কর। [সকল বো. ১৮]

**সমাধান:**

**ক**

ধরি, (1, 2) এবং (3, 6) বিন্দুদ্বয়ের সংযোজক রেখাকে P বিন্দু 2 : 3 অনুপাতে অন্তর্বিভক্ত করে তার স্থানাঙ্ক,

$$P(x, y) \equiv \left(\frac{2\times3+3\times1}{2+3}, \frac{2\times6+3\times2}{2+3}\right) \equiv \left(\frac{9}{5}, \frac{18}{5}\right) \textbf{ (Ans.)}$$

**খ** উভয় অক্ষের ধনাত্মক দিকে সমান অংশ ছেদকারী সরলরেখাটির সমীকরণ:

$$\frac{x}{a}+\frac{y}{a}=1$$

$\therefore$ নির্ণেয় সরলরেখার সমীকরণ,

$$\Rightarrow \frac{x+y}{a}=1$$

$\therefore x + y = a$ ..... (i)

দেওয়া আছে, $3x + 2y - 6 = 0$ ..... (ii)

এবং $2x + 3y - 8 = 0$ ..... (iii)

(ii) $\times 3$ – (iii) $\times 2$ করে,

$9x + 6y - 18 - 4x - 6y + 16 = 0$

$\Rightarrow 5x = 2$

$\therefore x = \frac{2}{5}$

x এর মান (ii) নং এ বসিয়ে পাই,

$$3\times\frac{2}{5}+2y-6=0$$

$$\therefore y=\frac{12}{5}$$

$\therefore$ (ii) ও (iii) নং রেখাদ্বয়ের ছেদবিন্দু, $(x, y) \equiv \left(\frac{2}{5}, \frac{12}{5}\right)$

(i) নং সরলরেখাটি $\left(\frac{2}{5}, \frac{12}{5}\right)$ বিন্দু দিয়ে যায়,

$$\Rightarrow \frac{2}{5}+\frac{12}{5}=a$$

$$\therefore a=\frac{14}{5}$$

(i) নং এ a এর মান বসিয়ে পাই,

$$x+y=\frac{14}{5}$$

$\therefore 5x + 5y = 14$ **(Ans.)**

**বিকল্প পদ্ধতি:**

উভয় অক্ষের ধনাত্মক দিকে সমান অংশ ছেদকারী সরলরেখাটির সমীকরণ:

$$\frac{x}{a}+\frac{y}{a}=1$$

$\therefore$ নির্ণেয় সরলরেখার সমীকরণ,

$$\Rightarrow \frac{x+y}{a}=1$$

$\therefore x + y = a$ ..... (i)

দেওয়া আছে, $3x + 2y - 6 = 0$ ..... (ii)

এবং $2x + 3y - 8 = 0$ ..... (iii)

(ii) ও (iii) নং রেখার ছেদবিন্দুগামী যেকোনো রেখার সমীকরণ,

$3x + 2y - 6 + k(2x + 3y - 8) = 0$

$\Rightarrow (3 + 2k)x + (2 + 3k)y + (-6 - 8k) = 0$ ..... (iv)

(i) নং রেখা ও (iv) নং রেখা একই হলে,

$$\frac{3+2k}{1}=\frac{2+3k}{1}=\frac{-6-8k}{-a}$$

$\therefore 3 + 2k = 2 + 3k$

$\Rightarrow k = 1$

(iv) নং এ $k = 1$ বসিয়ে পাই,

$(3 + 2)x + (2 + 3)y + (-6 - 8) = 0$

$\Rightarrow 5x + 5y - 14 = 0$ **(Ans.)**

**গ** দেওয়া আছে, $3x + 2y - 6 = 0$ ..... (i)

এবং $2x + 3y - 8 = 0$ ..... (ii)

এখানে, $a_1a_2 + b_1b_2 = 3 \times 2 + 2 \times 3 = 12 > 0$

(i) ও (ii) নং সরলরেখাদ্বয়ের মধ্যবর্তী স্থূলকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ:

$$\frac{3x+2y-6}{\sqrt{3^2+2^2}}=\frac{2x+3y-8}{\sqrt{2^2+3^2}}$$

$\Rightarrow 3x + 2y - 6 = 2x + 3y - 8$

$\therefore y = x + 2$, যার ঢাল = 1

$\therefore$ x অক্ষের ধনাত্মক দিকের সাথে উৎপন্ন কোণ, $\theta = \tan^{-1}(1)$

$= 45°$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ২৫** দৃশ্যকল্প-১: $3x - 4y + 12 = 0$

দৃশ্যকল্প-২: $8x + 15y - 12 = 0$

(ক) A(2, 1) ও B(5, 2) বিন্দু দুইটির মধ্যবর্তী দূরত্ব নির্ণয় কর।

(খ) দৃশ্যকল্প-২ নং সরলরেখার সমান্তরাল 2 একক দূরবর্তী সরলরেখার মূলবিন্দু হতে লম্ব দূরত্ব নির্ণয় কর। [ঢা. বো. ১৭]

(গ) দৃশ্যকল্প-১ এবং দৃশ্যকল্প-২ সমীকরণদ্বয়ের মধ্যবর্তী কোণের যে সমদ্বিখণ্ডক x অক্ষের সাথে সূক্ষ্মকোণ উৎপন্ন করে তার ঢাল নির্ণয় কর। [ঢা. বো. ১৭]

**সমাধান:**

**ক** এখানে, A(2, 1) ও B(5, 2) বিন্দু দুইটির মধ্যবর্তী দূরত্ব

$= \sqrt{(5-2)^2 + (2-1)^2}$ একক

$= \sqrt{3^2 + 1}$ একক

$= \sqrt{10}$ একক **(Ans.)**

ADMISSION STUFFS
Rhombus Publications
t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**খ** $8x + 15y - 12 = 0$ সরলরেখার সমান্তরাল যেকোনো রেখার সমীকরণ $8x + 15y + k = 0$ ..... (i)

প্রশ্নমতে, প্রদত্ত সরলরেখা এবং তার সমান্তরাল সরলরেখা (i) এর মধ্যবর্তী দূরত্ব 2 একক।

অর্থাৎ, $\left|\frac{k-(-12)}{\sqrt{8^2+15^2}}\right| = 2$

$\Rightarrow \frac{|k+12|}{17} = 2$

$\Rightarrow k + 12 = \pm 34$

| (+) চিহ্ন নিয়ে, | (–) চিহ্ন নিয়ে, |
|---|---|
| $k + 12 = 34$ | $k + 12 = -34$ |
| $\Rightarrow k = 34 - 12$ | $\Rightarrow k = -34 - 12$ |
| $\because k = 22$ | $\therefore k = -46$ |

$\therefore$ সমান্তরাল সরলরেখা দুইটির সমীকরণ:

$8x + 15y - 46 = 0$ .... (ii) ও $8x + 15y + 22 = 0$ ..... (iii)

এখন মূলবিন্দু হতে (ii) নং রেখার লম্ব দূরত্ব $= \frac{|8\times0 + 15\times0 - 46|}{\sqrt{8^2+15^2}}$

$= \frac{46}{17}$ একক

এবং মূলবিন্দু হতে (iii) নং রেখার লম্ব দূরত্ব $= \frac{|8\times0 + 15\times0 + 22|}{\sqrt{8^2+15^2}}$

$= \frac{22}{17}$ একক **(Ans.)**

**গ** দেওয়া আছে, সরলরেখাদ্বয়ের সমীকরণ: $3x - 4y + 12 = 0$ ও $8x + 15y - 12 = 0$ এদের মধ্যবর্তী কোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ,

$\frac{3x-4y+12}{\sqrt{3^2+4^2}} = \pm\frac{(8x+15y-12)}{\sqrt{8^2+15^2}}$

$\Rightarrow \frac{3x-4y+12}{5} = \pm\frac{8x+15y-12}{17}$

$\Rightarrow 51x - 68y + 204 = \pm(40x + 75y - 60)$

(+) চিহ্ন নিয়ে:

$51x - 68y + 204 = 40x + 75y + 60$

$\Rightarrow 11x - 143y + 264 = 0$

$\Rightarrow 143y = 11x + 264$

$\Rightarrow y = \frac{1}{13}x + \frac{24}{13}$; যার ঢাল $= \frac{1}{13}$; অর্থাৎ, x অক্ষের সাথে সূক্ষ্মকোণ উৎপন্ন করে।

(–) চিহ্ন নিয়ে:

$51x - 68y + 204 = -(40x + 75y - 60)$

$\Rightarrow 51x - 68y + 204 = -40x - 75y + 60$

$\Rightarrow 91x + 7y + 144 = 0$

$\Rightarrow y = -\frac{91}{7}x - \frac{144}{7}$

$\therefore y = -13x - \frac{144}{7}$; যার ঢাল $= -13$; অর্থাৎ, x অক্ষের সাথে স্থূলকোণ উৎপন্ন করে।

$\therefore$ নির্ণেয় ঢাল $= \frac{1}{13}$। **(Ans.)**

**প্রশ্ন ▶ ২৬** $5x - 4y - 1 = 0$ ও $-8x + 7y + 1 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দু স্টেশনমাস্টারের কক্ষে অবস্থিত। $4x + 3y - 5 = 0$ রেখা বরাবর রেলপথের একটি লাইন অবস্থিত।

(ক) $(-1, 2)$ এবং $(3, -5)$ বিন্দুগামী সরলরেখার সমীকরণ নির্ণয় কর। [কু. বো. ১৭]

(খ) স্টেশনমাস্টারের কক্ষ বিন্দু হতে রেললাইনের উপর অঙ্কিত লম্বের সমীকরণ নির্ণয় কর। [কু. বো. ১৭]

(গ) রেললাইনের সাথে $3x - 4y + 6 = 0$ রেখা দ্বারা উৎপন্ন সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ নির্ণয় কর। [কু. বো. ১৭]

সমাধান:

**ক** $(-1, 2)$ এবং $(3, -5)$ বিন্দুগামী সরল রেখার সমীকরণ:

$\frac{x-(-1)}{-1-3} = \frac{y-2}{2-(-5)}$

$\Rightarrow \frac{x+1}{-4} = \frac{y-2}{7}$

$\Rightarrow 7x + 7 = -4y + 8$

$\therefore 7x + 4y = 1$ **(Ans.)**

**খ** এখানে প্রদত্ত রেখাদ্বয়, $5x - 4y - 1 = 0$ ..... (i)

এবং $-8x + 7y + 1 = 0$ ..... (ii)

(i) $\times 7$ + (ii) $\times 4$ করে পাই,

$3x = 3$

$\therefore x = 1$

$\therefore x = 1$, (i) নং এ বসিয়ে পাই, $5 \times 1 - 4y - 1 = 0$ $\therefore y = 1$

$\therefore$ স্টেশন মাস্টারের কক্ষবিন্দু $(x,y) \equiv (1, 1)$

আবার,

রেল লাইনের সমীকরণ, $4x + 3y - 5 = 0$ ..... (iii)

(iii) এর উপর লম্ব এবং (1, 1) গামী রেখার সমীকরণ:

$3x - 4y = 3 \times 1 - 4 \times 1$

$\therefore 3x - 4y + 1 = 0$ **(Ans.)**

**গ** দেওয়া আছে, রেললাইনের সমীকরণ: $4x + 3y - 5 = 0$ ..... (i)

প্রদত্ত রেখার সমীকরণ: $3x - 4y + 6 = 0$ ..... (ii)

এখানে, $a_1a_2 + b_1b_2 = 4 \times 3 + 3(-4) = 12 - 12 = 0$

$\therefore$ (i) ও (ii) নং সরলরেখা পরস্পর লম্ব।

সুতরাং, রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত প্রতিটি কোণই এক সমকোণ এবং রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোনো সূক্ষ্মকোণ নেই।

(i) ও (ii) নং সরলরেখার মধ্যবর্তী কোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ,

$\frac{4x+3y-5}{\sqrt{4^2+3^2}} = \pm\frac{3x-4y+6}{\sqrt{4^2+3^2}}$

$\Rightarrow 4x + 3y - 5 = \pm(3x - 4y + 6)$

(+) চিহ্ন নিয়ে পাই,

$4x + 3y - 5 = 3x - 4y + 6$

$\Rightarrow x + 7y - 11 = 0$

(–) চিহ্ন নিয়ে পাই,

$4x + 3y - 5 = -3x + 4y - 6$

$\Rightarrow 7x - y + 1 = 0$

$\therefore$ নির্ণেয় সমদ্বিখণ্ডকের সমীকরণ,

$x + 7y - 11 = 0$ এবং $7x - y + 1 = 0$ **(Ans.)**

ADMISSION STUFFS

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**প্রশ্ন ▶ ২৭** দৃশ্যকল্প-১: তিনটি বিন্দুর স্থানাঙ্ক A(a, – 1), B(0, – 2) এবং C(– 2, – 4)

দৃশ্যকল্প-২:




(ক) একটি ত্রিভুজের শীর্ষবিন্দুর স্থানাঙ্ক $(at_1^2, 2at_1)$, $(at_2^2, 2at_2)$ এবং $(at_3^2, 2at_3)$। যদি এর ভরকেন্দ্র y অক্ষের উপর অবস্থিত হয়, তাহলে দেখাও যে, $t_1^2 + t_2^2 + t_3^2 = 0$.

(খ) দৃশ্যকল্প-১ হতে, AB এর মধ্যবিন্দুর ভূজ $\frac{\sqrt{5}}{2}$ হলে, C বিন্দুগামী AB এর উপর লম্ব রেখার সমীকরণ নির্ণয় কর। [সি. বো. ১৭]

(গ) দৃশ্যকল্প-২ হতে, LM রেখার সমীকরণ $3x - 3y + 5 = 0$ এর সঠিকতা গাণিতিকভাবে যাচাই কর।

সমাধান:

**ক** দেওয়া আছে,

ত্রিভুজের শীর্ষবিন্দুত্রয় যথাক্রমে $(at_1^2, 2at_1)$, $(at_2^2, 2at_2)$ এবং $(at_3^2, 2at_3)$

∴ ত্রিভুজটির ভরকেন্দ্রের স্থানাঙ্ক

$\equiv \left(\frac{at_1^2 + at_2^2 + at_3^2}{3}, \frac{2at_1 + 2at_2 + 2at_3}{3}\right)$; যা y অক্ষের উপর অবস্থিত।

অর্থাৎ, $\frac{at_1^2 + at_2^2 + at_3^2}{3} = 0$

$\Rightarrow at_1^2 + at_2^2 + at_3^2 = 0$

∴ $t_1^2 + t_2^2 + t_3^2 = 0$ **(Showed)**

**খ** দেওয়া আছে,

A(a, – 1), B(0, – 2) ও C(– 2, – 4)

AB এর মধ্যবিন্দুর স্থানাঙ্ক $\left(\frac{a+0}{2}, \frac{-1-2}{2}\right) \equiv \left(\frac{a}{2}, -\frac{3}{2}\right)$

প্রশ্নমতে, $\frac{a}{2} = \frac{\sqrt{5}}{2}$

∴ $a = \sqrt{5}$

∴ A বিন্দুর স্থানাঙ্ক $(\sqrt{5}, -1)$

∴ AB রেখার ঢাল, $m_{AB} = \frac{-1-(-2)}{\sqrt{5}-0} = \frac{1}{\sqrt{5}}$

∴ AB রেখার উপর লম্ব রেখার ঢাল $= -\sqrt{5}$

∴ $-\sqrt{5}$ ঢাল বিশিষ্ট C(– 2, – 4) বিন্দুগামী রেখার সমীকরণ:

$y + 4 = -\sqrt{5}(x + 2)$

∴ $y + \sqrt{5}x + 4 + 2\sqrt{5} = 0$ **(Ans.)**

**গ** দেওয়া আছে, LM রেখার সমান্তরাল a দূরত্বে অবস্থিত রেখার সমীকরণ: $x - y + 1 = 0$

∴ LM রেখার সমীকরণ, $x - y + k = 0$ ..... (i)

প্রশ্নমতে, $\left|\frac{k-1}{\sqrt{1^2 + (-1)^2}}\right| = a$

$\Rightarrow \frac{k-1}{\sqrt{2}} = \pm a$

∴ $k = \pm\sqrt{2}a + 1$ ..... (ii)

আবার,

চিত্র হতে, (– 1, 2) বিন্দু হতে (i) নং রেখার লম্ব দূরত্ব – 2a একক

∴ $\left|\frac{-1-2+k}{\sqrt{1^2 + (-1)^2}}\right| = -2a$

$\Rightarrow \frac{k-3}{\sqrt{2}} = \mp 2a$

$\Rightarrow k = \mp 2\sqrt{2}a + 3$

$\Rightarrow \pm\sqrt{2}a + 1 = \mp 2\sqrt{2}a + 3$ [(ii) হতে]

$\Rightarrow \pm\sqrt{2}a \pm 2\sqrt{2}a = 2$

$\Rightarrow \pm\sqrt{2}a(1 + 2) = 2$

$\Rightarrow \pm\sqrt{2}a = \frac{2}{3}$

∴ (ii) হতে, $k = \frac{2}{3} + 1 = \frac{5}{3}$

k এর মান (i) নং সমীকরণ বসিয়ে পাই,

$x - y + \frac{5}{3} = 0$

$\Rightarrow 3x - 3y + 5 = 0$

∴ LM রেখার সমীকরণ: $3x - 3y + 5 = 0$ **(যাচাইকৃত)**

**প্রশ্ন ▶ ২৮**




(ক) (3, 5) ও (6, 7) বিন্দুদ্বয়ের সংযোজক রেখার লম্বদ্বিখন্ডকের ঢাল নির্ণয় কর। [চ. বো. ১৭]

(খ) প্রমাণ কর যে, DEF ত্রিভুজের ক্ষেত্রফল $\frac{1}{2m}(b - ma)^2$ বর্গ একক।

(গ) a = b = 2 হলে ABCD চতুর্ভুজের কর্ণদ্বয়ের সমীকরণ নির্ণয় করে দেখাও যে, কর্ণদ্বয় পরস্পর লম্ব।

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**সমাধান:**

**ক** (3,5) ও (6,7) বিন্দুদ্বয়ের সংযোজক রেখার ঢাল $= m_1 = \frac{7-5}{6-3} = \frac{2}{3}$

$\therefore$ লম্ব দ্বিখন্ডকের ঢাল, $m_2 = -\frac{1}{m_1} = -\frac{3}{2}$ **(Ans.)**

**খ** উদ্দীপকের চিত্র হতে,

AD রেখার সমীকরণ: $x = a$ ..... (i)

CD রেখার সমীকরণ: $y = b$ ..... (ii)

EF রেখার সমীকরণ: $y = mx$ ..... (iii)

(i) ও (ii) নং রেখার ছেদবিন্দুর স্থানাঙ্ক, $D \equiv (a, b)$

(i) ও (iii) নং রেখার ছেদবিন্দুর স্থানাঙ্ক, $E \equiv (a, ma)$

(ii) ও (iii) নং রেখার ছেদবিন্দুর স্থানাঙ্ক, $F \equiv \left(\frac{b}{m}, b\right)$

$\therefore$ DEF ত্রিভুজের ক্ষেত্রফল

$$= \frac{1}{2}\begin{vmatrix} a & b & 1 \\ a & ma & 1 \\ \frac{b}{m} & b & 1 \end{vmatrix}$$ বর্গ একক

$$= \frac{1}{2}\begin{vmatrix} 0 & b-ma & 0 \\ a-\frac{b}{m} & ma-b & 0 \\ \frac{b}{m} & b & 1 \end{vmatrix}$$ বর্গ একক $\begin{bmatrix} r_1' = r_1 - r_2 \\ r_2' = r_2 - r_3 \end{bmatrix}$

$$= \frac{1}{2}\left\{0 - (b-ma)\left(a-\frac{b}{m}\right)\right\}$$ বর্গ একক

$$= \frac{1}{2}(b-ma)\left(\frac{b-ma}{m}\right)$$ বর্গ একক

$$= \frac{1}{2m}(b-ma)^2$$ বর্গ একক **(Proved)**

**গ** দেওয়া আছে, $a = b = 2$

উদ্দীপকের চিত্র হতে,

AB রেখার সমীকরণ: $y = -4$ ..... (i)

BC রেখার সমীকরণ: $x = 8$ ..... (ii)

CD রেখার সমীকরণ: $y = b = 2$ ..... (iii)

এবং AD রেখার সমীকরণ: $x = a = 2$ .... (iv)

(i) ও (iv) নং রেখাদ্বয়ের ছেদবিন্দুর স্থানাঙ্ক, $A \equiv (2, -4)$

(i) ও (ii) নং রেখাদ্বয়ের ছেদবিন্দুর স্থানাঙ্ক, $B \equiv (8, -4)$

(ii) ও (iii) নং রেখাদ্বয়ের ছেদবিন্দুর স্থানাঙ্ক, $C \equiv (8, 2)$

(iii) ও (iv) নং রেখাদ্বয়ের ছেদবিন্দুর স্থানাঙ্ক, $D \equiv (2, 2)$

$\therefore$ A(2, – 4) ও C(8, 2) বিন্দুগামী সরলরেখার সমীকরণ:

$$\frac{x-2}{2-8} = \frac{y+4}{-4-2}$$

$\Rightarrow -6x + 12 = -6y - 24$

$\Rightarrow 6x - 6y - 24 - 12 = 0$

$\therefore x - y - 6 = 0$; যা AC কর্ণের সমীকরণ।

$\therefore$ B(8, – 4) ও D(2, 2) বিন্দুগামী সরলরেখার সমীকরণ:

$$\frac{x-8}{8-2} = \frac{y+4}{-4-2}$$

$\Rightarrow -6x + 48 = 6y + 24$

$\Rightarrow 6x + 6y + 24 - 48 = 0$

$\therefore x + y - 4 = 0$; যা BD কর্ণের সমীকরণ।

$\therefore$ ABCD চতুর্ভুজের কর্ণদ্বয়: $x - y - 6 = 0$ এবং $x + y - 4 = 0$ **(Ans.)**

আবার,

AC কর্ণের ঢাল, $m_{AC} = -\frac{x \text{ এর সহগ}}{y \text{ এর সহগ}} = -\frac{1}{-1} = 1$

BD কর্ণের ঢাল, $m_{BD} = -\frac{x \text{ এর সহগ}}{y \text{ এর সহগ}} = -\frac{1}{1} = -1$

$\therefore m_{AC} \times m_{BD} = -1$

$\therefore$ কর্ণদ্বয় পরস্পর লম্ব। **(Showed)**

**প্রশ্ন ▶ ২৯** দৃশ্যকল্প-১: A(1, 1), B(3, 4) এবং C(5, – 2) বিন্দু তিনটি $\Delta ABC$ এর শীর্ষবিন্দু।

দৃশ্যকল্প-২: $12x - 5y + 1 = 0$ এবং $5x + 12y - 16 = 0$ দুইটি সরলরেখার সমীকরণ।

(ক) $r^2 = a^2\cos 2\theta$ পোলার সমীকরণকে কার্তেসীয় সমীকরণে প্রকাশ কর।

(খ) দেখাও যে, AD মধ্যমা G বিন্দুতে 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্ত হয়।

(গ) দেখাও যে, (0, 1) বিন্দুটি প্রদত্ত রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণের সমদ্বিখণ্ডকের উপর অবস্থিত।

**সমাধান:**

**ক** $r^2 = a^2\cos 2\theta$

$\Rightarrow r^2 = a^2(\cos^2\theta - \sin^2\theta)$

$\Rightarrow r^4 = a^2(r^2\cos^2\theta - r^2\sin^2\theta)$

$\Rightarrow (x^2 + y^2)^2 = a^2(x^2 - y^2)$ **(Ans.)**

**খ** এখানে, ABC ত্রিভুজের শীর্ষত্রয়, A(1, 1), B(3, 4) এবং C(5, – 2)

$\Delta ABC$ এর AD মধ্যমা হলে D, BC এর মধ্যবিন্দু হবে।

$\therefore$ D বিন্দুর স্থানাঙ্ক $\equiv \left(\frac{3+5}{2}, \frac{4-2}{2}\right) \equiv (4, 1)$




মনে করি, G বিন্দু AD কে k : 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

$\therefore$ G বিন্দু $\equiv \left(\frac{4k+1}{k+1}, \frac{k+1}{k+1}\right)$

$\Rightarrow \left(\frac{1+3+5}{3}, \frac{1+4-2}{3}\right) = \left(\frac{4k+1}{k+1}, 1\right)$

$\Rightarrow (3, 1) \equiv \left(\frac{4k+1}{k+1}, 1\right)$

$\therefore \frac{4k+1}{k+1} = 3$

$\Rightarrow 4k + 1 = 3k + 3$

$\therefore k = 2$

$\therefore$ AD মধ্যমা G বিন্দুতে 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্ত হয়। **(Showed)**

ADMISSION STUFFS
Rhombus Publications
t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**গ** প্রদত্ত রেখাদ্বয়, $12x - 5y + 1 = 0$ এবং $5x + 12y - 16 = 0$

রেখাদ্বয়ের মধ্যবর্তী কোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ,

$$\frac{12x - 5y + 1}{\sqrt{12^2 + (-5)^2}} = \pm \frac{5x + 12y - 16}{\sqrt{5^2 + 12^2}}$$

$\Rightarrow 12x - 5y + 1 = \pm (5x + 12y - 16)$

(+) চিহ্ন নিয়ে, $12x - 5y + 1 = 5x + 12y - 16$

$\Rightarrow 7x - 17y + 17 = 0$ ..... (i)

(–) চিহ্ন নিয়ে, $12x - 5y + 1 = -(5x + 12y - 16)$

$\Rightarrow 17x + 7y - 15 = 0$ ..... (ii)

(0, 1) বিন্দু (i) নং এ বসিয়ে পাই,

L.H.S $= 7 \times 0 - 17 \times 1 + 17 = 0 =$ R.H.S

(0, 1) বিন্দু (ii) নং এ বসিয়ে পাই,

L.H.S $= 17 \times 0 + 7 \times 1 - 15 = 7 - 15 = -8 \neq$ R.H.S

$\therefore$ (0, 1) বিন্দুটি প্রদত্ত রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণদ্বয়ের একটি সমদ্বিখণ্ডক $7x - 17y + 17 = 0$ রেখার উপর অবস্থিত। **(Showed)**

**প্রশ্ন ▶ ৩০** **A(– 1, 3), B(4, – 5), C(7, 0) এবং D(h + 2, 3k) একটি চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু।**

**(ক) ABC ত্রিভুজের শীর্ষবিন্দুসমূহের স্থানাঙ্ক যথাক্রমে (10, 20), (20, 30) ও (30, 10) এবং G ত্রিভুজের ভরকেন্দ্র হলে, GBC ত্রিভুজের GD মধ্যমার দৈর্ঘ্য নির্ণয় কর।**

**(খ) AC ও BD কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করলে, D বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।**

**(গ) h = k হলে, D বিন্দুর সঞ্চারপথ নির্ণয় কর।**

সমাধান:

**ক**




G এর স্থানাঙ্ক $\left(\frac{60}{3}, \frac{60}{3}\right) \equiv (20, 20)$

$\left[\text{ভরকেন্দ্র} \equiv \left(\frac{x_1 + x_2 + x_3}{3}, \frac{y_1 + y_2 + y_3}{3}\right)\right]$

D এর স্থানাঙ্ক $\left(\frac{20 + 30}{2}, \frac{30 + 10}{2}\right) \equiv (25, 20)$

$\therefore$ GD মধ্যমার দৈর্ঘ্য $= \sqrt{(25 - 20)^2 + (20 - 20)^2}$

$= \sqrt{25}$

$= 5$ একক **(Ans.)**

**খ**




এখন, AC ও BD কর্ণদ্বয়ের ছেদবিন্দু হলো A ও C বিন্দুর মধ্যবিন্দু।

$\therefore P \equiv \left(\frac{-1 + 7}{2}, \frac{3 + 0}{2}\right) \equiv \left(3, \frac{3}{2}\right)$

আবার, B(4, – 5) এবং D(h + 2, 3k) বিন্দুদ্বয়ের মধ্যবিন্দু P।

$\therefore P\left(3, \frac{3}{2}\right) \equiv \left(\frac{h + 2 + 4}{2}, \frac{-5 + 3k}{2}\right) \equiv \left(\frac{h + 6}{2}, \frac{-5 + 3k}{2}\right)$

প্রশ্নমতে, $\frac{h + 6}{2} = 3$ | এবং $\frac{-5 + 3k}{2} = \frac{3}{2}$

$\Rightarrow h + 6 = 6$ | $\Rightarrow -5 + 3k = 3$

$\therefore h = 0$ | $\therefore k = \frac{8}{3}$

$\therefore$ নির্ণেয় D বিন্দুর স্থানাঙ্ক $\equiv (h + 2, 3k) \equiv \left(0 + 2, 3 \times \frac{8}{3}\right)$

$\equiv (2, 8)$ **(Ans.)**

**গ** দেওয়া আছে, D বিন্দুর স্থানাঙ্ক $(h + 2, 3k) \equiv (x, y)$

$\therefore h + 2 = x$

$\Rightarrow h = x - 2$

এবং $3k = y$

$\Rightarrow k = \frac{y}{3}$

প্রশ্নমতে, $h = k$

$\Rightarrow x - 2 = \frac{y}{3}$

$\Rightarrow 3x - 6 = y$

$\therefore 3x - y - 6 = 0$

$\therefore$ নির্ণেয় সঞ্চারপথের সমীকরণ: $3x - y - 6 = 0$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ৩১** **একটি সরলরেখা (– 2, – 5) বিন্দুগামী এবং x ও y অক্ষকে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করে যেন, OA + 2OB = 0 হয় যখন O মূলবিন্দু। আবার, দুইটি সরলরেখা $x - y + 4 = 0$ রেখার সাথে 60° কোণ উৎপন্ন করে।**

**(ক) A ও B বিন্দু দুইটির স্থানাঙ্ক যথাক্রমে (– 2, 4) এবং (4, – 5)। AB রেখা C বিন্দু পর্যন্ত এমনভাবে বর্ধিত করা হল যেন AB = 3BC হয়। C বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।**

**(খ) উদ্দীপকে বর্ণিত প্রথম রেখাটির সমীকরণ নির্ণয় কর।**

**(গ) রেখা দুইটি (3, 4) বিন্দুগামী হলে এদের সমীকরণ নির্ণয় কর।**

সমাধান:

**ক**




শর্তমতে, AB = 3BC

$\therefore AB : BC = 3 : 1$

$\therefore \frac{3\alpha - 2}{3 + 1} = 4 \quad \therefore \alpha = 6$

আবার, $\frac{3\beta + 4}{3 + 1} = -5$

$\therefore \beta = -8$

$\therefore$ C বিন্দুর স্থানাঙ্ক (6, – 8) **(Ans.)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**খ** মনে করি, সরলরেখাটির সমীকরণ, $\frac{x}{a}+\frac{y}{b}=1$ ..... (i)

$\therefore$ x অক্ষে ছেদবিন্দু (a, 0) এবং y অক্ষে ছেদবিন্দু (0, b)

তাহলে, OA = a, OB = b

শর্তানুসারে, $a+2b=0$

$\Rightarrow a=-2b$ ..... (ii)

আবার, (i) নং রেখা (– 2, – 5) বিন্দুগামী।

$\therefore \frac{-2}{a}+\frac{-5}{b}=1$

$\Rightarrow 2b+5a=-ab$

$\Rightarrow 2b+5(-2b)=-(-2b)b \quad [\because a=-2b]$

$\Rightarrow 2b^2+8b=0$

$\Rightarrow 2b(b+4)=0$

$\therefore b=-4 \quad [\because b\neq 0]$

$\therefore a=8 \quad$ [(ii) নং হতে]

$\therefore$ নির্ণেয় সরলরেখার সমীকরণ: $\frac{x}{8}+\frac{y}{-4}=1$

$\therefore x-2y=8$ **(Ans.)**

**গ** ধরি, (3, 4) বিন্দুগামী নির্ণেয় রেখার ঢাল = m

প্রদত্ত রেখা $x-y+4=0$ এর ঢাল $=-\frac{x \text{ এর সহগ}}{y \text{ এর সহগ}}$

$=-\frac{1}{-1}=1$

$\therefore$ নির্ণেয় রেখা $x-y+4=0$ রেখার সাথে 60° কোণ উৎপন্ন করে।

$\therefore \tan 60^\circ=\pm\frac{m-1}{1+m}$

$\Rightarrow \sqrt{3}(1+m)=\pm(m-1)$

(+) চিহ্ন নিয়ে, $(m+1)\sqrt{3}=m-1$

$\Rightarrow m\sqrt{3}+\sqrt{3}=m-1$

$\Rightarrow m(\sqrt{3}-1)=-1-\sqrt{3}$

$\therefore m=-2-\sqrt{3}$

(–) চিহ্ন নিয়ে, $\sqrt{3}(1+m)=-(m-1)$

$\Rightarrow \sqrt{3}m+\sqrt{3}=-m+1$

$\Rightarrow m(\sqrt{3}+1)=1-\sqrt{3}$

$\therefore m=-2+\sqrt{3}$

$\therefore$ (3, 4) বিন্দুগামী ও $-2-\sqrt{3}$ ঢাল বিশিষ্ট সমীকরণ:

$y-4=(-2-\sqrt{3})(x-3)$

$\Rightarrow (2+\sqrt{3})x+y=6+3\sqrt{3}+4$

$\therefore (2+\sqrt{3})x+y=10+3\sqrt{3}$ **(Ans.)**

$\therefore$ (3, 4) বিন্দুগামী ও $-2+\sqrt{3}$ ঢাল বিশিষ্ট সমীকরণ:

$y-4=(-2+\sqrt{3})(x-3)$

$\Rightarrow y-4=(-2+\sqrt{3})x+6-3\sqrt{3}$

$\therefore (2-\sqrt{3})x+y=10-3\sqrt{3}$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ৩২** দৃশ্যকল্প-১: ত্রিভুজের তিনটি বাহুর মধ্যবিন্দুর স্থানাঙ্ক (– 2, – 1), (3, – 5), এবং (5, – 2)

দৃশ্যকল্প-২: A(2, – 2) এবং B(– 1, 4) দুইটি বিন্দু।

(ক) (1, 2), (4, 4) এবং (2, 8) যথাক্রমে ত্রিভুজ ABC এর বাহুত্রয়ের মধ্যবিন্দু। ABC ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর।

(খ) দৃশ্যকল্প-১ এর আলোকে ত্রিভুজের শীর্ষবিন্দু তিনটির স্থানাঙ্ক বের কর।

(গ) দৃশ্যকল্প-২ হতে প্রমাণ কর, অক্ষদ্বয় AB রেখাকে সমান তিনভাগে বিভক্ত করে।

সমাধান:

**ক** ধরি, D ≡ (1, 2); E ≡ (4, 4); F ≡ (2, 8)

$\therefore \Delta DEF=\frac{1}{2}\begin{vmatrix}1 & 2 & 1\\ 4 & 4 & 1\\ 2 & 8 & 1\end{vmatrix}$

$=\frac{1}{2}|1(4-8)-2(4-2)+1(32-8)|$

$=\frac{1}{2}\times 16=8$ বর্গ একক

যেহেতু D, E, F হল মধ্যবিন্দু সেহেতু,

$\Delta ABC=4\times\Delta DEF=4\times 8$ বর্গ একক = 32 বর্গ একক **(Ans.)**

**খ** ধরি,

ত্রিভুজের শীর্ষ বিন্দুত্রয় $A(x_1, y_1)$, $B(x_2, y_2)$ ও $C(x_3, y_3)$।




AB, BC ও CA বাহুর মধ্যবিন্দুত্রয় যথাক্রমে D, E ও F

এখানে, AE এর মধ্যবিন্দু ≡ DF এর মধ্যবিন্দু

$\therefore \left(\frac{x_1+5}{2}, \frac{y_1-2}{2}\right)\equiv\left(\frac{-2+3}{2}, \frac{-1-5}{2}\right)$

অর্থাৎ, $\frac{x_1+5}{2}=\frac{1}{2}$ | এবং $\frac{y_1-2}{2}=-3$

$\therefore x_1=-4$ | $\therefore y_1=-4$

$\therefore$ A বিন্দু ≡ (– 4, – 4)

আবার, AC এর মধ্যবিন্দু F।

$\therefore \left(\frac{-4+x_3}{2}, \frac{-4+y_3}{2}\right)\equiv(3,-5)$

অর্থাৎ, $-4+x_3=6$ | এবং $-4+y_3=-10$

$\therefore x_3=10$ | $\therefore y_3=-6$

$\therefore$ C বিন্দু ≡ (10, – 6)

আবার, AB এর মধ্যবিন্দু D।

$\therefore \left(\frac{-4+x_2}{2}, \frac{-4+y_2}{2}\right)\equiv(-2,-1)$

অর্থাৎ, $-4+x_2=-4$ | এবং $-4+y_2=-2$

$\therefore x_2=0$ | $\therefore y_2=2$

$\therefore$ B বিন্দু ≡ (0, 2)

$\therefore$ ত্রিভুজের শীর্ষ বিন্দু তিনটির স্থানাঙ্ক যথাক্রমে (– 4, – 4), (0, 2) ও (10, – 6) **(Ans.)**

ADMISSION STUFFS
ADMISSION STUFFS



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**গ**




মনেকরি, AB সরলরেখা x অক্ষরেখাকে P বিন্দুতে এবং y অক্ষরেখাকে Q বিন্দুতে ছেদ করে।

মনেকরি, P বিন্দু AB সরলরেখাকে k : 1 অনুপাতে অন্তর্বিভক্ত করেছে।

$\therefore P \equiv \left(\frac{-k+2}{k+1}, \frac{4k-2}{k+1}\right)$

প্রশ্নমতে, $\frac{4k-2}{k+1} = 0$

$\therefore k = \frac{1}{2}$

∴ P বিন্দু AB কে 1 : 2 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

অর্থাৎ, P বিন্দু AB সরলরেখার একটি সমত্রিখণ্ডন বিন্দু।

অনুরূপভাবে, Q, AB সরলরেখাকে 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

অর্থাৎ, Q বিন্দু AB সরলরেখার সমত্রিখন্ডন বিন্দু। **(Proved)**

**প্রশ্ন ▶ ৩৩** $x\cos\alpha + y\sin\alpha = m$ ..... (i)

$4x + 3y = d$ ..... (ii)

$12x - 5y = 2(d + 3)$ ..... (iii)

**(ক)** t পরিবর্তনশীল হলে $P(3t - 1, t + 2)$ এর সঞ্চারপথ নির্ণয় কর।

**(খ)** (i) সরলরেখাটি x অক্ষ ও y অক্ষকে যথাক্রমে L ও G বিন্দুতে ছেদ করে। $\alpha$ কে পরিবর্তনশীল ধরে দেখাও যে, LG এর মধ্যবিন্দুর সঞ্চারপথের সমীকরণ, $m^2(x^2 + y^2) = 4x^2y^2$.

**(গ)** মূলবিন্দু হতে (ii) ও (iii) সরলরেখা সমদূরবর্তী হলে, d এর ধনাত্মক মান নির্ণয় কর।

**সমাধান:**

**ক** $P(x, y) \equiv (3t - 1, t + 2)$

$\therefore x = 3t - 1$

$\Rightarrow t = \frac{x+1}{3}$ ..... (i)

$\therefore y = t + 2$

$\therefore t = y - 2$ ..... (ii)

(i) ও (ii) হতে,

$\frac{x+1}{3} = y - 2$

$\Rightarrow x + 1 = 3y - 6$

$\therefore x - 3y + 7 = 0$

**খ** প্রদত্ত রেখার সমীকরণ, $x\cos\alpha + y\sin\alpha = m$

$\therefore \frac{x}{\frac{m}{\cos\alpha}} + \frac{y}{\frac{m}{\sin\alpha}} = 1$

∴ সরলরেখাটি x অক্ষ ও y অক্ষকে যথাক্রমে $L\left(\frac{m}{\cos\alpha}, 0\right)$ ও $G\left(0, \frac{m}{\sin\alpha}\right)$ বিন্দুতে ছেদ করে।

ধরি, LG এর মধ্যবিন্দুর স্থানাঙ্ক $(x, y) \equiv \left(\frac{\frac{m}{\cos\alpha} + 0}{2}, \frac{0 + \frac{m}{\sin\alpha}}{2}\right)$

অর্থাৎ, $x = \frac{m}{2\cos\alpha}, y = \frac{m}{2\sin\alpha}$

$\therefore \cos\alpha = \frac{m}{2x}, \sin\alpha = \frac{m}{2y}$

আমরা জানি, $\sin^2\alpha + \cos^2\alpha = 1$

$\therefore \left(\frac{m}{2x}\right)^2 + \left(\frac{m}{2y}\right)^2 = 1$

$\Rightarrow \frac{m^2}{4x^2} + \frac{m^2}{4y^2} = 1$

$\Rightarrow \frac{m^2}{4}\left(\frac{1}{x^2} + \frac{1}{y^2}\right) = 1$

$\therefore m^2(x^2 + y^2) = 4x^2y^2$

∴ নির্ণেয় সঞ্চারপথের সমীকরণ: $m^2(x^2 + y^2) = 4x^2y^2$ **(Showed)**

**গ** দেওয়া আছে, প্রদত্ত রেখাদ্বয়: $4x + 3y - d = 0$ ..... (i)

এবং $12x - 5y - 2(d + 3) = 0$ ..... (ii)

মূলবিন্দু (0, 0) হতে (i) নং এর লম্ব দূরত্ব $= \frac{|4 \times 0 + 3 \times 0 - d|}{\sqrt{4^2 + 3^2}}$

$= \frac{|d|}{5}$

আবার, (0, 0) হতে (ii) নং এর লম্ব দূরত্ব,

$= \frac{|12 \times 0 - 5 \times 0 - 2(d + 3)|}{\sqrt{12^2 + 5^2}}$

$= \frac{|2(d + 3)|}{13}$

শর্তানুসারে, $\frac{d}{5} = \pm\frac{2(d + 3)}{13}$

$\Rightarrow 13d = \pm 10(d + 3)$

(+) চিহ্ন নিয়ে, $13d = 10d + 30$

$\Rightarrow 3d = 30$

$\therefore d = 10 > 0$

(–) চিহ্ন নিয়ে, $13d = -10d - 30$

$\Rightarrow 23d = -30$

$\therefore d = -\frac{30}{23} < 0$

∴ d এর ধনাত্মক মান 10 **(Ans.)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



## HSC পরীক্ষার্থীদের জন্য বাছাইকৃত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### সমতলে কার্তেসীয় ও পোলার স্থানাঙ্ক

১। $(-\sqrt{2}, -\sqrt{2})$ বিন্দুর পোলার স্থানাঙ্ক কোনটি?

[রা. বো. ২২; অনুরূপ প্রশ্ন: ব. বো. ১৯]

ক $\left(2, -\frac{3\pi}{2}\right)$ খ $\left(2, \frac{3\pi}{2}\right)$

গ $\left(2, -\frac{5\pi}{4}\right)$ ঘ $\left(2, \frac{5\pi}{4}\right)$

উত্তর: ঘ $\left(2, \frac{5\pi}{4}\right)$

ব্যাখ্যা: $r = \sqrt{(-\sqrt{2})^2 + (-\sqrt{2})^2} = \sqrt{2+2} = 2$

বিন্দুটি ৩য় চতুর্ভাগে অবস্থিত।

$\therefore \theta = \pi + \tan^{-1}\left|\frac{-\sqrt{2}}{-\sqrt{2}}\right| = \pi + \frac{\pi}{4} = \frac{5\pi}{4}$

$\therefore$ পোলার স্থানাঙ্ক $\left(2, \frac{5\pi}{4}\right)$

২। $(\sqrt{2}, -\sqrt{2})$ বিন্দুর পোলার স্থানাঙ্ক কত? [ঢা. বো. ২১]

ক $\left(4, \frac{7\pi}{4}\right)$ খ $\left(6, \frac{-\pi}{4}\right)$

গ $\left(8, \frac{\pi}{4}\right)$ ঘ $\left(2, \frac{-\pi}{4}\right)$

উত্তর: ঘ $\left(2, \frac{-\pi}{4}\right)$

ব্যাখ্যা: $r = \sqrt{(\sqrt{2})^2 + (-\sqrt{2})^2} = 2$

বিন্দুটি ৪র্থ চতুর্ভাগে অবস্থিত।

$\theta = -\tan^{-1}\left|\frac{-\sqrt{2}}{\sqrt{2}}\right| = -\frac{\pi}{4}$

$\therefore$ পোলার স্থানাঙ্ক $\left(2, \frac{-\pi}{4}\right)$

৩। (1, –1) বিন্দুটির পোলার স্থানাঙ্ক কোনটি? [সি. বো. ১৭]

ক $(\sqrt{2}, 45°)$ খ $(\sqrt{2}, 135°)$

গ $(\sqrt{2}, 225°)$ ঘ $(\sqrt{2}, 315°)$

উত্তর: ঘ $(\sqrt{2}, 315°)$

ব্যাখ্যা: $r = \sqrt{1^2 + (-1)^2}$

বিন্দুটি ৪র্থ চতুর্ভাগে অবস্থিত।

$\theta = 360° - \tan^{-1}\left|\frac{-1}{1}\right| = 315°$

$\therefore$ পোলার স্থানাঙ্ক $(\sqrt{2}, 315°)$

৪। (1, 150°) বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক নিচের কোনটি?

[ঢা. বো. ২২; অনুরূপ প্রশ্ন: ম. বো. ২১; ব. বো. ১৯]

ক $\left(\frac{\sqrt{3}}{2}, \frac{1}{2}\right)$ খ $\left(-\frac{\sqrt{3}}{2}, \frac{1}{2}\right)$

গ $\left(\frac{\sqrt{3}}{2}, -\frac{1}{2}\right)$ ঘ $\left(-\frac{\sqrt{3}}{2}, -\frac{1}{2}\right)$

উত্তর: খ $\left(-\frac{\sqrt{3}}{2}, \frac{1}{2}\right)$

ব্যাখ্যা: $x = r\cos\theta = 1 \times \cos 150° = \frac{-\sqrt{3}}{2}$

$y = r\sin\theta = 1 \times \sin 150° = \frac{1}{2}$

$\therefore$ কার্তেসীয় স্থানাঙ্ক $\left(-\frac{\sqrt{3}}{2}, \frac{1}{2}\right)$

৫। কোনো বিন্দুর পোলার স্থানাংকের কোটি 90° হলে ঐ বিন্দুর কার্তেসীয় স্থানাংকের ভুজ– [ব. বো. ১৭]

ক $x = r$ খ $x = 0$

গ $y = r$ ঘ $y = 0$

উত্তর: খ $x = 0$

ব্যাখ্যা: পোলার স্থানাঙ্ক $(r, \theta)$ $\therefore \theta = 90°$

কার্তেসীয় এর ভুজ ; $x = r\cos\theta = r\cos 90° = 0$

অথবা,




$\therefore$ বিন্দুটি y অক্ষে অবস্থিত

$\therefore$ ভুজ, $x = 0$

৬। $r = 3\cos\theta$ এর কার্তেসীয় সমীকরণ কোনটি? [রা. বো. ২১]

ক $x^2 + y^2 - 3x = 0$ খ $x^2 + y^2 + 3x = 0$

গ $x^2 + y^2 - 3y = 0$ ঘ $x^2 + y^2 + 3y = 0$

উত্তর: ক $x^2 + y^2 - 3x = 0$

ব্যাখ্যা: $r = 3\cos\theta$

$\Rightarrow r^2 = 3r\cos\theta$

$\Rightarrow x^2 + y^2 - 3x = 0$

**Note:** $x = r\cos\theta$, $y = r\sin\theta$, $r^2 = x^2 + y^2$

❖ উদ্দীপকটির আলোকে ৭ নং প্রশ্নের উত্তর দাও:

একটি রেখার সমীকরণ $x + 3y + 3 = 0$

৭। রেখাটি y-অক্ষকে যে বিন্দুতে ছেদ করে তার পোলার স্থানাঙ্ক কোনটি? [রা. বো. ১৯; অনুরূপ প্রশ্ন: দি. বো. ২৩, ২১; য. বো. ২২; কু. বো. ২২; সি. বো. ২২, ২১; রা. বো. ২১; চ. বো. ২১]

ক $(-1, 0°)$ খ $(1, 0°)$

গ $(1, 90°)$ ঘ $(1, 270°)$

উত্তর: ঘ $(1, 270°)$



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



ব্যাখ্যা: $\frac{x}{-3}+\frac{y}{-1}=1$

y অক্ষের ছেদবিন্দু $(0,-1)$




$(0,-1)$ এর পোলার স্থানাঙ্ক, $(1, 270°)$ [চিত্র হতে]

অথবা, $r=\sqrt{0^2+(-1)^2}=1$

$\theta=360°-\tan^{-1}\frac{|-1|}{|0|}=360°-90°=270°$

## বিভক্ত বিন্দু, অনুপাত ও ত্রিভুজের বিভিন্ন কেন্দ্র

❖ নিচের উদ্দীপকের আলোকে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:




৮। A বিন্দুর পোলার স্থানাঙ্ক হল– [ব. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: য. বো. ২২, ২১; দি. বো. ২২; রা. বো. ২১; সকল বো. ১৮]

ক $\left(5, \tan^{-1}\left(-\frac{1}{2}\right)\right)$ খ $(5, \tan^{-1}(-2))$

গ $\left(\sqrt{5}, \tan^{-1}\left(-\frac{1}{2}\right)\right)$ ঘ $\left(\sqrt{5}, \tan^{-1}(-2)\right)$

উত্তর: ঘ $\left(\sqrt{5}, \tan^{-1}(-2)\right)$

ব্যাখ্যা: $r=\sqrt{(-1)^2+2^2}=\sqrt{5}$

বিন্দুটি ২য় চতুর্ভাগে অবস্থিত

$\therefore \theta=\pi-\tan^{-1}(2)=\tan^{-1}(-2)$

$\therefore$ পোলার স্থানাঙ্ক $\left(\sqrt{5}, \tan^{-1}(-2)\right)$

৯। A ও B বিন্দুদ্বয়ের সংযোজক রেখাকে x অক্ষরেখা কত অনুপাতে বিভক্ত করে? [ব. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: সি. বো. ২৩]

ক 2 : 1 খ 1 : 2

গ 3 : 1 ঘ 1 : 3

উত্তর: খ 1 : 2

ব্যাখ্যা: নির্ণেয় অনুপাত $=\left|\frac{\text{১ম বিন্দুর কোটি}}{\text{২য় বিন্দুর কোটি}}\right|=\left|\frac{2}{-4}\right|=1:2$

**Note:** X অক্ষ যে অনুপাতে বিভক্ত করে $=\left|\frac{\text{১ম বিন্দুর কোটি}}{\text{২য় বিন্দুর কোটি}}\right|$

Y অক্ষ যে অনুপাতে বিভক্ত করে $=\left|\frac{\text{১ম বিন্দুর ভুজ}}{\text{২য় বিন্দুর ভুজ}}\right|$

বি: দ্র: Modulus এর মধ্যে (– ve) হলে অন্তর্বিভক্ত করে এবং (+ ve) হলে বহির্বিভক্ত করে।

১০। $(-3,-4)$ ও $(6, 2)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাটিকে Y-অক্ষরেখা যে অনুপাতে অন্তর্বিভক্ত করে, তা হলো– [ম. বো. ২২]

ক 2 : 1 খ 1 : 2

গ 2 : 3 ঘ 3 : 2

উত্তর: খ 1 : 2

ব্যাখ্যা: নির্ণেয় অনুপাত $=\left|\frac{\text{১ম বিন্দুর ভুজ}}{\text{২য় বিন্দুর ভুজ}}\right|=\left|\frac{-3}{6}\right|=1:2$

১১। $A(1,-2)$ ও $B(-8, 1)$ বিন্দুদ্বয়ের সংযোজক রেখাংশ BA কে 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক নিচের কোনটি? [কু. বো. ১৭; অনুরূপ প্রশ্ন: য. বো. ২৩]

ক $(-5,-1)$ খ $(-2,-1)$

গ $(-2, 0)$ ঘ $(-5, 0)$

উত্তর: খ $(-2,-1)$

ব্যাখ্যা: $(x, y)\equiv\left(\frac{m_1x_2+m_2x_1}{m_1+m_2}, \frac{m_1y_2+m_2y_1}{m_1+m_2}\right)$ | $(-8, 1)\equiv(x_1, y_1)$, $(1,-2)\equiv(x_2, y_2)$, $m_1:m_2\equiv 2:1$

$(x, y)\equiv\left(\frac{2\times1+1\times(-8)}{2+1}, \frac{2\times(-2)+1\times1}{2+1}\right)$

$(x, y)\equiv(-2,-1)$

১২। $(-2, 4)$ এবং $(8,-10)$ বিন্দুদ্বয়ের সংযোজক রেখাকে 2 : 3 অনুপাতে বহির্বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক কোনটি? [রা. বো. ২২]

ক $(-22, 8)$ খ $(22,-8)$

গ $(-22, 32)$ ঘ $(22,-32)$

উত্তর: গ $(-22, 32)$

ব্যাখ্যা: $(x, y)\equiv\left(\frac{m_1x_2-m_2x_1}{m_1-m_2}, \frac{m_1y_2-m_2y_1}{m_1-m_2}\right)$ | $(-2, 4)\equiv(x_1,y_1)$, $(8,-10)\equiv(x_2,y_2)$, $m_1:m_2\equiv 2:3$

$(x, y)\equiv\left(\frac{2\times8-3\times(-2)}{-1}, \frac{2\times(-10)-3\times4}{-1}\right)$

$(x, y)\equiv(-22, 32)$

❖ উদ্দীপকটির আলোকে ১৩ নং প্রশ্নের উত্তর দাও:




১৩। OAB ত্রিভুজের ভরকেন্দ্রের স্থানাংক কোনটি? [রা. বো. ১৭; অনুরূপ প্রশ্ন: চ. বো. ২২; সকল বো. ১৮; দি. বো. ১৭]

ক $\left(\frac{5}{2}, -\frac{3}{2}\right)$ খ $\left(\frac{-5}{2}, \frac{3}{2}\right)$

গ $\left(-1, \frac{5}{3}\right)$ ঘ $\left(\frac{5}{3}, -1\right)$

উত্তর: গ $\left(-1, \frac{5}{3}\right)$

ব্যাখ্যা: O(0, 0), A(– 3, 0), B(0, 5)

$\therefore$ ভরকেন্দ্র $\equiv\left(\frac{0-3+0}{3}, \frac{0+0+5}{3}\right)\equiv\left(-1, \frac{5}{3}\right)$

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



১৪। AD মধ্যমা বিশিষ্ট ত্রিভুজের ভরকেন্দ্র (– 1, 1)। D(– 3, – 1) হলে, A বিন্দুর স্থানাঙ্ক কোনটি?

ক (3, 5) খ (1, 3)
গ (7, 9) ঘ (– 7, –5)

উত্তর: ক (3, 5)

ব্যাখ্যা: কোনো ত্রিভুজের মধ্যমা তার ভরকেন্দ্রে 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্ত হয়।

ধরি, A (x, y), D (– 3, –1) ও G (– 1, 1)

$\therefore -1 = \frac{-3\times 2 + 1.x}{1+2}$ | $\therefore 1 = \frac{-1\times 2 + 1.y}{1+2}$

$\therefore x = 3$ | $\therefore y = 5$

$\therefore A \equiv (3, 5)$

❖ নিচের উদ্দীপকের আলোকে ১৫ নং প্রশ্নের উত্তর দাও:




[ম. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: চ. বো. ২২; কু. বো. ২১; সকল বো. ১৮]

১৫। BC এর মধ্যবিন্দু কত?

ক (0, 1) খ (1, 0)
গ (4, 0) ঘ (0, 4)

উত্তর: খ (1, 0)

ব্যাখ্যা: BC এর মধ্যবিন্দু $\equiv \left(\frac{-3+5}{2}, 0\right) \equiv (1, 0)$

## সরলরেখার ঢাল সংক্রান্ত

১৬। (m, 0), (0, n), (1, 1) বিন্দু তিনটি সমরেখ হওয়ার শর্ত কোনটি? [কু. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: রা. বো. ২৩]

ক $m - n = mn$ খ $m - n + mn = 0$
গ $m + n = 0$ ঘ $m + n = mn$

উত্তর: ঘ $m + n = mn$

ব্যাখ্যা: বিন্দু তিনটি সমরেখ হলে তাদের দ্বারা উৎপন্ন সরলরেখার ঢাল সমান হবে।

$\therefore \frac{0-n}{m-0} = \frac{n-1}{0-1}$

$n = mn - m$

$\therefore m + n = mn$

১৭। একটি সরলরেখা (5, 5) ও (3, 7) বিন্দুগামী হলে রেখাটির ঢাল কত? [ব. বো. ২১]

ক – 2 খ – 1
গ 3 ঘ 10

উত্তর: খ –1

ব্যাখ্যা: ঢাল $= \frac{y_2 - y_1}{x_2 - x_1}$

$= \frac{7-5}{3-5}$

$= -\frac{2}{2}$

$= -1$

১৮। $qy + px + r = 0$ রেখার ঢাল কোনটি? [ঢা. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: ম. বো. ২৩, ২১; কু. বো. ২২; রা. বো. ২১, ১৯, ১৭; চ. বো. ২১; ব. বো. ১৯; য. বো. ১৭]

ক $-\frac{p}{q}$ খ $-\frac{q}{p}$
গ $\frac{q}{p}$ ঘ $\frac{p}{q}$

উত্তর: ক $-\frac{p}{q}$

ব্যাখ্যা: ঢাল $= -\frac{x \text{ এর সহগ}}{y \text{ এর সহগ}} = -\frac{p}{q}$

১৯। কোনো সরলরেখা x অক্ষের সাথে 45° কোণ উৎপন্ন করলে তার ঢাল–

ক 1 খ – 1
গ 0 ঘ ± 1

উত্তর: ঘ ± 1

ব্যাখ্যা: ঢাল $= \tan(\pm 45°) = \pm 1$

২০। $3x + \sqrt{3}y - 10 = 0$ রেখাটি x-অক্ষের ধনাত্মক দিকের সাথে কত কোণ উৎপন্ন করে? [ব. বো. ২২; অনুরূপ প্রশ্ন: রা. বো. ২৩; ব. বো. ২১, ১৭; চ. বো. ১৯]

ক $\frac{\pi}{3}$ খ $\frac{2\pi}{3}$
গ $\frac{\pi}{6}$ ঘ $\frac{5\pi}{6}$

উত্তর: খ $\frac{2\pi}{3}$

ব্যাখ্যা: x অক্ষের ধনাত্মক দিকের সাথে উৎপন্ন কোণ $\theta$ হলে ঢাল,

$\tan\theta = -\frac{x \text{ এর সহগ}}{y \text{ এর সহগ}}$

$\Rightarrow \tan\theta = -\frac{3}{\sqrt{3}} = -\tan 60° = \tan(180° - 60°)$

$\therefore \theta = 120°$

২১। অক্ষদ্বয়ের ধনাত্মক দিক থেকে সমান অংশ ছেদকারী রেখার ঢাল কত?

ক – 1 খ 1
গ 0 ঘ $\sqrt{3}$

উত্তর: ক – 1

ব্যাখ্যা:




ঢাল $= \tan 135° = -1$

অথবা, অক্ষদ্বয়ের ধনাত্মক দিকে সমান অংশ ছেদকারী রেখা: $\frac{x}{a} + \frac{y}{a} = 1$

$\Rightarrow y = -x + a$

$\therefore$ ঢাল $= -1$

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



## একটি নির্দিষ্ট ঢাল ও এক বিন্দুগামী সরলরেখা

২২। $(-5, 10)$ বিন্দুগামী সরলরেখা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে $\tan^{-1}\frac{3}{4}$ কোণ উৎপন্ন করে। সরলরেখার সমীকরণ–

[চ. বো. ২২; অনুরূপ প্রশ্ন: ব. বো. ২২; চ. বো. ২১]

ক $4x + 3y - 10 = 0$ খ $3x - 4y + 55 = 0$
গ $3x + 4y + 55 = 0$ ঘ $4x + 3y + 30 = 0$

উত্তর: খ $3x - 4y + 55 = 0$

ব্যাখ্যা: x অক্ষের ধনাত্মক দিকের সাথে তৈরি কোণ $= \theta$ হলে,

ঢাল, $m = \tan\theta = \tan\left(\tan^{-1}\frac{3}{4}\right) = \frac{3}{4}$

$(-5, 10)$ বিন্দুগামী ও $\frac{3}{4}$ ঢাল বিশিষ্ট রেখা: $y - 10 = \frac{3}{4}(x + 5)$

$\Rightarrow 3x - 4y + 55 = 0$

২৩। $\frac{2}{3}$ ঢালবিশিষ্ট সরলরেখার উপর লম্ব এবং $(-1, 0)$ বিন্দুগামী সরলরেখার সমীকরণ কোনটি? [ঢা. বো. ২১; অনুরূপ প্রশ্ন: রা. বো. ২১]

ক $3x - 2y + 3 = 0$ খ $3x + 2y + 3 = 0$
গ $2x - 3y + 2 = 0$ ঘ $2x - 3y - 2 = 0$

উত্তর: খ $3x + 2y + 3 = 0$

ব্যাখ্যা: $\frac{2}{3}$ ঢালবিশিষ্ট রেখার উপর লম্ব রেখার ঢাল $= -\frac{3}{2}$

$-\frac{3}{2}$ ঢালবিশিষ্ট ও $(-1, 0)$ বিন্দুগামী রেখা: $y - 0 = -\frac{3}{2}(x + 1)$

$\Rightarrow 3x + 2y + 3 = 0$

২৪। একটি সরলরেখার ঢাল $\frac{2}{3}$ এবং y অক্ষের খণ্ডিতাংশ $-5$ হলে, রেখাটির সমীকরণ– [কু. বো. ২১]

ক $2x + 3y = 15$ খ $3x + 2y = 15$
গ $2x - 3y = 15$ ঘ $3x - 2y = 15$

উত্তর: গ $2x - 3y = 15$

ব্যাখ্যা: $y = \underset{\uparrow}{mx} + \underset{\uparrow}{c}$
ঢাল y অক্ষের খন্ডিতাংশ

$\therefore y = \frac{2}{3}x - 5$

$\Rightarrow 3y = 2x - 15$

$\therefore 2x - 3y = 15$

## লম্ব রেখা সংক্রান্ত

❖ নিচের উদ্দীপকের আলোকে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:




ত্রিভুজটির ভরকেন্দ্রের স্থানাংক $(6, 4)$।

২৫। C বিন্দুর স্থানাংক হল– [য. বো. ২৩]

ক $(3, 8)$ খ $(8, 3)$
গ $(2, -1)$ ঘ $(2, 1)$

উত্তর: খ $(8, 3)$

ব্যাখ্যা: ধরি, $C(x, y)$

$\therefore$ ভরকেন্দ্র $\equiv \left(\frac{3+7+x}{3}, \frac{8+1+y}{3}\right) \equiv (6, 4)$

$\therefore \frac{3+7+x}{3} = 6$ $\therefore \frac{8+1+y}{3} = 4$

$\Rightarrow 10 + x = 18$ $\Rightarrow 9 + y = 12$

$\Rightarrow x = 8$ $\Rightarrow y = 3$

$\therefore C(x, y) \equiv (8, 3)$

২৬। AB এর উপর লম্ব রেখার ঢাল কত? [য. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: দি. বো. ২৩]

ক $-\frac{7}{4}$ খ $\frac{7}{4}$
গ $\frac{4}{7}$ ঘ $-\frac{4}{7}$

উত্তর: গ $\frac{4}{7}$

ব্যাখ্যা: $A(3, 8), B(7, 1)$

AB এর লম্ব রেখার ঢাল $= \frac{-1}{\text{AB এর ঢাল}} = \frac{-1}{\frac{8-1}{3-7}} = \frac{4}{7}$

২৭। $y = -7x + 9$ রেখার সাথে লম্ব রেখার নতি কত? [ঢা. বো. ১৭; অনুরূপ প্রশ্ন: কু. বো. ২১]

ক $\frac{1}{7}$ খ $-\frac{1}{7}$
গ $-7$ ঘ $7$

উত্তর: ক $\frac{1}{7}$

ব্যাখ্যা: $y = -7x + 9$ কে $y = mx + c$ এর সাথে তুলনা করে।

ঢাল, $m = -7$

$\therefore$ লম্ব রেখার নতি/ঢাল $= -\frac{1}{m} = \frac{1}{7}$

২৮। $4x - 3y - 51 = 0$ সরলরেখার উপর লম্ব রেখার ঢাল কত? [চ. বো. ২২; অনুরূপ প্রশ্ন: দি. বো. ২২; সি. বো. ২১; ব. বো. ১৯]

ক $\frac{4}{3}$ খ $-\frac{4}{3}$
গ $\frac{3}{4}$ ঘ $-\frac{3}{4}$

উত্তর: ঘ $-\frac{3}{4}$

ব্যাখ্যা: $4x - 3y - 51 = 0$ এর ঢাল, $m_1 = -\frac{x \text{ এর সহগ}}{y \text{ এর সহগ}} = -\frac{4}{-3} = \frac{4}{3}$

লম্ব রেখার ঢাল, $m_2$ হলে, $m_1 m_2 = -1$ $\therefore m_2 = -\frac{3}{4}$

২৯। M এর মান কত হলে $2x - y + 6 = 0$ ও $3x + My - 3 = 0$ রেখা দুইটি পরস্পর লম্ব হবে? [চ. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: দি. বো. ২৩, ২১; চ. বো. ২১]

ক $-6$ খ $-\frac{3}{2}$
গ $\frac{3}{2}$ ঘ $6$

উত্তর: ঘ $6$



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



ব্যাখ্যা: $2x - y + 6 = 0$ এর ঢাল $= -\frac{2}{-1} = 2$

$3x + My - 3 = 0$ এর ঢাল $= -\frac{3}{M}$

প্রশ্নমতে, $2 \times \left(-\frac{3}{M}\right) = -1$

[∵ পরস্পর লম্ব দুইটি সরলরেখার ঢালদ্বয়ের গুণফল $-1$]

$\therefore M = 6$

**Note:** দুটি সরলরেখা পরস্পর সমান্তরাল হলে, তাদের ঢালদ্বয় সমান হবে।
দুটি সরলরেখা পরস্পর লম্ব হলে, তাদের ঢালদ্বয়ের গুণফল $-1$ হবে।

৩০। $x + y = 6$ এবং $y - x = 2$ সরলরেখাদ্বয়ের ছেদ বিন্দুগামী এবং x অক্ষের উপর লম্বরেখার সমীকরণ কোনটি?
[চ. বো. ১৭; অনুরূপ প্রশ্ন: ব. বো. ১৭]

ক $x = 2$ খ $x = 4$
গ $y = 2$ ঘ $y = 4$

উত্তর: ক $x = 2$

ব্যাখ্যা:




$x + y = 6$ ..... (i)
$-x + y = 2$ ..... (ii)
Solving by Calculator $x = 2, y = 4$
$\therefore$ ছেদবিন্দু $(2, 4)$
x অক্ষের ওপর লম্ব বা y অক্ষের সমান্তরাল রেখার সমীকরণ, $x = a \Rightarrow x = 2$

৩১। $(1, 2)$ বিন্দুগামী $3x + 2y + 5 = 0$ রেখার উপর লম্বরেখার সমীকরণ কোনটি? [ঢা. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: সি. বো. ২৩; চ. বো. ২৩; য. বো. ২২; রা. বো. ২১]

ক $2x + 3y - 8 = 0$ খ $3x + 2y + 1 = 0$
গ $3x + 2y - 7 = 0$ ঘ $2x - 3y + 4 = 0$

উত্তর: ঘ $2x - 3y + 4 = 0$

ব্যাখ্যা: $3x + 2y + 5 = 0$ এর উপর লম্ব $(1, 2)$ বিন্দুগামী রেখার সমীকরণ,
$2x - 3y = 2 \times 1 - 3 \times 2$
$\Rightarrow 2x - 3y + 4 = 0$

## সমান্তরাল সরলরেখা

৩২। $8x - by - 9 = 0$ এবং $4x + 3y + 2 = 0$ দুইটি সরলরেখার সমীকরণ। রেখাদ্বয় সমান্তরাল হলে, b এর মান কত?
[চ. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: দি. বো. ২২]

ক $-6$ খ $-3$
গ $3$ ঘ $6$

উত্তর: ক $-6$

ব্যাখ্যা: $8x - by - 9 = 0$ এর ঢাল $= \frac{8}{b}$

$4x + 3y + 2 = 0$ এর ঢাল $= -\frac{4}{3}$

$\therefore \frac{8}{b} = -\frac{4}{3}$ [∵ সমান্তরাল রেখা সমূহের ঢাল সমান]

$\therefore b = -6$

অথবা, দুইটি সরলরেখা সমান্তরাল হলে, x এর সহগদ্বয়ের অনুপাত = y এর সহগদ্বয়ের অনুপাত $\frac{8}{4} = \frac{-b}{3}$

$\therefore b = -6$

৩৩। $2x + 3y = 7$ এবং $3ax - 5by + 15 = 0$ সমীকরণ দুটি একই সরলরেখা প্রকাশ করলে ধ্রুবক a এর মান কত? [য. বো. ২১]

ক $\frac{10}{7}$ খ $-\frac{10}{7}$
গ $\frac{5}{7}$ ঘ $-\frac{5}{7}$

উত্তর: খ $-\frac{10}{7}$

ব্যাখ্যা: একই সরলরেখা প্রকাশ করলে, x এর সহগদ্বয়ের অনুপাত = y এর সহগদ্বয়ের অনুপাত = ধ্রুবকপদদ্বয়ের অনুপাত

[ধ্রুবকগুলো অবশ্যই সমান চিহ্নের একই পাশে নিতে হবে।]

$2x + 3y - 7 = 0$ এবং $3ax - 5by + 15 = 0$

$\Rightarrow \frac{2}{3a} = \frac{3}{-5b} = \frac{-7}{15}$

$\Rightarrow \frac{2}{3a} = \frac{-7}{15}$

$\therefore a = -\frac{10}{7}$

❖ উদ্দীপকটির আলোকে ৩৪ নং প্রশ্নের উত্তর দাও:
$x + 2y - 6 = 0$ এবং $x + 2y + 8 = 0$ দুটি সরলরেখার সমীকরণ।

৩৪। নিচের কোনটি সঠিক? [সকল বো. ১৮]

ক রেখাদ্বয় মূল বিন্দু দিয়ে যায় খ রেখাদ্বয় পরস্পরকে ছেদ করে
গ রেখাদ্বয় পরস্পর লম্ব ঘ রেখাদ্বয় পরস্পর সমান্তরাল

উত্তর: ঘ রেখাদ্বয় পরস্পর সমান্তরাল

ব্যাখ্যা: $x + 2y - 6 = 0$ রেখার ঢাল, $m_1 = -\frac{1}{2}$

$x + 2y + 8 = 0$ রেখার ঢাল, $m_2 = -\frac{1}{2}$

$\therefore m_1 = m_2$

$\therefore$ রেখাদ্বয় পরস্পর সমান্তরাল।

৩৫। x অক্ষরেখার সমান্তরাল সরলরেখার সমীকরণ হল– [ব. বো. ২৩]

ক $x = 2$ খ $x = y$
গ $y = 1$ ঘ $x - y = 2$

উত্তর: গ $y = 1$

ব্যাখ্যা: x অক্ষের সমান্তরাল রেখা, $y = b$ [b ধ্রুবক]
অপশন অনুযায়ী গ ই সঠিক উত্তর।

৩৬। $x + y = 4$ এবং $x - y = 2$ সরলরেখাদ্বয়ের ছেদবিন্দুগামী ও y অক্ষের সমান্তরাল রেখার সমীকরণ–
[চ. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: দি. বো. ২২; সকল বো. ১৮]

ক $y = 1$ খ $x = 1$
গ $y = 3$ ঘ $x = 3$

উত্তর: ঘ $x = 3$

ব্যাখ্যা: $x + y = 4$ ও $x - y = 2$ সরলরেখাদ্বয়ের ছেদবিন্দু $(3, 1)$
y অক্ষের সমান্তরাল $(3, 1)$ বিন্দুগামী রেখা, $x = 3$

[$(a, b)$ বিন্দুগামী x অক্ষের সমান্তরাল রেখার সমীকরণ, $y = b$,
y অক্ষের সমান্তরাল রেখার সমীকরণ, $x = a$]

ADMISSION STUFFS
Rhombus Publications
t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



৩৭। $2x + 5y + 1 = 0$ এবং $-kx + 10y - 3 = 0$ দুইটি সরলরেখার সমীকরণ। $(1, 0)$ বিন্দুগামী প্রথম রেখার সমান্তরাল রেখার সমীকরণ কোনটি? [দি. বো. ২১; অনুরূপ প্রশ্ন: ম. বো. ২১]

ক $2x + 5y - 2 = 0$ খ $2x + 5y + 2 = 0$
গ $5x - 2y - 5 = 0$ ঘ $5x - 2y + 5 = 0$

উত্তর: ক $2x + 5y - 2 = 0$

ব্যাখ্যা: $2x + 5y + 1 = 0$ রেখার সমান্তরাল রেখার সমীকরণ,
$2x + 5y + k = 0$; যা $(1, 0)$ বিন্দুগামী
$\Rightarrow k = -2$
$\therefore 2x + 5y - 2 = 0$

## সরলরেখার অক্ষদ্বয়ের খন্ডিত অংশ

❖ নিচের উদ্দীপকের আলোকে ৩৮ নং প্রশ্নের উত্তর দাও:




[ঢা. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: দি. বো. ২৩; ব. বো. ১৭]

৩৮। AB রেখাংশের মধ্যবিন্দুর স্থানাংক কোনটি?

ক $\left(2, -\frac{3}{2}\right)$ খ $\left(-2, \frac{3}{2}\right)$
গ $\left(\frac{3}{2}, -2\right)$ ঘ $\left(-\frac{3}{2}, 2\right)$

উত্তর: খ $\left(-2, \frac{3}{2}\right)$

ব্যাখ্যা: $3x - 4y = -12$
$\Rightarrow \frac{x}{-4} + \frac{y}{3} = 1$




AB এর মধ্যবিন্দু $= \left(-2, \frac{3}{2}\right)$

৩৯। একটি রেখার সমীকরণ $x + 3y + 3 = 0$। রেখাটি দ্বারা অক্ষদ্বয়ের খণ্ডিত অংশের মধ্যবিন্দুর স্থানাঙ্ক কোনটি? [রা. বো. ১৯]

ক $\left(\frac{3}{2}, -\frac{1}{2}\right)$ খ $\left(-\frac{3}{2}, \frac{1}{2}\right)$
গ $\left(-\frac{3}{2}, -\frac{1}{2}\right)$ ঘ $\left(\frac{3}{2}, \frac{1}{2}\right)$

উত্তর: গ $\left(-\frac{3}{2}, -\frac{1}{2}\right)$

ব্যাখ্যা: $x + 3y = -3$
$\Rightarrow \frac{x}{-3} + \frac{y}{-1} = 1$




$\therefore$ অক্ষদ্বয়ের ছেদবিন্দুদ্বয় $(-3, 0)$ ও $(0, -1)$
$\therefore$ মধ্যবিন্দু $\equiv \left(-\frac{3}{2}, -\frac{1}{2}\right)$

❖ উদ্দীপকটির আলোকে ৪০ ও ৪১ নং প্রশ্নের উত্তর দাও:




$OA = 3, OB = 2$

৪০। AB এর সমীকরণ কোনটি? [ম. বো. ২১; অনুরূপ প্রশ্ন: রা. বো. ১৭]

ক $2x + 3y = 1$ খ $2x + 3y = 6$
গ $2x - 3y = -6$ ঘ $2x - 3y = 1$

উত্তর: গ $2x - 3y = -6$

ব্যাখ্যা: রেখাটি x অক্ষকে $(-3, 0)$ ও y অক্ষকে $(0, 2)$ বিন্দুতে ছেদ করে।

$\therefore$ সমীকরণ, $\frac{x}{-3} + \frac{y}{2} = 1$

$\Rightarrow 2x - 3y = -6$

৪১। AB এর ঢাল কত? [ম. বো. ২১]

ক $-\frac{2}{3}$ খ $\frac{2}{3}$
গ $\frac{3}{2}$ ঘ $-\frac{3}{2}$

উত্তর: খ $\frac{2}{3}$

ব্যাখ্যা: $A(-3, 0)$ ; $B(0, 2)$

ঢাল $= \frac{2 - 0}{0 + 3} = \frac{2}{3}$

❖ উদ্দীপকটির আলোকে ৪২ ও ৪৩ নং প্রশ্নের উত্তর দাও:




AB রেখার সমীকরণ $6x - 4y + 24 = 0$ এবং $AP = PB$

৪২। CD রেখার ঢাল কত? [কু. বো. ১৯]

ক $-\frac{3}{2}$ খ $\frac{3}{2}$
গ $-\frac{2}{3}$ ঘ $\frac{2}{3}$

উত্তর: গ $-\frac{2}{3}$

ব্যাখ্যা: AB রেখার ঢাল, $= -\frac{6}{-4} = \frac{3}{2}$

AB এর উপর লম্ব CD এর ঢাল $= -\frac{2}{3}$

ADMISSION STUFFS
Rhombus Publications
t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**৪৩। OP রেখার সমীকরণ কোনটি?** [কু. বো. ১৯]

ক $y = -\frac{2}{3}x$ খ $y = -\frac{3}{2}x$

গ $y = \frac{2}{3}x$ ঘ $y = \frac{3}{2}x$

**উত্তর:** খ $y = -\frac{3}{2}x$

**ব্যাখ্যা:** P হল AB এর মধ্যবিন্দু।

$6x - 4y = -24$

$\Rightarrow \frac{x}{-4} + \frac{y}{6} = 1$

$A(-4, 0)$ ; $B(0, 6) \rightarrow$ মধ্যবিন্দু $(-2, 3)$

$(0, 0)$ ও $(-2, 3)$ বিন্দুর সংযোগকারী রেখা OP এর সমীকরণ

$y = -\frac{3}{2}x$

**৪৪। $3x - 2y + 6 = 0$ সরলরেখা দ্বারা x-অক্ষের খন্ডিতাংশ কত একক?**
∴ OP সরলরেখার সমীকরণ: $y = \frac{\frac{8}{3}}{\frac{4}{3}}x \Rightarrow 2x - y = 0$ **(Ans.)**

আবার, ধরি, P বিন্দুটি EF রেখাংশকে 1 : 2 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

∴ P বিন্দুর স্থানাঙ্ক $\equiv \left(\frac{1\times 0+2\times 4}{1+2}, \frac{1\times 4+2\times 0}{1+2}\right) \equiv \left(\frac{8}{3}, \frac{4}{3}\right)$

∴ OP সরলরেখার সমীকরণ: $y = \frac{\frac{4}{3}}{\frac{8}{3}}x$

∴ $x - 2y = 0$ **(Ans.)**

**গ** চিত্রে, নির্ণেয় বৃত্তের কেন্দ্র C(2, 2)

এখানে, $OD = 3\sqrt{2}$ একক

∴ $OC = \sqrt{(2-0)^2+(2-0)^2} = 2\sqrt{2}$ একক

∴ বৃত্তের ব্যাসার্ধ, $CD = OD - OC$

$= 3\sqrt{2} - 2\sqrt{2}$

$= \sqrt{2}$ একক

∴ বৃত্তের সমীকরণ,

$(x-2)^2 + (y-2)^2 = (\sqrt{2})^2$

$\Rightarrow x^2 - 4x + 4 + y^2 - 4y + 4 = 2$

∴ $x^2 + y^2 - 4x - 4y + 6 = 0$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ৮** P(1, 2), Q(2, 3) দুইটি বিন্দু এবং $x^2 + y^2 - 6x - 4y + 1 = 0$ একটি বৃত্তের সমীকরণ।

**(ক)** $2x^2 + 2y^2 + 4x + 6y + 1 = 0$ বৃত্তটি দ্বারা y অক্ষের খণ্ডিত অংশের দৈর্ঘ্য নির্ণয় কর।

**(খ)** P কেন্দ্রবিশিষ্ট এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা প্রদত্ত বৃত্তের কেন্দ্র দিয়ে যায়। [ম. বো. ২৩]

**(গ)** P ও Q বিন্দুগামী এবং y অক্ষকে স্পর্শ করে এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর। [ম. বো. ২৩]

**সমাধান:**

**ক** দেওয়া আছে, $2x^2 + 2y^2 + 4x + 6y + 1 = 0$

$\Rightarrow x^2 + y^2 + 2x + 3y + \frac{1}{2} = 0$

এখানে, $g = 1$, $f = \frac{3}{2}$ এবং $c = \frac{1}{2}$

∴ বৃত্তটির কেন্দ্র $\equiv (-g, -f) \equiv \left(-1, -\frac{3}{2}\right)$

∴ বৃত্তটি দ্বারা y অক্ষের খণ্ডিত অংশের দৈর্ঘ্য $= 2\sqrt{f^2 - c}$

$= 2\sqrt{\left(\frac{3}{2}\right)^2 - \frac{1}{2}}$

$= \sqrt{7}$ একক **(Ans.)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**খ** প্রদত্ত বৃত্ত, $x^2 + y^2 - 6x - 4y + 1 = 0$

$\therefore$ বৃত্তটির কেন্দ্র $(-g, -f) \equiv (3, 2)$

দেওয়া আছে, নির্ণেয় বৃত্তের কেন্দ্র P(1, 2) এবং বৃত্তটি (3, 2) বিন্দুগামী।

$\therefore$ ব্যাসার্ধ $= \sqrt{(1-3)^2 + (2-2)^2} = 2$ একক

$\therefore$ নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$(x-1)^2 + (y-2)^2 = 2^2$

$\Rightarrow x^2 - 2x + 1 + y^2 - 4y + 4 = 4$

$\therefore x^2 + y^2 - 2x - 4y + 1 = 0$ **(Ans.)**

**গ** ধরি, বৃত্তটির সমীকরণ, $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ ..... (i)

(i) নং বৃত্তটি y অক্ষকে স্পর্শ করে। $\therefore f^2 = c$ ..... (ii)

(i) ও (ii) নং হতে পাই, বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 + 2gx + 2fy + f^2 = 0$ ..... (iii)

আবার, (i) নং বৃত্তটি P(1, 2) ও (2, 3) বিন্দুগামী,

$\therefore 1^2 + 2^2 + 2g.1 + 2f.2 + f^2 = 0$

$\Rightarrow 5 + 2g + 4f + f^2 = 0$ ..... (iv)

এবং $2^2 + 3^2 + 2g.2 + 2f.3 + f^2 = 0$

$\therefore 13 + 4g + 6f + f^2 = 0$ ..... (v)

(v) – (iv) করে, $8 + 2g + 2f = 0$

$\Rightarrow g = -f - 4$ ..... (vi)

এখন, (iv) ও (vi) নং হতে পাই,

$5 + 2(-f - 4) + 4f + f^2 = 0$

$\Rightarrow 5 - 2f - 8 + 4f + f^2 = 0$

$\Rightarrow f^2 + 2f - 3 = 0$

$\therefore f = 1, -3$

f এর মান (vi) নং সমীকরণে বসিয়ে পাই,

$f = 1$ হলে, $g = -1 - 4 = -5$

এবং $c = f^2 = 1^2 = 1$

$\therefore$ সমীকরণ: $x^2 + y^2 - 10x + 2y + 1 = 0$ **(Ans.)**

$f = -3$ হলে, $g = 3 - 4 = -1$

এবং $c = f^2 = (-3)^2 = 9$

$\therefore$ সমীকরণ: $x^2 + y^2 - 2x - 6y + 9 = 0$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ৯** দৃশ্যকল্প-১: $f(x, y) = 3x - 4y - 5$

এবং $g(x, y) = x^2 + y^2 - 6x + 8y + 9$

দৃশ্যকল্প-২: (5, 3) ও (– 5, 7) বিন্দুদ্বয় একটি বৃত্তের ব্যাসের প্রান্তবিন্দু।

(ক) $g(x, y) = 0$ বৃত্ত দ্বারা y অক্ষের খণ্ডিত অংশের পরিমাণ নির্ণয় কর। [ঢা. বো. ২২; অনুরূপ প্রশ্ন: ঢা. বো. ১৯]

(খ) দেখাও যে, দৃশ্যকল্প-১ এ বর্ণিত $f(x, y) = 0$ রেখাটি $g(x, y) = 0$ বৃত্তের একটি স্পর্শক। [ঢা. বো. ২২]

(গ) দৃশ্যকল্প-২ অনুযায়ী বৃত্তের সমীকরণ নির্ণয় কর। নির্ণেয় বৃত্ত ও $f(x, y) = 0$ রেখার ছেদবিন্দু ও মূলবিন্দুগামী বৃত্তের সমীকরণও নির্ণয় কর। [ঢা. বো. ২২; অনুরূপ প্রশ্ন: সি. বো. ১৯]

সমাধান:

**ক** প্রদত্ত বৃত্ত, $x^2 + y^2 - 6x + 8y + 9 = 0$

এখানে, $g = -3$, $f = 4$ এবং $c = 9$

$\therefore$ বৃত্তের y অক্ষের খন্ডিতাংশের পরিমাণ $= 2\sqrt{f^2 - c}$

$= 2\sqrt{4^2 - 9}$ একক

$= 2\sqrt{7}$ একক **(Ans.)**

**খ** প্রদত্ত বৃত্ত, $x^2 + y^2 - 6x + 8y + 9 = 0$ .... (i)

এখানে, $g = -3$, $f = 4$ এবং $c = 9$

$\therefore$ বৃত্তটির কেন্দ্র $(-g, -f) \equiv (3, -4)$

ব্যাসার্ধ $= \sqrt{(-3)^2 + 4^2 - 9} = 4$ একক

প্রদত্ত রেখা, $3x - 4y - 5 = 0$ ..... (ii)

এখন, (ii) নং রেখাটি (i) নং বৃত্তের স্পর্শক হবে যদি কেন্দ্র (3, – 4) হতে (ii) নং রেখার এর লম্ব দূরত্ব বৃত্তটির ব্যাসার্ধের সমান হয়।

এখন, কেন্দ্র (3, – 4) হতে (ii) নং রেখার দূরত্ব,

$$d = \left| \frac{3 \times 3 - 4 \times (-4) - 5}{\sqrt{3^2 + (-4)^2}} \right|$$

$$= \frac{20}{5} = 4 \text{ একক} = \text{বৃত্তের ব্যাসার্ধ}$$

$\therefore f(x, y) = 0$ রেখাটি, $g(x, y) = 0$ বৃত্তের একটি স্পর্শক।

**(Showed)**

**গ** দেওয়া আছে, বৃত্তের ব্যাসের প্রান্তবিন্দুদ্বয় (5, 3) ও (– 5, 7)

$\therefore$ বৃত্তের সমীকরণ,

$(x - 5)(x + 5) + (y - 3)(y - 7) = 0$

$\Rightarrow x^2 - 5^2 + y^2 - 7y - 3y + 21 = 0$

$\Rightarrow x^2 + y^2 - 10y - 4 = 0$ .... (i) **(Ans.)**

দেওয়া আছে, $f(x, y) = 0$

$\Rightarrow 3x - 4y - 5 = 0$ ..... (ii)

এখন, (i) নং বৃত্ত ও (ii) নং রেখার ছেদবিন্দুগামী বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 - 10y - 4 + k(3x - 4y - 5) = 0$ .... (iii)

(iii) নং বৃত্তটি মূলবিন্দুগামী হলে,

$0^2 + 0^2 - 10 \times 0 - 4 + k(3 \times 0 - 4 \times 0 - 5) = 0$

$\therefore k = -\frac{4}{5}$

k এর মান (iii) নং সমীকরণে বসিয়ে পাই,

$x^2 + y^2 - 10y - 4 - \frac{4}{5}(3x - 4y - 5) = 0$

$\Rightarrow 5x^2 + 5y^2 - 50y - 20 - 12x + 16y + 20 = 0$

$\therefore 5x^2 + 5y^2 - 12x - 34y = 0$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ১০**




(ক) এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর যার কেন্দ্র (1, 3) এবং x অক্ষকে স্পর্শ করে। [য. বো. ২২]

(খ) OC জ্যাকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ নির্ণয় কর। [রা. বো. ২২]

(গ) A এবং B বিন্দুগামী বৃত্ত x অক্ষকে স্পর্শ করলে তার সমীকরণ নির্ণয় কর। [রা. বো. ২২; অনুরূপ প্রশ্ন: সি. বো. ২২]

ADMISSION STUFFS
Rhombus Publications
t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**সমাধান:**

**ক** এখানে, (1, 3) কেন্দ্রবিশিষ্ট বৃত্ত x অক্ষকে স্পর্শ করে।

$\therefore$ বৃত্তটির ব্যাসার্ধ = |কেন্দ্রের কোটি| = 3 একক

$\therefore$ বৃত্তের সমীকরণ,

$(x-1)^2 + (y-3)^2 = 3^2$

$\Rightarrow x^2 - 2x + 1 + y^2 - 6y + 9 = 9$

$\therefore x^2 + y^2 - 2x - 6y + 1 = 0$ **(Ans.)**

**খ** এখানে, OD বৃত্তের ব্যাস।

$\therefore$ OD = |– 10| একক = 10 একক

$\therefore$ বৃত্তটির ব্যাসার্ধ, $r = \frac{10}{2}$ একক = 5 একক

O(0, 0) এবং D(– 10, 0) বিন্দুর সংযোগ রেখাংশের মধ্যবিন্দুই হবে বৃত্তটির কেন্দ্র।

$\therefore$ বৃত্তটির কেন্দ্র $\left(\frac{-10+0}{2}, \frac{0+0}{2}\right) \equiv (-5, 0)$

এখন, (– 5, 0) কেন্দ্র এবং 5 একক ব্যাসার্ধবিশিষ্ট OCD বৃত্তের সমীকরণ,

$(x+5)^2 + (y-0)^2 = 5^2$

$\Rightarrow x^2 + 10x + 25 + y^2 = 25$

$\Rightarrow x^2 + y^2 + 10x = 0$ ..... (i)

OC জ্যা এর সমীকরণ, $y = 2x$

$\Rightarrow y - 2x = 0$ ..... (ii)

(i) নং বৃত্ত ও (ii) নং রেখার ছেদবিন্দুগামী বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 + 10x + k(y - 2x) = 0$ ..... (iii)

$\Rightarrow x^2 + y^2 + (10 - 2k)x + ky = 0$

$\therefore$ বৃত্তটির কেন্দ্র $(-g, -f) \equiv \left(-5 + k, -\frac{k}{2}\right)$

(ii) নং রেখা বৃত্তের ব্যাস হলে, কেন্দ্র (ii) নং রেখার উপর অবস্থিত।

$\therefore -\frac{k}{2} - 2(-5 + k) = 0$

$\Rightarrow -\frac{k}{2} + 10 - 2k = 0$

$\Rightarrow 5k = 20$

$\therefore k = 4$

$\therefore$ নির্ণেয় বৃত্তের সমীকরণ, $x^2 + y^2 + (10 - 8)x + 4y = 0$

$\therefore x^2 + y^2 + 2x + 4y = 0$ **(Ans.)**

**গ** ধরি, বৃত্তের সমীকরণ, $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ ..... (i)

বৃত্তটি A(1, 2) এবং B(3, 2) বিন্দুগামী,

$\therefore 1 + 4 + 2g + 4f + c = 0$

$\Rightarrow 5 + 2g + 4f + c = 0$ ..... (ii)

এবং $9 + 4 + 6g + 4f + c = 0$

$\Rightarrow 13 + 6g + 4f + c = 0$ .... (iii)

(ii) – (iii) করে, $-8 - 4g = 0$

$\therefore g = -2$

বৃত্তটি x অক্ষকে স্পর্শ করলে, $g^2 = c$

$\therefore c = 4$

(ii) নং এ g ও c এর মান বসিয়ে পাই,

$5 + 2(-2) + 4f + 4 = 0$

$\Rightarrow 4f = -5$

$\therefore f = -\frac{5}{4}$

এখন, (i) নং সমীকরণে g, f এবং c এর মান বসিয়ে পাই,

$x^2 + y^2 + 2(-2)x + 2\left(-\frac{5}{4}\right)y + 4 = 0$

$\Rightarrow x^2 + y^2 - 4x - \frac{5}{2}y + 4 = 0$

$\therefore 2x^2 + 2y^2 - 8x - 5y + 8 = 0$ **(Ans.)**

**প্রশ্ন ➤ ১১**




**(ক)** **(0, – 1)** এবং **(2, 3)** বিন্দুদ্বয়ের সংযোগকারী রেখাংশকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্ত দ্বারা x অক্ষের খণ্ডিতাংশের দৈর্ঘ্য নির্ণয় কর।

**(খ)** **C** কেন্দ্রবিশিষ্ট বৃত্তের স্পর্শবিন্দু **D** এর স্থানাঙ্ক নির্ণয় কর। [কু. বো. ২২]

**(গ)** **AB** জ্যা বিশিষ্ট বৃত্তের সমীকরণ নির্ণয় কর। [কু. বো. ২২]

**সমাধান:**

**ক** (0, – 1) এবং (2, 3) বিন্দুদ্বয়ের সংযোগকারী রেখাংশকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ,

$(x - 0)(x - 2) + (y + 1)(y - 3) = 0$

$\Rightarrow x^2 - 2x + y^2 - 3y + y - 3 = 0$

$\Rightarrow x^2 + y^2 - 2x - 2y - 3 = 0$

এখানে, $g = -1$, $f = -1$ এবং $c = -3$

$\therefore$ বৃত্তটি দ্বারা x অক্ষের খণ্ডিতাংশের দৈর্ঘ্য $= 2\sqrt{g^2 - c}$

$= 2\sqrt{(-1)^2 - (-3)}$

$= 4$ একক **(Ans.)**

**খ** দেওয়া আছে, কেন্দ্র C(5, 2)

স্পর্শবিন্দু হতে কেন্দ্রগামী রেখা স্পর্শকের উপর লম্ব।

D বিন্দুতে স্পর্শক, $5x + 12y + 16 = 0$ ..... (i)

$\therefore$ C(5, 2) বিন্দুগামী $5x + 12y + 16 = 0$ রেখার উপর লম্ব রেখার সমীকরণ,

$12x - 5y = 12 \times 5 - 5 \times 2$

$\Rightarrow 12x - 5y - 50 = 0$ ..... (ii)

(i) নং ও (ii) নং রেখার ছেদবিন্দুই হবে D বিন্দুর স্থানাঙ্ক।

এখন, (i) × 5 + (ii) × 12 করে,

$$\begin{array}{r} 25x + 60y + 80 = 0 \\ 144x - 60y - 600 = 0 \\ \hline 169x - 520 = 0 \end{array}$$

$\therefore x = \frac{520}{169} = \frac{40}{13}$

x এর মান (i) নং এ বসিয়ে পাই,

$5 \times \frac{40}{13} + 12y + 16 = 0 \Rightarrow y = -\frac{34}{13}$

$\therefore$ D বিন্দুর স্থানাঙ্ক $\left(\frac{40}{13}, -\frac{34}{13}\right)$ **(Ans.)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**গ** ধরি, AB জ্যা বিশিষ্ট বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ ..... (i)

বৃত্তটি y অক্ষকে স্পর্শ করলে, $f^2 = c$

আবার, (i) নং বৃত্তটি (0, 6) বিন্দুগামী।

$\therefore 0^2 + 6^2 + 2.g.0 + 2.f.6 + c = 0$

$\Rightarrow 36 + 12f + f^2 = 0$ $[\because c = f^2]$

$\Rightarrow f = -6 \therefore c = 36$

দেওয়া আছে, x অক্ষের ছেদাংশ,

$2\sqrt{g^2 - c} = 16$

$\Rightarrow \sqrt{g^2 - c} = 8$

$\Rightarrow g^2 - c = 64$

$\Rightarrow g^2 - 36 = 64$ $[\because c = 36]$

$\Rightarrow g = \pm 10$

$\therefore g = -10$ [∵ কেন্দ্র ১ম চতুর্ভাগে]

(i) নং সমীকরণে g, f এবং c এর মান বসিয়ে পাই,

$x^2 + y^2 - 20x - 12y + 36 = 0$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ১২** দৃশ্যকল্প-১:




দৃশ্যকল্প-২: $x^2 + y^2 - 6x = 0$ ..... (i)

$x - 4 = 0$ ..... (ii)

(ক) (1, 3) কেন্দ্রবিশিষ্ট বৃত্ত y অক্ষকে স্পর্শ করে। বৃত্তটির সমীকরণ নির্ণয় কর। [য. বো. ২২]

(খ) দৃশ্যকল্প-১ এর বৃত্তটির একটি জ্যা এর সমীকরণ নির্ণয় কর যার মধ্যবিন্দু (– 5, 3) বিন্দুতে অবস্থিত। [য. বো. ২২]

(গ) দৃশ্যকল্প-২ এর আলোকে বৃত্তের সমীকরণ নির্ণয় কর যার কেন্দ্র (7, 0) এবং (i) নং বৃত্ত এবং (ii) নং রেখার ছেদবিন্দু দিয়ে যায়। [দি. বো. ২৩]

**সমাধান:**

**ক** এখানে, (1, 3) কেন্দ্রবিশিষ্ট বৃত্ত y অক্ষকে স্পর্শ করে।

$\therefore$ বৃত্তটির ব্যাসার্ধ, = |কেন্দ্রের ভুজ| = 1 একক

$\therefore$ বৃত্তের সমীকরণ, $(x - 1)^2 + (y - 3)^2 = 1^2$

$\Rightarrow x^2 - 2x + 1 + y^2 - 6y + 9 = 1$

$\therefore x^2 + y^2 - 2x - 6y + 9 = 0$ **(Ans.)**

**খ** দেওয়া আছে, বৃত্তের কেন্দ্র C(– 4, 2)

ধরি, AB বৃত্তের জ্যা এবং AB জ্যা এর মধ্যবিন্দু D(– 5, 3)

$\therefore$ CD রেখার সমীকরণ,

$\frac{y-2}{x+4} = \frac{2-3}{-4+5}$

$\Rightarrow x + y + 2 = 0$




কোনো বৃত্তের জ্যা এর মধ্যবিন্দু হতে কেন্দ্রগামী রেখা জ্যা এর উপর লম্ব।

$\therefore$ D(– 5, 3) বিন্দুগামী এবং CD রেখার লম্ব রেখার সমীকরণ,

$x - y = -5 - 3$

$\Rightarrow x - y + 8 = 0$ **(Ans.)**

**গ** দৃশ্যকল্প-২: এ $x^2 + y^2 - 6x = 0$ ..... (i)

$x - 4 = 0$ ..... (ii)

(ii) নং হতে পাই, $x - 4 = 0 \therefore x = 4$

(i) নং এ $x = 4$ বসিয়ে পাই, $4^2 + y^2 - 6 \times 4 = 0$

$\Rightarrow y^2 = 8$

$\therefore y = \pm 2\sqrt{2}$

$\therefore$ (i) নং বৃত্ত ও (ii) নং রেখার ছেদবিন্দুদ্বয় $(4, \pm 2\sqrt{2})$

দেওয়া আছে, কেন্দ্র (7, 0)

$\therefore$ ব্যাসার্ধ $= \sqrt{(7-4)^2 + (0 - 2\sqrt{2})^2}$

$= \sqrt{17}$ একক

$\therefore$ বৃত্তের সমীকরণ: $(x - 7)^2 + (y - 0)^2 = (\sqrt{17})^2$

$\Rightarrow x^2 - 14x + 49 + y^2 - 17 = 0$

$\therefore x^2 + y^2 - 14x + 32 = 0$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ১৩** দৃশ্যকল্প-১: A(1, 1) বিন্দুটি $x^2 + y^2 + 4x + 6y - 12 = 0$ বৃত্তের উপর অবস্থিত। রেখাত্রয়ের সমীকরণ $x = 0$, $y = 0$, $x = a$

দৃশ্যকল্প-২: তিনটি বিন্দুর স্থানাঙ্ক A(a, – 1), B(0, – 2) এবং C(– 2, – 4)।

(ক) যদি $x^2 + y^2 - 4x - 6y + c = 0$ বৃত্তটি x অক্ষকে স্পর্শ করে তবে c এর মান নির্ণয় কর। [ম. বো. ২২]

(খ) দৃশকল্প-১ হতে, A বিন্দুগামী ব্যাসের অপর প্রান্তের স্থানাঙ্ক নির্ণয় কর। A বিন্দুগামী বৃত্তটির স্পর্শকের সমীকরণও নির্ণয় কর। [ম. বো. ২২]

(গ) দৃশ্যকল্প-২ এর আলোকে $\Delta ABC$ এর ক্ষেত্রফল 1 বর্গ একক হলে, C কেন্দ্রবিশিষ্ট এবং A বিন্দুগামী বৃত্তের সমীকরণ নির্ণয় কর।

**সমাধান:**

**ক** প্রদত্ত বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 - 4x - 6y + c = 0$

$\Rightarrow x^2 + y^2 + 2(-2)x + 2(-3)y + c = 0$

এখানে, $g = -2$, $f = -3$

বৃত্তটি x অক্ষকে স্পর্শ করলে, $g^2 = c$

$\therefore c = 4$ **(Ans.)**

**খ** প্রদত্ত বৃত্তের সমীকরণ, $x^2 + y^2 + 4x + 6y - 12 = 0$

এখানে, $g = 2$, $f = 3$ এবং $c = -12$

$\therefore$ বৃত্তটির কেন্দ্র $(-2, -3)$

ধরি, A (1, 1) বিন্দুগামী ব্যাসের অপর প্রান্তের স্থানাঙ্ক B $(\alpha, \beta)$

$\therefore$ (1, 1) ও $(\alpha, \beta)$ বিন্দুর সংযোজক রেখার মধ্যবিন্দু হলো বৃত্তটির কেন্দ্র।

প্রশ্নমতে, $\left(\frac{\alpha+1}{2}, \frac{\beta+1}{2}\right) \equiv (-2, -3)$

$\therefore \frac{\alpha+1}{2} = -2$ এবং $\frac{\beta+1}{2} = -3$

$\Rightarrow \alpha = -5$ $\Rightarrow \beta = -7$

$\therefore$ B $(-5, -7)$ **(Ans.)**

এখন, A(1, 1) বিন্দুগামী স্পর্শকের সমীকরণ,

$x.1 + y.1 + 2(x + 1) + 3(y + 1) - 12 = 0$

$\Rightarrow x + y + 2x + 2 + 3y + 3 - 12 = 0$

$\therefore 3x + 4y - 7 = 0$ **(Ans.)**

Rhombus Publications
t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**গ** দেওয়া আছে, A(a, – 1), B(0, – 2) এবং C(– 2, – 4)

ΔABC এর ক্ষেত্রফল = 1 বর্গ একক

$\Rightarrow \frac{1}{2}\begin{vmatrix} a & -1 & 1 \\ 0 & -2 & 1 \\ -2 & -4 & 1 \end{vmatrix} = 1$

$\Rightarrow a(-2+4)+(0+2)+(0-4)=2$

$\therefore a = 2$

$\therefore A(2, -1)$

$\therefore$ বৃত্তটির ব্যাসার্ধ = AC এর দূরত্ব

$= \sqrt{(-2-2)^2+(-4+1)^2}$

$= 5$ একক

$\therefore$ C কেন্দ্রবিশিষ্ট এবং A বিন্দুগামী বৃত্তের সমীকরণ,

$(x+2)^2+(y+4)^2 = 5^2$

$\Rightarrow x^2+4x+4+y^2+8y+16 = 25$

$\therefore x^2+y^2+4x+8y-5=0$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ১৪** $x^2+y^2-8x-6y+16=0$ ... ... ... (i)

$x^2+y^2=4$ ... ... ... (ii)

**(ক)** $r = 6\cos\theta + 4\sin\theta$ বৃত্তটির কেন্দ্র ও ব্যাসার্ধ নির্ণয় কর। [ঢা. বো. ১৭]

**(খ)** উদ্দীপকের বৃত্তদ্বয়ের স্পর্শবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। [কু. বো. ১৯]

**(গ)** উদ্দীপকের বৃত্তদ্বয়ের সাধারণ জ্যা অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ তৈরি করে তার ক্ষেত্রফল নির্ণয় কর। [কু. বো. ১৯]

**সমাধান:**

**ক** বৃত্তের সমীকরণ, $r = 6\cos\theta + 4\sin\theta$

$\Rightarrow r^2 = 6r\cos\theta + 4r\sin\theta$

$\Rightarrow x^2+y^2 = 6x+4y$

$\Rightarrow x^2-6x+9+y^2-4y+4=13$

$\therefore (x-3)^2+(y-2)^2 = (\sqrt{13})^2$

$\therefore$ বৃত্তের কেন্দ্র (3, 2) এবং ব্যাসার্ধ $\sqrt{13}$ একক **(Ans.)**

**খ** প্রদত্ত বৃত্ত, $x^2+y^2-8x-6y+16=0$ ..... (i)

কেন্দ্র $C_1(4, 3)$; ব্যাসার্ধ $r_1 = \sqrt{(-4)^2+(-3)^2-16} = 3$ একক

এবং $x^2+y^2=4$ ..... (ii)

কেন্দ্র $C_2(0, 0)$; ব্যাসার্ধ $r_2 = 2$ একক

এখানে, কেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $= \sqrt{(4-0)^2+(3-0)^2}$

$= 5$

= ব্যাসার্ধদ্বয়ের যোগফল

$\therefore$ বৃত্তদ্বয় পরস্পরকে বহিঃস্পর্শ করবে।




দুটি বৃত্ত পরস্পরকে বহিঃস্পর্শ করলে কেন্দ্রদ্বয়ের সংযোজক সরলরেখা স্পর্শবিন্দুতে ব্যাসার্ধের অনুপাতে অন্তর্বিভক্ত হয়।

$\therefore C_1(4, 3)$ ও $C_2(0, 0)$ বিন্দুর সংযোজক সরলরেখা স্পর্শবিন্দুতে 3 : 2 অনুপাতে বিভক্ত হয়।

ধরি, স্পর্শবিন্দু $P(\alpha, \beta)$

$\therefore P(\alpha, \beta) \equiv \left(\frac{3\times0+2\times4}{3+2}, \frac{3\times0+2\times3}{3+2}\right) \equiv \left(\frac{8}{5}, \frac{6}{5}\right)$ **(Ans.)**

**গ** দেওয়া আছে, $x^2+y^2-8x-6y+16=0$ ..... (i)

এবং $x^2+y^2=4$ ..... (ii)

$\Rightarrow x^2+y^2-4=0$ ..... (iii)

$\therefore$ সাধারণ জ্যা এর সমীকরণ,

$x^2+y^2-8x-6y+16-(x^2+y^2-4)=0$

$\Rightarrow -8x-6y+20=0$

$\Rightarrow 8x+6y=20$

$\Rightarrow \frac{8x}{20}+\frac{6y}{20}=1$

$\Rightarrow \frac{x}{\frac{20}{8}}+\frac{y}{\frac{20}{6}}=1$

$\Rightarrow \frac{x}{\frac{5}{2}}+\frac{y}{\frac{10}{3}}=1$; যা বৃত্তদ্বয়ের সাধারণ জ্যায়ের সমীকরণ।




$\therefore \Delta OAB$ এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\times\frac{5}{2}\times\frac{10}{3} = \frac{25}{6}$ বর্গ একক **(Ans.)**

**প্রশ্ন ▶ ১৫**




**(ক)** $x^2+y^2-2x-3y-17=0$ বৃত্তের সাপেক্ষে (1, 2) বিন্দুটির অবস্থান নির্ণয় কর।

**(খ)** O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের P বিন্দুতে স্পর্শক ও অভিলম্বের সমীকরণ নির্ণয় কর। [চ. বো. ১৯; অনুরূপ প্রশ্ন: চ. বো. ২৩]

**(গ)** A ও B বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। [চ. বো. ১৯]

**সমাধান:**

**ক** ধরি, $f(x) = x^2+y^2-2x-3y-17$

$\therefore f(1, 2) = 1^2+2^2-2\times1-3\times2-17$

$= -20 < 0$

$\therefore$ (1, 2) বিন্দুটি $x^2+y^2-2x-3y-17=0$ বৃত্তের ভিতরে অবস্থিত। **(Ans.)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**খ** O(0, 0) কেন্দ্র বিশিষ্ট বৃত্তটির ব্যাসার্ধ = 2 একক
[∵ বৃত্তটি N(2, 0) বিন্দুগামী]

∴ বৃত্তটির সমীকরণ, $x^2 + y^2 = (2)^2$

$\Rightarrow x^2 + y^2 = 4$

$P(1, \sqrt{3})$ বিন্দুতে বৃত্তের স্পর্শকের সমীকরণ,

$x.1 + y.\sqrt{3} = 4$

∴ $x + \sqrt{3}y = 4$ **(Ans.)**

∴ $P(1, \sqrt{3})$ বিন্দুগামী $x + \sqrt{3}y = 4$ রেখার উপর লম্ব রেখার সমীকরণ,

$\sqrt{3}x - y = \sqrt{3} \times 1 - \sqrt{3}$

∴ $\sqrt{3}x - y = 0$ **(Ans.)**

**গ**




x অক্ষকে স্পর্শ করলে,

বৃত্তের ব্যাসার্ধ = |কেন্দ্রের কোটি|

= |– 3|

= 3 একক

∴ বৃত্তটির সমীকরণ,

$(x - 2)^2 + (y + 3)^2 = 3^2$

$\Rightarrow x^2 - 4x + 4 + y^2 + 6y + 9 = 9$

$\Rightarrow x^2 + y^2 - 4x + 6y + 4 = 0$ ..... (i)

আবার, (i) নং বৃত্তটি y অক্ষকে A ও B বিন্দুতে ছেদ করেছে।

∴ A ও B বিন্দুর ভুজ, x = 0

(i) এ বসিয়ে পাই,

$y^2 + 6y + 4 = 0$

∴ $y = -3 \pm \sqrt{5}$ [Using Calculator]

∴ A বিন্দুর স্থানাঙ্ক $(0, -3 + \sqrt{5})$

এবং B বিন্দুর স্থানাঙ্ক $(0, -3 - \sqrt{5})$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ১৬**




**OA = 3 একক এবং OB = 5 একক।**

**(ক) একটি বৃত্তের কেন্দ্র (4, – 5)। বৃত্তটি (7, 2) বিন্দুগামী হলে, বৃত্তটির সমীকরণ নির্ণয় কর।**

**(খ) চিত্রে প্রদর্শিত বৃত্তটির সমীকরণ নির্ণয় কর।** [ব. বো. ১৯]

**(গ) O যদি একটি ব্যাসের একটি প্রান্তবিন্দু হয়, তবে ঐ ব্যাসের অপর প্রান্তবিন্দুতে স্পর্শকের সমীকরণ নির্ণয় কর।** [ব. বো. ১৯]

**সমাধান:**

**ক** বৃত্তটির কেন্দ্র (4, – 5)

বৃত্তটির (7, 2) বিন্দুগামী হওয়ায়,

ব্যাসার্ধ = $\sqrt{(4-7)^2 + (-5-2)^2}$

= $\sqrt{58}$ একক

∴ বৃত্তটির সমীকরণ,

$(x - 4)^2 + (y + 5)^2 = (\sqrt{58})^2$

$\Rightarrow x^2 - 8x + 16 + y^2 + 10y + 25 = 58$

∴ $x^2 + y^2 - 8x + 10y - 17 = 0$ **(Ans.)**

**খ** চিত্রে, OA = 3 একক এবং OB = 5 একক

A(3, 0); B(0, 5)

ধরি, মূলবিন্দুগামী বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 + 2gx + 2fy = 0$ ..... (i)

(i) নং বৃত্তটি (3, 0) ও (0, 5) বিন্দু দিয়ে যায়।

∴ $3^2 + 0^2 + 2g.3 + 0 = 0$

$\Rightarrow g = -\frac{3}{2}$

এবং $0^2 + 5^2 + 0 + 2f.5 = 0$

$\Rightarrow f = -\frac{5}{2}$

(i) নং এ g ও f এর মান বসিয়ে,

$x^2 + y^2 + 2\left(-\frac{3}{2}\right)x + 2\left(-\frac{5}{2}\right)y = 0$

∴ $x^2 + y^2 - 3x - 5y = 0$ **(Ans.)**

**গ** 'খ' হতে বৃত্তের কেন্দ্র, $C(-g, -f) \equiv \left(\frac{3}{2}, \frac{5}{2}\right)$

এবং মূলবিন্দু O (0, 0)

ধরি, O বিন্দুগামী ব্যাসের অপর প্রান্তের স্থানাঙ্ক D (α, β)

∴ OD ব্যাসের মধ্যবিন্দু $\left(\frac{\alpha}{2}, \frac{\beta}{2}\right)$; যা বৃত্তের কেন্দ্র।

প্রশ্নমতে, $\left(\frac{\alpha}{2}, \frac{\beta}{2}\right) \equiv \left(\frac{3}{2}, \frac{5}{2}\right)$

$\frac{\alpha}{2} = \frac{3}{2}$ ∴ α = 3

এবং $\frac{\beta}{2} = \frac{5}{2}$ ∴ β = 5

∴ D বিন্দুর স্থানাঙ্ক (3, 5)




∴ OD রেখার সমীকরণ: $y = \frac{5}{3}x$

$\Rightarrow 3y = 5x$

∴ $5x - 3y = 0$

D(3, 5) বিন্দুগামী $5x - 3y = 0$ রেখার উপর লম্ব রেখার সমীকরণ,

$3x + 5y = 3 \times 3 + 5 \times 5$

∴ $3x + 5y - 34 = 0$ **(Ans.)**

ADMISSION STUFFS
t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**প্রশ্ন ▶ ১৭**




**(ক)** AC জ্যা এর সমীকরণ নির্ণয় কর। [রা. বো.; কু. বো.; চ. বো.; ব. বো. ১৮]

**(খ)** উদ্দীপকে বর্ণিত বৃত্তের সমীকরণ নির্ণয় কর। [রা. বো.; কু. বো.; চ. বো.; ব. বো. ১৮]

**(গ)** C বিন্দু হতে $x^2 + y^2 - 6x - 8y + 9 = 0$ বৃত্তের স্পর্শকের সমীকরণ নির্ণয় কর। [রা. বো.; কু. বো.; চ. বো.; ব. বো. ১৮]

**সমাধান:**

**ক** দেওয়া আছে, A(4, 2) এবং C(– 3, 4)

$\therefore$ AC জ্যা এর সমীকরণ: $\frac{x-4}{4-(-3)} = \frac{y-2}{2-4}$

$\Rightarrow \frac{x-4}{4+3} = \frac{y-2}{-2}$

$\Rightarrow 7y - 14 = -2x + 8$

$\therefore 2x + 7y - 22 = 0$ **(Ans.)**

**খ** ধরি, নির্ণেয় বৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ ..... (i)

(i) নং বৃত্তটি (– 3, 4) বিন্দু দিয়ে যায়।

$\therefore (-3)^2 + 4^2 + 2g(-3) + 2f \times 4 + c = 0$

$\Rightarrow 25 - 6g + 8f + c = 0$ ..... (ii)

আবার, (i) নং বৃত্তটি (– 1, 4) বিন্দু দিয়ে যায়।

$\therefore (-1)^2 + 4^2 + 2g(-1) + 2f \times 4 + c = 0$

$\Rightarrow 17 - 2g + 8f + c = 0$ ..... (iii)

এবং (i) নং বৃত্তটি(4, 2) বিন্দু দিয়ে যায়।

$\therefore 4^2 + 2^2 + 2g \times 4 + 2f \times 2 + c = 0$

$\Rightarrow 20 + 8g + 4f + c = 0$ ..... (iv)

(ii) – (iii) করে,

$25 - 6g + 8f + c - 17 + 2g - 8f - c = 0$

$\therefore g = 2$

(iii) – (iv) করে,

$17 - 2g + 8f + c - 20 - 8g - 4f - c = 0$

$\Rightarrow -3 - 10g + 4f = 0$

$\Rightarrow -3 - 10 \times 2 + 4f = 0 \quad [\because g = 2]$

$\therefore f = \frac{23}{4}$

g ও f এর মান (ii) নং সমীকরণে বসিয়ে পাই,

$25 - 6 \times 2 + 8 \times \frac{23}{4} + c = 0$

$\therefore c = -59$

(i) নং এ g, f ও c এর মান বসিয়ে পাই,

$x^2 + y^2 + 2 \times 2x + 2 \times \frac{23}{4} y - 59 = 0$

$\therefore 2x^2 + 2y^2 + 8x + 23y - 118 = 0$ **(Ans.)**

**গ** ধরি, C(– 3, 4) বিন্দুগামী স্পর্শকের সমীকরণ,

$y - 4 = m(x + 3)$ ..... (i)

$\therefore mx - y + 3m + 4 = 0$

প্রদত্ত বৃত্ত: $x^2 + y^2 - 6x - 8y + 9 = 0$

এখানে, $g = -3$, $f = -4$ এবং $c = 9$

$\therefore$ বৃত্তটির কেন্দ্র $(-g, -f) \equiv (3, 4)$

এবং বৃত্তটির ব্যাসার্ধ $= \sqrt{g^2 + f^2 - c}$

$= \sqrt{(-3)^2 + (-4)^2 - 9}$

$= 4$ একক

শর্তমতে, বৃত্তের কেন্দ্র (3, 4) হতে স্পর্শক,

$mx - y + 3m + 4 = 0$ এর লম্ব দূরত্ব ব্যাসার্ধের সমান।

$\therefore \left|\frac{m \times 3 - 4 + 3m + 4}{\sqrt{m^2 + (-1)^2}}\right| = 4$

$\Rightarrow \left|\frac{3m + 3m}{\sqrt{m^2 + 1}}\right| = 4$

$\Rightarrow \left(\frac{6m}{\sqrt{m^2 + 1}}\right)^2 = 4^2$ [বর্গ করে]

$\Rightarrow \frac{36m^2}{m^2 + 1} = 16$

$\Rightarrow 36m^2 = 16(m^2 + 1)$

$\therefore m = \pm \frac{2}{\sqrt{5}}$

(i) নং সমীকরণ হতে পাই,

$y - 4 = \pm \frac{2}{\sqrt{5}}(x + 3)$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ১৮** দৃশ্যকল্প-১: $6\sqrt{2}$ বাহু বিশিষ্ট বর্গের একটি শীর্ষ মূলবিন্দুতে অবস্থিত এবং এর বিপরীত শীর্ষ y অক্ষের উপর অবস্থিত।

দৃশ্যকল্প-২: $x^2 + y^2 - 2x - 4y - 4 = 0$ ..... ..... (i)

**(ক)** $x^2 + y^2 - 3x = 0$ বৃত্তটিকে পোলার সমীকরণে প্রকাশ কর। [কু. বো. ১৯]

**(খ)** দৃশ্যকল্প-১ এ বর্ণিত বর্গের কর্ণকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ নির্ণয় কর। [দি. বো. ১৯]

**(গ)** দৃশ্যকল্প-২ হতে, এমন একটি বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা (i) এ বর্ণিত বৃত্তটির কেন্দ্র ও (3, 2) বিন্দু দিয়ে যায় এবং x অক্ষকে স্পর্শ করে। [য. বো. ১৯]

**সমাধান:**

**ক** কার্তেসীয় স্থানাঙ্ক (x, y) এবং পোলার স্থানাঙ্ক (r, θ) হলে,

$x = r\cos\theta$, $y = r\sin\theta$ এবং $r = \sqrt{x^2 + y^2}$

দেওয়া আছে, $x^2 + y^2 - 3x = 0$

$\Rightarrow r^2 - 3r\cos\theta = 0$

$\Rightarrow r - 3\cos\theta = 0$

$\therefore r = 3\cos\theta$; ইহাই নির্ণেয় পোলার সমীকরণ। **(Ans.)**



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**খ** ধরি, OABC বর্গের O বিন্দু মূলবিন্দুতে এবং এর বিপরীত শীর্ষবিন্দু B, y অক্ষের উপর অবস্থিত এবং $OA = AB = BC = CO = 6\sqrt{2}$




$\therefore$ OAB সমকোণী ত্রিভুজ, $OB^2 = OA^2 + AB^2$

$= (6\sqrt{2})^2 + (6\sqrt{2})^2 = 144$

$\therefore OB = \pm 12$

এখানে, OB = 12, y অক্ষের ধনাত্মক দিকে কর্ণ নির্দেশ করে।

এবং OB = – 12, y অক্ষের ঋণাত্মক দিকে কর্ণ নির্দেশ করে।

এখন, O(0, 0) এবং B(0, ±12) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ,

$(x - 0)(x - 0) + (y - 0)(y \pm 12) = 0$

$\therefore x^2 + y^2 \pm 12y = 0$ **(Ans.)**

**গ**




$x^2 + y^2 - 2x - 4y - 4 = 0$ ..... (i)

$\therefore$ বৃত্তের কেন্দ্র $(-g, -f) \equiv (1, 2)$

ধরি, বৃত্তের কেন্দ্র (h, k)

যেহেতু, বৃত্তটি x অক্ষকে স্পর্শ করে।

$\therefore$ বৃত্তের ব্যাসার্ধ = |কেন্দ্রের কোটি| = |k|

$\therefore$ বৃত্তের সমীকরণ,

$(x - h)^2 + (y - k)^2 = |k|^2$ ..... (ii)

যেহেতু, (ii) নং বৃত্তটি (1, 2) ও (3, 2) বিন্দু দিয়ে যায়,

$\therefore$ (1, 2) বিন্দুর জন্য,

$(1 - h)^2 + (2 - k)^2 = k^2$

$\Rightarrow 1 - 2h + h^2 + 2^2 - 4k + k^2 = k^2$

$\Rightarrow 5 - 2h - 4k + h^2 = 0$ ..... (iii)

আবার, (3, 2) বিন্দুর জন্য,

$(3 - h)^2 + (2 - k)^2 = k^2$

$\Rightarrow 3^2 - 6h + h^2 + 2^2 - 4k + k^2 = k^2$

$\Rightarrow 13 - 6h - 4k + h^2 = 0$ ..... (iv)

এখন, (iii) – (iv) করে,

$5 - 2h - 4k + h^2 - 13 + 6h + 4k - h^2 = 0$

$\Rightarrow -8 + 4h = 0$

$\therefore h = 2$

(iii) নং এ h এর মান বসিয়ে পাই,

$5 - 4 - 4k + 4 = 0$

$\therefore k = \frac{5}{4}$

এখন, (ii) নং সমীকরণের h ও k এর মান বসিয়ে পাই,

বৃত্তের সমীকরণ : $(x - 2)^2 + \left(y - \frac{5}{4}\right)^2 = \left(\frac{5}{4}\right)^2$

$\Rightarrow x^2 - 4x + 4 + y^2 - \frac{5}{2}y + \frac{25}{16} = \frac{25}{16}$

$\Rightarrow x^2 + y^2 - 4x - \frac{5}{2}y + 4 = 0$

$\therefore 2x^2 + 2y^2 - 8x - 5y + 8 = 0$ **(Ans.)**

**প্রশ্ন ▸ ১৯** দৃশ্যকল্প-১:




দৃশ্যকল্প-২: (1, 2) কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্ত x অক্ষকে স্পর্শ করে।

(ক) $r(1 + \cos\theta) = 2$ সমীকরণকে কার্তেসীয় সমীকরণে প্রকাশ কর। [রা. বো. ২২]

(খ) দৃশ্যকল্প-২ হতে বৃত্তটির সমীকরণ নির্ণয় কর। বৃত্তটি দ্বারা y অক্ষের খণ্ডিত অংশের পরিমাণও নির্ণয় কর। [ম. বো. ২২]

(গ) দৃশ্যকল্প-১ এ, (5, 4) বিন্দু হতে ΔABC এর পরিবৃত্তের স্পর্শকের দৈর্ঘ্য নির্ণয় কর। [কু. বো. ১৯]

সমাধান:

**ক** কার্তেসীয় স্থানাঙ্ক (x, y) এবং পোলার স্থানাঙ্ক (r, θ) হলে,

$x = r\cos\theta$, $y = r\sin\theta$ এবং $r = \sqrt{x^2 + y^2}$

দেওয়া আছে, $r(1 + \cos\theta) = 2$

$\Rightarrow r + r\cos\theta = 2 \Rightarrow \sqrt{x^2 + y^2} + x = 2$

$\Rightarrow \sqrt{x^2 + y^2} = 2 - x \Rightarrow x^2 + y^2 = (2 - x)^2$

$\Rightarrow x^2 + y^2 = 4 - 4x + x^2$

$\therefore y^2 + 4x - 4 = 0$; ইহাই নির্ণেয় কার্তেসীয় সমীকরণ। **(Ans.)**

**খ** (1, 2) কেন্দ্রবিশিষ্ট বৃত্ত x অক্ষকে স্পর্শ করে।

$\therefore$ বৃত্তটির ব্যাসার্ধ, r = |কেন্দ্রের কোটি| = 2 একক

এখন, (1, 2) কেন্দ্র ও 2 একক ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের সমীকরণ,

$(x - 1)^2 + (y - 2)^2 = 2^2 \Rightarrow x^2 - 2x + 1 + y^2 - 4y + 4 = 4$

$\therefore x^2 + y^2 - 2x - 4y + 1 = 0$ .....(i) **(Ans.)**

$\therefore$ (i) নং বৃত্তটি দ্বারা y অক্ষের খণ্ডিতাংশের দৈর্ঘ্য $= 2\sqrt{f^2 - c}$

$= 2\sqrt{(-2)^2 - 1}$

$= 2\sqrt{3}$ একক

**(Ans.)**

**গ** ধরি, ΔABC এর পরিবৃত্তের সমীকরণ,

$x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ ..... (i)

(i) নং বৃত্তটি A(2, 1), B(– 2, 0) ও C(– 2, – 2) বিন্দু দিয়ে যায়।

$\therefore 2^2 + 1^2 + 2g \times 2 + 2f \times 1 + c = 0$

$\Rightarrow 4g + 2f + c + 5 = 0$ ..... (ii)

ADMISSION STUFFS
Rhombus Publications
t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



আবার, $(-2)^2 + 0^2 + 2g(-2) + 0 + c = 0$

$\Rightarrow -4g + c + 4 = 0$ ..... (iii)

এবং $(-2)^2 + (-2)^2 + 2g.(-2) + 2f(-2) + c = 0$

$\Rightarrow -4g - 4f + c + 8 = 0$ ..... (iv)

(iv) – (iii) করে, $-4f + 4 = 0 \therefore f = 1$

(ii) – (iii) করে, $8g + 2f + 1 = 0$

$\Rightarrow 8g + 2 \times 1 + 1 = 0 \quad [\because f = 1]$

$\therefore g = -\frac{3}{8}$

(iii) নং এ g এর মান বসাই, $-4 \times \left(-\frac{3}{8}\right) + c + 4 = 0$

$\therefore c = -\frac{11}{2}$

(i) নং এ g, f ও c এর মান বসিয়ে,

$x^2 + y^2 - \frac{3}{4}x + 2y - \frac{11}{2} = 0$ ..... (v)

$\therefore$ (5, 4) বিন্দু হতে (v) নং বৃত্তের স্পর্শকের দৈর্ঘ্য

$= \sqrt{5^2 + 4^2 - \frac{3}{4} \times 5 + 2 \times 4 - \frac{11}{2}} = \frac{\sqrt{159}}{2}$ একক **(Ans.)**

**প্রশ্ন ▶ ২০** দৃশ্যকল্প-১:




দৃশ্যকল্প-২: $x^2 + y^2 - 6x + 2y + 1 = 0$

**(ক)** $x^2 + y^2 = 36$ এবং $x^2 + y^2 + 20x + 84 = 0$ বৃত্তদ্বয় পরস্পরকে কিরূপে স্পর্শ করে?

**(খ)** দৃশ্যকল্প-২ এ বর্ণিত বৃত্তের একটি স্পর্শকের সমীকরণ নির্ণয় কর যা $3x + 4y - 1 = 0$ এর সমান্তরাল। [দি. বো. ২২]

**(গ)** দৃশ্যকল্প-১ এ AB কে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ ও B বিন্দুতে স্পর্শকের সমীকরণ নির্ণয় কর। [ব. বো. ২২]

**সমাধান:**

**ক** ১ম বৃত্তের সমীকরণ: $x^2 + y^2 = 36 \Rightarrow x^2 + y^2 = 6^2$

$\therefore$ কেন্দ্র (0, 0) এবং ব্যাসার্ধ = 6 একক

আবার, ২য় বৃত্তের সমীকরণ: $x^2 + y^2 + 20x + 84 = 0$

$\therefore$ কেন্দ্র $\left(\frac{20}{-2}, 0\right) \equiv (-10, 0)$

এবং ব্যাসার্ধ $= \sqrt{100 + 0 - 84}$

$= 4$ একক

এখন,

কেন্দ্রদ্বয়ের দূরত্ব $= \sqrt{(0 + 10)^2 + (0 - 0)^2}$

$= 10$ একক

= ব্যাসার্ধদ্বয়ের যোগফল

$\therefore$ বৃত্তদ্বয় পরস্পরকে বহিঃস্থভাবে স্পর্শ করে। **(Ans.)**

**খ** এখানে, $x^2 + y^2 - 6x + 2y + 1 = 0$

$\therefore$ বৃত্তের কেন্দ্র (3, – 1)

এবং ব্যাসার্ধ, $r = \sqrt{9 + 1 - 1} = 3$ একক

$3x + 4y - 1 = 0$ রেখার সমান্তরাল রেখার সমীকরণ,

$3x + 4y + k = 0$ ..... (i)

যেহেতু, কেন্দ্র (3, – 1) হতে (i) নং স্পর্শকের লম্ব দূরত্ব = বৃত্তের ব্যাসার্ধ।

$\therefore \left|\frac{3 \times 3 + 4(-1) + k}{\sqrt{3^2 + 4^2}}\right| = 3$

$\Rightarrow \left|\frac{9 - 4 + k}{5}\right| = 3 \Rightarrow 5 + k = \pm 15$

$\therefore k = 10, -20$

এখন, (i) নং হতে পাই: $k = 10$ হলে, $3x + 4y + 10 = 0$ **(Ans.)**

এবং $k = -20$ হলে, $3x + 4y - 20 = 0$ **(Ans.)**

**গ** A $\left(\frac{5}{2}, 0\right)$ ও B $\left(0, \frac{3}{2}\right)$ বিন্দুদ্বয়ের সংযোজক রেখা AB কে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ,

$\left(x - \frac{5}{2}\right)(x - 0) + (y - 0)\left(y - \frac{3}{2}\right) = 0$

$\Rightarrow \frac{x(2x - 5)}{2} + \frac{y(2y - 3)}{2} = 0$

$\Rightarrow x(2x - 5) + y(2y - 3) = 0$

$\Rightarrow 2x^2 - 5x + 2y^2 - 3y = 0$

$\therefore x^2 + y^2 - \frac{5x}{2} - \frac{3y}{2} = 0$ ..... (i) **(Ans.)**

আমরা জানি, $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তের $(x_1, y_1)$ বিন্দুতে স্পর্শকের সমীকরণ, $xx_1 + yy_1 + g(x + x_1) + f(y + y_1) + c = 0$

$\therefore B\left(0, \frac{3}{2}\right)$ বিন্দুতে (i) নং বৃত্তের অঙ্কিত স্পর্শকের সমীকরণ,

$0.x + \frac{3}{2} \cdot y - \frac{5}{4}(x + 0) - \frac{3}{4}\left(y + \frac{3}{2}\right) + 0 = 0$

$\Rightarrow \frac{3y}{2} - \frac{5x}{4} - \frac{3y}{4} - \frac{9}{8} = 0 \Rightarrow \frac{12y - 10x - 6y - 9}{8} = 0$

$\Rightarrow 6y - 10x - 9 = 0$

$\therefore 10x - 6y + 9 = 0$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ২১** উদ্দীপক-১




উদ্দীপক-২




**(ক)** $x^2 + y^2 - 4x - 6y + c = 0$ বৃত্তটি x অক্ষকে স্পর্শ করলে c এর মান নির্ণয় কর।

**(খ)** উদ্দীপক-১ এর বৃত্তের সমীকরণ নির্ণয় কর, যার কেন্দ্র ১ম চতুর্ভাগে $x + y = 3$ রেখায় অবস্থিত।

**(গ)** উদ্দীপক-২ এর বৃত্তের সমীকরণ $x^2 + y^2 = 16$ হলে, স্পর্শকদ্বয়ের সমীকরণ নির্ণয় কর।



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



সমাধান:

**ক** প্রদত্ত বৃত্তের সমীকরণ: $x^2 + y^2 - 4x - 6y + c = 0$
বৃত্তটিকে $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তের সাথে তুলনা করে পাই, $g = -2$, $f = -3$
যেহেতু, বৃত্তটি x অক্ষকে স্পর্শ করে।
$\therefore g^2 = c \Rightarrow (-2)^2 = c$
$\therefore c = 4$ **(Ans.)**

**খ** মনে করি, বৃত্তটির সমীকরণ,
$x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ ..... (i)
বৃত্তটি x অক্ষকে স্পর্শ করে বলে, $c = g^2$..... (ii)
এখানে, রেখার সমীকরণ, $x + y = 3$ ..... (iii)
(i) নং বৃত্তটির কেন্দ্র $(-g, -f)$, (iii) নং রেখার উপর অবস্থিত।
$\therefore -g - f = 3$
$\Rightarrow f = -g - 3$ ..... (iv)
আবার, বৃত্তটি (1, 1) বিন্দুগামী বলে,
$\therefore 1 + 1 + 2g + 2f + c = 0$
$\Rightarrow 2 + 2g + 2(-g - 3) + g^2 = 0$ $[\because c = g^2]$
$\Rightarrow g^2 = 4$
$\therefore g = -2$ [∵ ১ম চতুর্ভাগে g ও f ঋণাত্মক]
(ii) নং হতে পাই, $c = (-2)^2 = 4$
(iv) নং হতে পাই, $f = -(-2) - 3 = 2 - 3 = -1$
এখন, g, f এবং c এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই,
$x^2 + y^2 - 4x - 2y + 4 = 0$ **(Ans.)**

**গ** এখানে, বৃত্তের সমীকরণ, $x^2 + y^2 = 16$
$\Rightarrow (x - 0)^2 + (y - 0)^2 = 4^2$
$\therefore$ বৃত্তটির কেন্দ্র (0, 0) এবং ব্যাসার্ধ 4 একক
স্পর্শকের ঢাল, $m = \tan 30° = \frac{1}{\sqrt{3}}$
ধরি, স্পর্শক দ্বারা y অক্ষের কর্তিত অংশের পরিমাণ c।
$\therefore$ স্পর্শকের সমীকরণ, $y = mx + c \Rightarrow y = \frac{x}{\sqrt{3}} + c$
$\Rightarrow x - \sqrt{3}y + \sqrt{3}c = 0$ ..... (i)
(i) নং রেখাটি বৃত্তটিকে স্পর্শ করায় কেন্দ্র (0, 0) হতে রেখার দূরত্ব বৃত্তের ব্যাসার্ধের সমান হবে।
$\therefore \left|\frac{0 - 0 + \sqrt{3}c}{\sqrt{1 + 3}}\right| = 4$
$\Rightarrow \left|\frac{\sqrt{3}c}{\sqrt{4}}\right| = 4 \therefore c = \pm\frac{8}{\sqrt{3}}$
c এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই,
$x - \sqrt{3}y \pm \sqrt{3}\left(\pm\frac{8}{\sqrt{3}}\right) = 0$
$\therefore x - \sqrt{3}y \pm 8 = 0$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ২২** দৃশ্যকল্প-১:




দৃশ্যকল্প-২: $px + qy = 2$

**(ক)** $x^2 + y^2 + 4x + 6y - k = 0$ একটি বিন্দু বৃত্তের সমীকরণ হলে, k এর মান নির্ণয় কর।
**(খ)** দৃশ্যকল্প-১ হতে বৃত্তের সমীকরণ নির্ণয় কর।
**(গ)** $x^2 + y^2 + 2ly = 0$ বৃত্তটি দৃশ্যকল্প-২ এর সরলরেখাকে স্পর্শ করলে দেখাও যে, $l^2p^2 - 4lq - 4 = 0$.

সমাধান:

**ক** প্রদত্ত সমীকরণ, $x^2 + y^2 + 4x + 6y - k = 0$
এখানে, $g = 2$, $f = 3$, $c = -k$
ব্যাসার্ধ, $\sqrt{g^2 + f^2 - c} = 0$ [∵ বিন্দুবৃত্তের ব্যাসার্ধ 0]
$\Rightarrow 2^2 + 3^2 - (-k) = 0$
$\Rightarrow 13 + k = 0$
$\therefore k = -13$ **(Ans.)**

**খ** ধরি, বৃত্তের সমীকরণ,
$x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ ..... (i)
বৃত্তটি y অক্ষকে স্পর্শ করে।
$\therefore c = f^2$
আবার বৃত্তটি (0, −3) বিন্দুগামী।
$\therefore 0 + 9 + 0 - 6f + c = 0$
$\Rightarrow c - 6f + 9 = 0$
$\Rightarrow f^2 - 6f + 9 = 0$ $[\because c = f^2]$
$\Rightarrow (f - 3)^2 = 0$
$\therefore f = 3$
আবার, $c = f^2 = 3^2 = 9$
বৃত্তটি দ্বারা x অক্ষের খণ্ডিত অংশের দৈর্ঘ্য, AB = 8 একক
$\therefore 2\sqrt{g^2 - c} = 8$
$\Rightarrow \sqrt{g^2 - c} = 4$
$\Rightarrow g^2 - c = 16$ [বর্গ করে]
$\Rightarrow g^2 - 9 = 16$
$\Rightarrow g = \pm\sqrt{25} = \pm 5$
$\therefore g = -5$ [∵ বৃত্তের কেন্দ্র ৪র্থ চতুর্ভাগে অবস্থিত]
(i) নং এ g, f ও c এর মান বসিয়ে পাই,
$x^2 + y^2 + 2.(-5).x + 2.3.y + 9 = 0$
$\therefore x^2 + y^2 - 10x + 6y + 9 = 0$ **(Ans.)**

**গ** দৃশ্যকল্প-২ হতে, প্রদত্ত রেখা, $px + qy = 2$ ..... (i)
এখানে, বৃত্তের সমীকরণ, $x^2 + y^2 + 2ly = 0$ ..... (ii)
বৃত্তটিকে $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ এর সাথে তুলনা করে পাই,
$g = 0$, $f = l$, $c = 0$
$\therefore$ বৃত্তটির কেন্দ্র $(-g, -f) \equiv (0, -l)$
এবং ব্যাসার্ধ $= \sqrt{g^2 + f^2 - c} = \sqrt{0 + (-l)^2 + 0} = l$ একক
(ii) নং বৃত্তটি (i) নং সরলরেখাকে স্পর্শ করলে, কেন্দ্র $(0, -l)$ হতে (i) নং রেখার লম্ব দূরত্ব (ii) নং বৃত্তের ব্যাসার্ধের সমান হবে।
অর্থাৎ, $\left|\frac{p.0 + q(-l) - 2}{\sqrt{p^2 + q^2}}\right| = l$
$\Rightarrow \left|\frac{-(ql + 2)}{\sqrt{p^2 + q^2}}\right| = l \Rightarrow \frac{(ql + 2)}{\sqrt{p^2 + q^2}} = \pm l$
$\Rightarrow ql + 2 = \pm l\left(\sqrt{p^2 + q^2}\right) \Rightarrow (ql + 2)^2 = l^2(p^2 + q^2)$
$\Rightarrow q^2l^2 + 4ql + 4 = l^2p^2 + q^2l^2$
$\Rightarrow 4ql + 4 = l^2p^2$
$\therefore l^2p^2 - 4ql - 4 = 0$ **(Showed)**

Rhombus Publications
t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



## HSC পরীক্ষার্থীদের জন্য বাছাইকৃত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### বৃত্তের কেন্দ্র ও ব্যাসার্ধ নির্ণয়

১। **(1, 0) এবং (0, 2) বিন্দুগামী এবং x অক্ষের উপর কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ কোনটি?** [ঢা. বো. ২৩]

ক $\frac{3}{2}$ খ $\frac{5}{2}$

গ $\frac{41}{2}$ ঘ $\frac{25}{4}$

**উত্তর:** খ $\frac{5}{2}$

**ব্যাখ্যা:**




একটি বৃত্তের কেন্দ্র থেকে তার উপরিস্থ সকল বিন্দুর দূরত্ব সমান

$(\alpha-1)^2+0^2=(\alpha-0)^2+(0-2)^2$

$\Rightarrow (\alpha-1)^2=\alpha^2+(-2)^2$

$\Rightarrow \alpha^2-2\alpha+1=\alpha^2+4$

$\Rightarrow -2\alpha-3=0$

$\Rightarrow \alpha=-\frac{3}{2}$

$\therefore$ কেন্দ্র $\left(-\frac{3}{2},0\right)$

ব্যাসার্ধ $=\sqrt{\left(-\frac{3}{2}-1\right)^2+0^2}=\frac{5}{2}$

২। **(3, 4) কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্ত x অক্ষকে স্পর্শ করলে উহার ব্যাসার্ধ কত?** [চ. বো. ২৩]

ক 3 খ 4

গ 5 ঘ 7

**উত্তর:** খ 4

**ব্যাখ্যা:** x অক্ষকে স্পর্শ করলে,

ব্যাসার্ধ = |কেন্দ্রের কোটি| = 4

৩। **$2x^2+2y^2+4x-2y+4=0$ বৃত্তের কেন্দ্র কোনটি?** [কু. বো. ২২; অনুরূপ প্রশ্ন: দি. বো. ২২; কু. বো. ১৯, ১৭; সকল বো. ১৮; রা বো. ১৭; য. বো. ১৭]

ক $\left(-1,\frac{1}{2}\right)$ খ $\left(1,-\frac{1}{2}\right)$

গ $(-2,1)$ ঘ $\left(2,-\frac{1}{2}\right)$

**উত্তর:** ক $\left(-1,\frac{1}{2}\right)$

**ব্যাখ্যা:** কেন্দ্র, ব্যাসার্ধ নির্ণয় করতে গেলে অবশ্যই বৃত্তটাকে Main format এ নিতে হবে।

↳ $x^2$ ও $y^2$ এর সহগ 1 করে।

$x^2+y^2+2x-y+2=0$

কেন্দ্র $\equiv\left(\frac{x\text{ এর সহগ}}{-2},\frac{y\text{ এর সহগ}}{-2}\right)\equiv\left(-1,\frac{1}{2}\right)$

৪। **$3x-4y+4=0$ এবং $6x-8y-7=0$ সরলরেখাদ্বয় একই বৃত্তের স্পর্শক হলে, বৃত্তটির ব্যাসার্ধ–** [সি. বো. ২২]

ক $\frac{3}{5}$ খ $\frac{5}{7}$

গ $\frac{3}{4}$ ঘ $\frac{5}{6}$

**উত্তর:** গ $\frac{3}{4}$

**ব্যাখ্যা:** $3x-4y+4=0$

$3x-4y-\frac{7}{2}=0$

মূলত এই দুটি সমান্তরাল রেখার মধ্যবর্তী দূরত্বই হল বৃত্তের ব্যাস।

$3x-4y+4=0$ $\quad 6x-8y-7=0$

$\Rightarrow 3x-4y-\frac{7}{2}=0$

$\therefore$ ব্যাস $=\left|\frac{4+\frac{7}{2}}{\sqrt{3^2+4^2}}\right|$ ← দুটি সমান্তরাল রেখার মধ্যবর্তী দূরত্ব নির্ণয়ের সূত্র

$=\frac{3}{2}$

$\therefore$ ব্যাসার্ধ $=\frac{\text{ব্যাস}}{2}=\frac{3}{4}$

৫। **(–7, 8) কেন্দ্রবিশিষ্ট বৃত্ত y অক্ষকে স্পর্শ করলে বৃত্তটির ব্যাস কত?** [কু. বো. ১৯]

ক 7 খ 8

গ 14 ঘ 16

**উত্তর:** গ 14

**ব্যাখ্যা:** ব্যাসার্ধ = | কেন্দ্রের ভুজ | = 7 একক

[বৃত্ত x অক্ষকে স্পর্শ করলে, ব্যাসার্ধ = |কেন্দ্রের কোটি|

বৃত্ত y অক্ষকে স্পর্শ করলে, ব্যাসার্ধ = |কেন্দ্রের ভুজ|

$\therefore$ ব্যাস = 2 × ব্যাসার্ধ = 2 × 7 = 14

৬। **(– 2, 1) কেন্দ্রবিশিষ্ট বৃত্ত x অক্ষকে স্পর্শ করলে বৃত্তের ব্যাস–** [সকল. বো. ১৮]

ক –2 খ 1

গ 2 ঘ 4

**উত্তর:** গ 2

**ব্যাখ্যা:** ব্যাসার্ধ = | কেন্দ্রের কোটি |

= 1 একক

$\therefore$ ব্যাস = 2 × ব্যাসার্ধ = 2 × 1 = 2

ADMISSION STUFFS

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



৭। (3, 4) কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্ত x অক্ষকে স্পর্শ করলে উহার ব্যাসার্ধ কত? [চ. বো. ১৭]

ক 3 একক খ 4 একক
গ 5 একক ঘ 7 একক

উত্তর: খ 4 একক

ব্যাখ্যা: ব্যাসার্ধ = |কেন্দ্রের কোটি|
= 4 একক

**Note:** x অক্ষকে স্পর্শ করলে ব্যাসার্ধ = |কেন্দ্রের কোটি|
y অক্ষকে স্পর্শ করলে ব্যাসার্ধ = |কেন্দ্রের ভুজ|

৮। পোলার স্থানাংকে $r^2 - 2r\sin\theta = 3$ একটি বৃত্তের সমীকরণ। বৃত্তটির ব্যাসার্ধ কত একক? [সি. বো. ২৩]

ক 2 খ 3
গ 4 ঘ 6

উত্তর: ক 2

ব্যাখ্যা: $r^2 - 2r\sin\theta - 3 = 0$
$\Rightarrow x^2 + y^2 - 2y - 3 = 0$ [$\because r^2 = x^2 + y^2; y = r\sin\theta$]
এখানে, $g = 0, f = -1, c = -3$
ব্যাসার্ধ $= \sqrt{0^2 + (-1)^2 - (-3)}$
= 2 একক

৯। (8, –10) বিন্দুতে কেন্দ্রবিশিষ্ট বৃত্ত x অক্ষকে স্পর্শ করলে বৃত্তের ব্যাস কত একক? [ব. বো. ২২; অনুরূপ প্রশ্ন: দি. বো. ২২]

ক 8 খ 10
গ 16 ঘ 20

উত্তর: ঘ 20

ব্যাখ্যা: x অক্ষকে স্পর্শ করলে ব্যাসার্ধ = |কেন্দ্রের কোটি|
$= |-10| = 10$
$\therefore$ ব্যাস = 20 একক

১০। $x^2 + y^2 + 12x - 4y + 31 = 0$ সমীকরণবিশিষ্ট বৃত্তের ক্ষেত্রফল কত বর্গ একক? [রা. বো. ২৩]

ক $2\pi$ খ $3\pi$
গ $9\pi$ ঘ $6\pi$

উত্তর: গ $9\pi$

ব্যাখ্যা: ব্যাসার্ধ $= \sqrt{g^2 + f^2 - c} = \sqrt{36 + 4 - 31} = \sqrt{9} = 3 = r$
$\therefore$ বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2 = 9\pi$

১১। $(x-3)^2 + y^2 = 36$ একটি বৃত্তের সমীকরণ হলে–

(i) কেন্দ্রের স্থানাঙ্ক (3, 0)
(ii) ক্ষেত্রফল $6\pi$ বর্গ একক
(iii) ব্যাসার্ধ 6 একক
নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উত্তর: খ i ও iii

ব্যাখ্যা: $(x-3)^2 + y^2 = 36$
$\therefore$ কেন্দ্র (3, 0), ব্যাসার্ধ = 6 একক
$\therefore$ ক্ষেত্রফল $\pi(6)^2 = 36\pi$ বর্গ একক

❖ উদ্দীপকটির আলোকে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:

$k\frac{(x+1)^2}{4} + \frac{(y-1)^2}{3} = 0$ একটি বৃত্তের সমীকরণ নির্দেশ করে।

১২। k এর মান কত?

ক $\frac{3}{2}$ খ 1
গ $\frac{3}{4}$ ঘ $\frac{4}{3}$

উত্তর: ঘ $\frac{4}{3}$

ব্যাখ্যা: $k\frac{(x+1)^2}{4} + \frac{(y-1)^2}{3} = 0$
বৃত্ত হতে হলে, $x^2$ এর সহগ = $y^2$ এর সহগ
$\Rightarrow \frac{k}{4} = \frac{1}{3}$
$\therefore k = \frac{4}{3}$

১৩। বৃত্তটির কেন্দ্রের স্থানাঙ্ক কত?

ক (1, – 1) খ (– 1, 1)
গ (2, – 2) ঘ (– 2, 2)

উত্তর: খ (– 1, 1)

ব্যাখ্যা: $k\frac{(x+1)^2}{4} + \frac{(y-1)^2}{3} = 0$
$\Rightarrow \frac{4}{3} \times \frac{(x+1)^2}{4} + \frac{(y-1)^2}{3} = 0$
$\Rightarrow (x+1)^2 + (y-1)^2 = 0$
$\therefore$ কেন্দ্র (– 1, 1)

## বৃত্তের প্রমিত, সাধারণ ও পোলার সমীকরণ সংক্রান্ত

১৪। $r = 2a\cos\theta$ বৃত্তের– [ঢা. বো. ২৩]

(i) কেন্দ্র (a, 0)
(ii) ব্যাসার্ধ 2a
(iii) x অক্ষ হতে ছেদাংশের পরিমাণ 2a
নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উত্তর: খ i ও iii

ব্যাখ্যা: কার্তেসীয় স্থানাংক (x, y) এবং পোলার স্থানাংক (r, θ) হলে,
$x = r\cos\theta$, $y = r\sin\theta$ এবং $r = \sqrt{x^2 + y^2}$
এখানে, $r^2 = 2ar\cos\theta = 2ax$
$\Rightarrow x^2 + y^2 - 2ax = 0$
$x^2 + y^2 - 2ax = 0$ কে $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ এর সাথে তুলনা করে পাই,

(i) কেন্দ্র $(-g, -f) = \left(-\frac{x \text{ এর সহগ}}{2}, -\frac{y \text{ এর সহগ}}{2}\right)$
$= \left(-\frac{-2a}{2}, -\frac{0}{2}\right)$
$= (a, 0)$

(ii) ব্যাসার্ধ, $r = \sqrt{g^2 + f^2 - c} = \sqrt{(-a)^2 + 0^2 - 0} = \sqrt{a^2} = a$
$\therefore$ (ii) নং সঠিক নয়

(iii) x অক্ষের ছেদাংশ $= 2\sqrt{g^2 - c} = 2\sqrt{(-a)^2 - 0} = 2\sqrt{a^2} = 2a$



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



১৫। (2, – 3) কেন্দ্রবিশিষ্ট এবং y = 0 রেখাকে স্পর্শ করে এমন বৃত্তের সমীকরণ হলো–
[ব. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: য. বো. ২৩; দি. বো. ২৩, ২২; য. বো. ২২]
ⓚ $x^2 + y^2 - 4x + 6y + 4 = 0$
ⓛ $x^2 + y^2 - 4x + 6y + 9 = 0$
ⓜ $x^2 + y^2 - 4x + 6y + 13 = 0$
ⓝ $x^2 + y^2 + 4x - 6y + 4 = 0$
উত্তর: ⓚ $x^2 + y^2 - 4x + 6y + 4 = 0$
ব্যাখ্যা: y = 0 রেখা x অক্ষের সমীকরণ।
x অক্ষকে স্পর্শ করলে ব্যাসার্ধ = |কেন্দ্রের কোটি| = |– 3| = 3
∴ বৃত্তের সমীকরণ, $(x-2)^2 + (y+3)^2 = 3^2$
$\Rightarrow x^2 - 4x + 4 + y^2 + 6y + 9 = 9$
$\Rightarrow x^2 + y^2 - 4x + 6y + 4 = 0$

১৬। নিচের কোন শর্তে $ax^2 + by^2 = c$ সমীকরণটি একটি বৃত্ত নির্দেশ করে? [কু. বো. ২২]
ⓚ c = 0 ⓛ $c = r^2$
ⓜ $a \neq b$ ⓝ $\frac{a}{b} = 1, b \neq 0$
উত্তর: ⓝ $\frac{a}{b} = 1, b \neq 0$
ব্যাখ্যা: $ax^2 + by^2 = c$ সমীকরণটিকে একটি বৃত্ত নির্দেশ করতে হলে, অবশ্যই $x^2$ ও $y^2$ এর সহগ সমান হতে হবে। ∴ a = b
Option ⓝ $\frac{a}{b} = 1 \Rightarrow a = b$

**Note:** বৃত্তের সমীকরণ হতে হলে,
(i) $x^2$ ও $y^2$ এর সহগ সমান হতে হবে এবং $x^2$ ও $y^2$ এর সহগ এর মান 0 হতে পারবে না।
(ii) xy সম্বলিত কোনো পদ থাকবে না।

১৭। A(1, 2) ও B(2, 3) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ নিচের কোনটি? [সি. বো. ১৯]
ⓚ $x^2 + y^2 - 3x - 5y + 8 = 0$
ⓛ $x^2 + y^2 - 3x + 5y + 8 = 0$
ⓜ $x^2 + y^2 + 3x + 5y + 8 = 0$
ⓝ $x^2 + y^2 + 3x - 5y + 8 = 0$
উত্তর: ⓚ $x^2 + y^2 - 3x - 5y + 8 = 0$
ব্যাখ্যা: $(x_1, y_1)$ ও $(x_2, y_2)$ যদি ব্যাসের প্রান্তবিন্দু হয় তাহলে বৃত্তের সমীকরণ, $(x - x_1)(x - x_2) + (y - y_1)(y - y_2) = 0$
এখানে, $(x-1)(x-2) + (y-2)(y-3) = 0$
$\Rightarrow x^2 + y^2 - 3x - 5y + 8 = 0$

১৮। (2, – 3) কেন্দ্রবিশিষ্ট বৃত্তটি x অক্ষকে স্পর্শ করলে তার সমীকরণ কোনটি? [ঢা. বো. ১৭]
ⓚ $(x-2)^2 + (y-3)^2 = 3^2$ ⓛ $(x+2)^2 + (y+3)^2 = 2^2$
ⓜ $(x+2)^2 + (y-3)^2 = 2^2$ ⓝ $(x-2)^2 + (y+3)^2 = 3^2$
উত্তর: ⓝ $(x-2)^2 + (y+3)^2 = 3^2$
ব্যাখ্যা: x অক্ষকে স্পর্শ করলে ব্যাসার্ধ = | কেন্দ্রের কোটি | = 3
∴ বৃত্তের সমীকরণ, $(x-2)^2 + (y+3)^2 = 3^2$

১৯। $r^2 + 2r\cos\theta + 4r\sin\theta = 3$ বৃত্তটির কেন্দ্রের কার্তেসীয় স্থানাংক কত? [চ. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: য. বো. ২২]
ⓚ (– 1, – 2) ⓛ (– 2, – 4)
ⓜ (1, 2) ⓝ (2, 4)
উত্তর: ⓚ (– 1, – 2)
ব্যাখ্যা: $r^2 + 2r\cos\theta + 4r\sin\theta - 3 = 0$
$\Rightarrow x^2 + y^2 + 2x + 4y - 3 = 0$ [∵ $x = r\cos\theta; y = r\sin\theta$]
কেন্দ্র (– 1, – 2)

২০। $x^2 + y^2 + ay = 0$ এর পোলার সমীকরণ কোনটি? [কু. বো. ২৩]
ⓚ r + a = 0 ⓛ $r^2 + a = 0$
ⓜ $r + a\sin\theta = 0$ ⓝ $r^2 + a\sin\theta = 0$
উত্তর: ⓜ $r + a\sin\theta = 0$
ব্যাখ্যা: $x^2 + y^2 + ay = 0$
$\Rightarrow r^2 + ar\sin\theta = 0$ | $x^2 + y^2 = r^2$
$\Rightarrow r + a\sin\theta = 0$ | $y = r\sin\theta$

২১। r – 4 = 0 পোলার সমীকরণটি নির্দেশ করে– [ম. বো. ২২]
ⓚ পরাবৃত্ত ⓛ বৃত্ত
ⓜ উপবৃত্ত ⓝ অধিবৃত্ত
উত্তর: ⓛ বৃত্ত
ব্যাখ্যা: r – 4 = 0 | $r^2 = x^2 + y^2$
$\Rightarrow \sqrt{x^2 + y^2} = 4$ | $\therefore r = \sqrt{x^2 + y^2}$
$\Rightarrow x^2 + y^2 = 4^2$; যা একটি বৃত্তের সমীকরণ।

২২। $r = 2\cos\theta$ পোলার সমীকরণটি নির্দেশ করে– [ঢা. বো. ১৯]
ⓚ সরলরেখা ⓛ পরাবৃত্ত
ⓜ উপবৃত্ত ⓝ বৃত্ত
উত্তর: ⓝ বৃত্ত
ব্যাখ্যা: $r = 2\cos\theta$
$\Rightarrow r^2 = 2r\cos\theta$
$\Rightarrow x^2 + y^2 - 2x = 0$; যা একটি বৃত্তের সমীকরণ।

২৩। k এর কোন মানের জন্য $(x - y + 3)^2 + (kx + 2)(y - 1) = 0$ বৃত্ত প্রকাশ করবে?
ⓚ – 2 ⓛ – 1
ⓜ 1 ⓝ 2
উত্তর: ⓝ 2
ব্যাখ্যা: $(x - y + 3)^2 + (kx + 2)(y - 1) = 0$
$\Rightarrow x^2 + y^2 + 9 - 2xy - 6y + 6x + kxy - kx + 2y - 2 = 0$
$\Rightarrow x^2 + y^2 + xy(k - 2) - kx + 6x - 4y + 7 = 0$
শর্তমতে, xy এর সহগ = 0
$\Rightarrow k - 2 = 0$
∴ k = 2

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



## বৃত্ত দ্বারা x ও y অক্ষকে স্পর্শ ও খন্ডিতাংশ নির্ণয়

**২৪। $x^2+y^2-4x-6y=7$ বৃত্তের x অক্ষের খণ্ডিতাংশের দৈর্ঘ্য কত?**
[রা. বো. ২২; অনুরূপ প্রশ্ন: রা. বো. ২৩; সি. বো. ১৯]

ক $2\sqrt{11}$ খ $\sqrt{22}$
গ 11 ঘ 22

**উত্তর:** ক $2\sqrt{11}$

**ব্যাখ্যা:** $g=\frac{x\text{ এর সহগ}}{2}=-2$

x অক্ষের খন্ডিতাংশ, $2\sqrt{g^2-c}=2\sqrt{4+7}=2\sqrt{11}$

**২৫। $x^2+y^2-4x+8y=0$ বৃত্তের y অক্ষের খণ্ডিতাংশের দৈর্ঘ্য কোনটি?**
[কু. বো. ২২]

ক 4 খ 8
গ 16 ঘ 32

**উত্তর:** খ 8

**ব্যাখ্যা:** $f=\frac{y\text{ এর সহগ}}{2}=\frac{8}{2}=4$

y অক্ষের খন্ডিতাংশ $=2\sqrt{f^2-c}$
$=2\sqrt{16-0}$
$=8$

**২৬। $x^2+y^2-10x-12y+20=0$ বৃত্ত দ্বারা y অক্ষের খণ্ডিতাংশের দৈর্ঘ্য কত একক?**
[ব. বো. ২২; অনুরূপ প্রশ্ন: কু. বো. ২২; দি. বো. ২২; চ. বো. ১৯; য. বো. ১৯, ১৭]

ক $2\sqrt{5}$ খ $6\sqrt{5}$
গ 8 ঘ $4\sqrt{14}$

**উত্তর:** গ 8

**ব্যাখ্যা:** $f=\frac{y\text{ এর সহগ}}{2}=-6$

y অক্ষের খন্ডিতাংশ $=2\sqrt{f^2-c}=2\sqrt{36-20}=8$

**২৭। $x^2+y^2+2gx+2fy+c=0$ বৃত্তটি x অক্ষকে ছেদ করে না, যখন–**
[সি. বো. ১৭]

ক $g^2>c$ খ $g^2<c$
গ $f^2>c$ ঘ $f^2<c$

**উত্তর:** খ $g^2<c$

**ব্যাখ্যা:** $g^2=c$ হলে x অক্ষকে স্পর্শ করে।
$g^2<c$ হলে x অক্ষকে স্পর্শ/ছেদ করে না।
$g^2>c$ হলে x অক্ষকে ছেদ করে।

$f^2=c$ হলে y অক্ষকে স্পর্শ করে।
$f^2<c$ হলে y অক্ষকে স্পর্শ/ছেদ করে না।
$f^2>c$ হলে y অক্ষকে ছেদ করে।

**২৮। $x^2+y^2-4x-10y+4=0$ বৃত্তটি স্পর্শ করে–**
[চ. বো. ২২]

ক x অক্ষকে খ y অক্ষকে
গ উভয় অক্ষকে ঘ মূলবিন্দুকে

**উত্তর:** ক x অক্ষকে

**ব্যাখ্যা:** x অক্ষকে স্পর্শ করলে $g^2=c$
y অক্ষকে স্পর্শ করলে $f^2=c$
উভয় অক্ষকে স্পর্শ করলে $g^2=f^2=c$
মূলবিন্দুকে স্পর্শ করলে $c=0$
এখানে, $g=-2$ ; $f=-5$ ; $c=4=g^2$
∴ বৃত্তটি x অক্ষকে স্পর্শ করে।

**২৯। $2x^2+2y^2-12x-8y=14$ বৃত্তের–**
[চ. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: সি. বো. ২৩; চ. বো. ১৭]

**(i) কেন্দ্র (3, 2)**
**(ii) ব্যাসার্ধ $2\sqrt{5}$ একক**
**(iii) y অক্ষ দ্বারা খণ্ডিতাংশের দৈর্ঘ্য $2\sqrt{11}$ একক**
**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**উত্তর:** ঘ i, ii ও iii

**ব্যাখ্যা:** বৃত্তের সমীকরণ, $x^2+y^2-6x-4y-7=0$

(i) কেন্দ্র (3, 2)

(ii) ব্যাসার্ধ $=\sqrt{g^2+f^2-c}$
$=\sqrt{(-3)^2+(-2)^2-(-7)}$
$=\sqrt{9+4+7}$
$=\sqrt{20}$
$=2\sqrt{5}$

(iii) y অক্ষের খণ্ডিতাংশ $=2\sqrt{f^2-c}$
$=2\sqrt{(-2)^2-(-7)}$
$=2\sqrt{4+7}$
$=2\sqrt{11}$

**৩০। $x^2+y^2-2x-6y+6=0$ বৃত্তের ক্ষেত্রে–** [রা. বো. ২৩]

**(i) ব্যাসার্ধ 2 একক**
**(ii) একটি স্পর্শক $y=1$**
**(iii) বৃত্তটি y অক্ষকে স্পর্শ করে**
**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উত্তর:** ক i ও ii

**ব্যাখ্যা:** (i) এখানে, $g=-1, f=-3$
∴ ব্যাসার্ধ $=\sqrt{(-1)^2+(-3)^2-6}=\sqrt{1+9-6}=2$ একক
(ii) $x^2+y^2-2x-6y+6=0$ এখানে,
বৃত্তের কেন্দ্র $(-g,-f)\equiv(1,3)$
স্পর্শক হতে হলে, বৃত্তের কেন্দ্র থেকে স্পর্শকের লম্ব দূরত্ব ব্যাসার্ধের সমান হতে হবে।

কেন্দ্র থেকে স্পর্শক $(y-1=0)$ এর লম্ব দূরত্ব $=\left|\frac{3-1}{\sqrt{0^2+1^2}}\right|=2$

∴ ব্যাসার্ধ = বৃত্তের কেন্দ্র কেন্দ্র স্পর্শকের লম্ব দূরত্ব = 2 [(ii) নং সঠিক]
(iii) y অক্ষকে স্পর্শ করলে, $f^2=c$
$\therefore f^2=(-3)^2=9\neq 6$

Rhombus Publications
t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



৩১। $x^2 + y^2 - 4x - 6y = 0$ বৃত্তটি– [ঢা. বো. ২২]

(i) মূলবিন্দুগামী

(ii) x অক্ষ থেকে 4 একক অংশ খণ্ডন করে

(iii) y অক্ষকে (0, –6) বিন্দুতে ছেদ করে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii

গ i ও iii ঘ i, ii ও iii

উত্তর: ক i ও ii

ব্যাখ্যা: (i) (0, 0) বিন্দু বসালে সিদ্ধ হলে সেটা মূলবিন্দুগামী।
বা, বৃত্তের সমীকরণে $c = 0$ হলে বৃত্তটি মূলবিন্দুগামী।

(ii) $2\sqrt{g^2 - c} = 2\sqrt{4 - 0} = 4$

(iii) y অক্ষের উপর $x = 0$

$\therefore x^2 + y^2 - 4x - 6y = 0$

$\Rightarrow 0 + y^2 - 0 - 6y = 0$

$\Rightarrow y(y - 6) = 0$

$\therefore y = 0$ অথবা $y = 6$

$\therefore$ y অক্ষের ছেদবিন্দু (0, 0) এবং (0, 6)

৩২। (i) $x^2 + y^2 = a^2$ বৃত্তের কেন্দ্র মূলবিন্দুতে অবস্থিত [দি. বো. ১৭]

(ii) $x^2 + 2y^2 = 4$ একটি বৃত্তের সমীকরণ

(iii) $(x + 3)^2 + (y - 2)^2 = 9$ বৃত্তটি y অক্ষকে স্পর্শ করে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

উত্তর: খ i ও iii

ব্যাখ্যা: (i) $(x - 0)^2 + (y - 0)^2 = a^2$ ; কেন্দ্র (0, 0)

(ii) বৃত্ত হতে হলে $x^2$ ও $y^2$ এর সহগ একই হতে হবে।

(iii) এখানে, $(x + 3)^2 + (y - 2)^2 = 3^2$ $\therefore$ ব্যাসার্ধ = 3 একক

y অক্ষকে স্পর্শ করলে ব্যাসার্ধ = | কেন্দ্রের ভুজ | = | – 3 |
= 3 একক

$\therefore$ y অক্ষকে স্পর্শ করবে।

❖ নিচের তথ্যের আলোকে ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও:




৩৩। প্রদত্ত বৃত্তের কেন্দ্র C হলো– [ব. বো. ২৩]

ক (1, 1) খ (2, 2)

গ (1, 2) ঘ (2, 1)

উত্তর: ঘ (2, 1)

ব্যাখ্যা: কেন্দ্র $\equiv \left(\frac{\text{x এর সহগ}}{-2}, \frac{\text{y এর সহগ}}{-2}\right)$
$\equiv (2, 1)$

৩৪। AB এর দৈর্ঘ্য কত একক? [ব. বো. ২৩]

ক 2 খ 4

গ $2\sqrt{3}$ ঘ $\sqrt{3}$

উত্তর: গ $2\sqrt{3}$

ব্যাখ্যা: x অক্ষের খণ্ডিতাংশ $= 2\sqrt{g^2 - c}$ [$-g = 2, c = 1$]
$= 2\sqrt{4 - 1}$
$= 2\sqrt{3}$

❖ নিচের তথ্যের আলোকে ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও:

$x^2 + y^2 + 8x - 12y + 2 = 0$

৩৫। বৃত্তটির ব্যাসার্ধ কত একক? [ব. বো. ২৩]

ক $2\sqrt{3}$ খ $3\sqrt{6}$

গ 4 ঘ $5\sqrt{2}$

উত্তর: ঘ $5\sqrt{2}$

ব্যাখ্যা: $r = \sqrt{4^2 + (-6)^2 - 2} = 5\sqrt{2}$

$\left[\text{এখানে, } g = \frac{8}{2} = 4,\ f = \frac{-12}{2} - 6,\ c = 2\right]$

৩৬। বৃত্তটির y অক্ষের ছেদকৃত অংশের পরিমাণ কত একক? [ব. বো. ২৩]

ক $2\sqrt{34}$ খ $\sqrt{14}$

গ $2\sqrt{14}$ ঘ $6\sqrt{2}$

উত্তর: ক $2\sqrt{34}$

ব্যাখ্যা: y অক্ষের ছেদাংশ $= 2\sqrt{f^2 - c}$
$= 2\sqrt{(-6)^2 - 2}$
$= 2\sqrt{34}$

❖ উদ্দীপকটির আলোকে ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও:

$x^2 + y^2 - 12x + 8y + c = 0$ বৃত্তটি x অক্ষকে স্পর্শ করে।

৩৭। c এর মান কত? [ব. বো. ২২; অনুরূপ প্রশ্ন: সি. বো. ২২; রা. বো. ১৯]

ক – 6 খ 4

গ 16 ঘ 36

উত্তর: ঘ 36

ব্যাখ্যা: $g = \frac{\text{x এর সহগ}}{2} = -6$

$\therefore$ নির্ণেয় স্পর্শবিন্দু দুটি $(0, 0), (-p, 0)$ **(Showed)**

**গ** দেওয়া আছে, $f(x) = e^x$

ধরি, $g(x) = 4f(x) + 9f(-x) = 4e^x + 9e^{-x}$

$\therefore g'(x) = 4e^x - 9e^{-x}$

$\therefore g''(x) = 4e^x + 9e^{-x}$

লঘু ও গুরুমানের জন্য, $g'(x) = 0$

$\Rightarrow 4e^x - 9e^{-x} = 0$

$\Rightarrow 4e^x = 9e^{-x}$

$\Rightarrow \frac{e^x}{e^{-x}} = \frac{9}{4}$

$\Rightarrow e^{2x} = \frac{9}{4}$

$\Rightarrow e^x = \frac{3}{2}$

$\therefore x = \ln\frac{3}{2}$

$x = \ln\frac{3}{2}$ হলে, $g''\left(\ln\frac{3}{2}\right) = 4e^{\ln\frac{3}{2}} + 9e^{-\ln\frac{3}{2}}$

$= 4 \times \frac{3}{2} + 9 \times \frac{2}{3}$

$= 12 > 0$

$\therefore x = \ln\frac{3}{2}$ এ $g(x)$ এর লঘুমান বিদ্যমান।

$\therefore$ লঘুমান, $g\left(\ln\frac{3}{2}\right) = 4e^{\ln\frac{3}{2}} + 9e^{-\ln\frac{3}{2}}$

$= 4 \times \frac{3}{2} + 9 \times \frac{2}{3}$

$= 12$ **(Ans.)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**প্রশ্ন ▶ ১৯** $f(x) = \tan x$

**(ক)** $y = \sin\left\{2\tan^{-1}\sqrt{\left(\frac{1-x}{1+x}\right)}\right\}$ হলে, $\frac{dy}{dx}$ নির্ণয় কর। [রা. বো. ২১]

**(খ)** মূল নিয়মে x এর সাপেক্ষে $f(3x)$ এর অন্তরজ নির্ণয় কর।

[রা. বো. ২১; অনুরূপ প্রশ্ন: ঢা. বো. ২১; সকল বো. ১৮]

**(গ)** $y = f(x) + \sqrt{f'(x)}$ হলে প্রমাণ কর যে, $(1 - \sin x)y_2 - y = 0$

[রা. বো. ২১; অনুরূপ প্রশ্ন: সকল বো. ১৮]

**সমাধান:**

**ক** দেওয়া আছে, $y = \sin\left\{2\tan^{-1}\sqrt{\left(\frac{1-x}{1+x}\right)}\right\}$

ধরি, $x = \cos\theta$

$\Rightarrow \theta = \cos^{-1}x$

$\therefore y = \sin\left\{2\tan^{-1}\sqrt{\frac{1-\cos\theta}{1+\cos\theta}}\right\}$

$= \sin\left\{2\tan^{-1}\sqrt{\frac{2\sin^2\frac{\theta}{2}}{2\cos^2\frac{\theta}{2}}}\right\}$

$= \sin\left\{2\tan^{-1}\tan\frac{\theta}{2}\right\}$

$= \sin\left(2\times\frac{\theta}{2}\right)$

$= \sin\theta$

$\Rightarrow y = \sin(\cos^{-1}x)$

$\Rightarrow \frac{dy}{dx} = \frac{d}{dx}\{\sin(\cos^{-1}x)\}$

$\Rightarrow \frac{dy}{dx} = \cos(\cos^{-1}x).\frac{-1}{\sqrt{1-x^2}}$

$\therefore \frac{dy}{dx} = \frac{-x}{\sqrt{1-x^2}}$ **(Ans.)**

**খ** দেওয়া আছে, $f(x) = \tan x$

$\therefore f(3x) = \tan 3x$

ধরি, $g(x) = f(3x) = \tan 3x$

$\therefore g(x+h) = \tan(3x+3h)$

মূল নিয়মের সংজ্ঞানুসারে,

$\frac{d}{dx}g(x)$

$= \lim_{h\to 0}\frac{g(x+h)-g(x)}{h}$

$= \lim_{h\to 0}\frac{\tan(3x+3h)-\tan 3x}{h}$

$= \lim_{h\to 0}\frac{1}{h}\left[\frac{\sin(3x+3h)}{\cos(3x+3h)} - \frac{\sin 3x}{\cos 3x}\right]$

$= \lim_{h\to 0}\frac{1}{h}\frac{\sin(3x+3h).\cos 3x - \cos(3x+3h).\sin 3x}{\cos(3x+3h).\cos 3x}$

$= \lim_{h\to 0}\frac{1}{h}.\frac{\sin(3x+3h-3x)}{\cos(3x+3h).\cos 3x}$

$= \lim_{h\to 0}\frac{\sin 3h}{h}.\frac{1}{\cos(3x+3h).\cos 3x}$

$= 3\lim_{3h\to 0}\frac{\sin 3h}{3h}.\lim_{h\to 0}\frac{1}{\cos(3x+3h).\cos 3x}$

[$\because h \to 0$ হলে, $3h \to 0$]

$= \frac{3}{\cos(3x+0).\cos 3x}$

$= \frac{3}{\cos^2 3x}$

$= 3\sec^2 3x$ **(Ans.)**

**গ** দেওয়া আছে, $f(x) = \tan x$

$\therefore f'(x) = \sec^2 x$

এবং $y = f(x) + \sqrt{f'(x)}$

$\Rightarrow y = \tan x + \sqrt{\sec^2 x} = \tan x + \sec x$

$\Rightarrow y = \frac{\sin x}{\cos x} + \frac{1}{\cos x} = \frac{\sin x + 1}{\cos x}$ .....(i)

x এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$y_1 = \frac{\cos x\frac{d}{dx}(\sin x+1) - (\sin x+1)\frac{d}{dx}(\cos x)}{\cos^2 x}$

$\Rightarrow y_1 = \frac{\cos x.\cos x + (\sin x+1)\sin x}{\cos^2 x}$

$\Rightarrow y_1 = \frac{\cos^2 x + \sin^2 x + \sin x}{1-\sin^2 x}$

$\Rightarrow y_1 = \frac{1+\sin x}{(1+\sin x)(1-\sin x)}$

$\Rightarrow y_1 = \frac{1}{1-\sin x}$

$\Rightarrow y_1 = (1-\sin x)^{-1}$

আবার, x এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$y_2 = -1(1-\sin x)^{-2}(0-\cos x)$

$= \cos x(1-\sin x)^{-2}$

$= \frac{\cos x}{(1-\sin x)^2}$

$\Rightarrow (1-\sin x)y_2 = \frac{\cos x}{1-\sin x}$

$= \frac{\cos x(1+\sin x)}{(1+\sin x)(1-\sin x)}$

$= \frac{\cos x(1+\sin x)}{\cos^2 x}$

$= \frac{1+\sin x}{\cos x}$

$\Rightarrow (1-\sin x)y_2 = y$

$\therefore (1-\sin x)y_2 - y = 0$ **(Proved)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**প্রশ্ন ▶ ২০** $f(x) = \tan^{-1}x$ এবং $g(x) = 2x$, $h(x) = \frac{1}{2x}$ $[x \neq 0]$

**(ক)** $y = \text{cosec}^{-1}\frac{1+x^2}{2x}$ হলে $\frac{dy}{dx}$ নির্ণয় কর। [রা. বো. ২১; অনুরূপ প্রশ্ন: ম. বো. ২১]

**(খ)** $y = \tan\{mf(x)\}$ হলে প্রমাণ কর যে, $(1+x^2)y_2 + 2xy_1 = 2myy_1$ [রা. বো. ২১; অনুরূপ প্রশ্ন: ব. বো. ২১]

**(গ)** $y = \left\{\frac{1}{2}g(x)\right\}^{\frac{1}{2h(x)}}$ হলে, $y_2$ নির্ণয় কর। [চ. বো. ১৯]

**সমাধান:**

**ক** দেওয়া আছে, $y = \text{cosec}^{-1}\frac{1+x^2}{2x}$

$= \sin^{-1}\frac{2x}{1+x^2}$

$\Rightarrow y = 2\tan^{-1}x$

x এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$\therefore \frac{dy}{dx} = \frac{d}{dx}(2\tan^{-1}x)$

$= 2 \times \frac{1}{1+x^2}$

$= \frac{2}{1+x^2}$ **(Ans.)**

**খ** দেওয়া আছে, $f(x) = \tan^{-1}x$

এবং $y = \tan\{mf(x)\}$

$\Rightarrow y = \tan(m\tan^{-1}x)$

$\Rightarrow \tan^{-1}y = m\tan^{-1}x$

x এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$\frac{d}{dx}(\tan^{-1}y) = \frac{d}{dx}(m\tan^{-1}x)$

$\Rightarrow \frac{1}{1+y^2}.y_1 = m\frac{1}{1+x^2}$

$\Rightarrow (1+x^2)y_1 = m(1+y^2)$

আবার, x এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$\frac{d}{dx}\{(1+x^2)y_1\} = \frac{d}{dx}\{m(1+y^2)\}$

$\Rightarrow (1+x^2)y_2 + y_1.2x = 2myy_1$

$\therefore (1+x^2)y_2 + 2xy_1 = 2myy_1$ **(Proved)**

**গ** $g(x) = 2x$, $h(x) = \frac{1}{2x}$, $\frac{1}{h(x)} = 2x$ $[x \neq 0]$

$y = \left\{\frac{1}{2}g(x)\right\}^{\frac{1}{2h(x)}} = \left\{\frac{1}{2}2x\right\}^{\frac{1}{2}2x}$

$= x^x$

$\Rightarrow \ln y = \ln(x^x)$ [উভয়পক্ষে ln নিয়ে পাই]

$\therefore \ln y = x\ln x$

x এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$\frac{d}{dx}(\ln y) = \frac{d}{dx}(x\ln x)$

$\Rightarrow \frac{1}{y}\frac{dy}{dx} = x\frac{1}{x} + \ln x.1$

$\Rightarrow \frac{y_1}{y} = 1 + \ln x$

$\Rightarrow y_1 = y(1+\ln x)$

$\Rightarrow \frac{d}{dx}(y_1) = \frac{d}{dx}[y(1+\ln x)]$

$\Rightarrow y_2 = (1+\ln x)\frac{d}{dx}(y) + y\frac{d}{dx}(1+\ln x)$

$\Rightarrow y_2 = (1+\ln x)y_1 + y\frac{1}{x}$

$\Rightarrow y_2 = y(1+\ln x)^2 + y\frac{1}{x}$ $[\because y_1 = y(1+\ln x)]$

$\Rightarrow y_2 = y\left[(1+\ln x)^2 + \frac{1}{x}\right]$

$\because y_2 = x^x\left[(1+\ln x)^2 + \frac{1}{x}\right]$ $[\because y = x^x]$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ২১** $f(x) = \begin{cases} x^2 \text{ যখন } x < 0 \\ x \text{ যখন } 0 \leq x \leq 1 \end{cases}$

$t = \tan^{-1}\frac{4\sqrt{x}}{1-4x} + x^{\sin^{-1}x}$

**(ক)** x এর সাপেক্ষে $\tan^{-1}\left(\frac{1+x}{1-x}\right)$ এর অন্তরজ নির্ণয় করো। [কু. বো. ২১]

**(খ)** দেখাও যে, $x = 0$ বিন্দুতে $f(x)$ অবিচ্ছিন্ন। [কু. বো. ২১]

**(গ)** $\frac{dt}{dx}$ নির্ণয় কর। [কু. বো. ২১; অনুরূপ প্রশ্ন: য. বো. ১৯]

**সমাধান:**

**ক** ধরি, $y = \tan^{-1}\left(\frac{1+x}{1-x}\right)$

$= \tan^{-1}1 + \tan^{-1}x$

x এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$\frac{dy}{dx} = \frac{d}{dx}(\tan^{-1}1) + \frac{d}{dx}(\tan^{-1}x)$

$= 0 + \frac{1}{1+x^2} = \frac{1}{1+x^2}$ **(Ans.)**

**খ** দেওয়া আছে, $f(x) = \begin{cases} x^2 \text{ যখন } x < 0 \\ x \text{ যখন } 0 \leq x \leq 1 \end{cases}$

এখন,

$x = 0$ হলে, $f(x) = x$

$\therefore f(0) = 0$

$x < 0$ হলে, $f(x) = x^2$

$\therefore \lim_{x\to 0^-} f(x) = \lim_{x\to 0^-} x^2 = 0$

$1 \geq x \geq 0$ হলে,

$\therefore \lim_{x\to 0^+} f(x) = \lim_{x\to 0^+} x = 0$ এবং $f(0) = 0$

$\therefore x = 0$ বিন্দুতে $\lim_{x\to 0^-} f(x) = \lim_{x\to 0^+} f(x) = f(x) = 0$

$\therefore$ ফাংশনটি $x = 0$ বিন্দুতে অবিচ্ছিন্ন। **(Showed)**

ADMISSION STUFFS
ADMISSION STUFFS



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**গ** ধরি, $u = \tan^{-1}\frac{4\sqrt{x}}{1-4x}$

$= \tan^{-1}x\frac{2\times 2\sqrt{x}}{1-(2\sqrt{x})^2}$

$= 2\tan^{-1}2\sqrt{x}$

$\therefore \frac{du}{dx} = 2\times\frac{1}{1+(2\sqrt{x})^2}\times 2\times\frac{1}{2\sqrt{x}}$

$= \frac{2}{\sqrt{x}(1+4x)}$

আবার,

ধরি,

$v = x^{\sin^{-1}x}$

$\Rightarrow lnv = lnx^{\sin^{-1}x}$

$\Rightarrow lnv = \sin^{-1}x\, lnx$

$\Rightarrow \frac{1}{v}\frac{dv}{dx} = \sin^{-1}x\cdot\frac{1}{x} + lnx\cdot\frac{1}{\sqrt{1+x^2}}$

$\Rightarrow \frac{dv}{dx} = v\left[\frac{1}{x}\sin^{-1}x + \frac{lnx}{\sqrt{1+x^2}}\right]$

$= x^{\sin^{-1}x}\left[\frac{1}{x}\sin^{-1}x + \frac{lnx}{\sqrt{1+x^2}}\right]$

$t = u + v$

$\Rightarrow \frac{dt}{dx} = \frac{du}{dx} + \frac{dv}{dx}$

$= \frac{2}{\sqrt{x}(1+4x)} + x^{\sin^{-1}x}\left[\frac{1}{x}\sin^{-1}x + \frac{lnx}{\sqrt{1+x^2}}\right]$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ২২** $g(\theta) = \cos\theta$ এবং $y = 2x^2 + 3x + 5$ একটি বক্ররেখা।

**(ক)** $\lim_{x\to 0}\left(\frac{\tan ax}{\sin bx}\right)$ এর মান নির্ণয় করো। [কু. বো. ২১; অনুরূপ প্রশ্ন: দি. বো. ২১; রা. বো: ১৭]

**(খ)** উদ্দীপকে উল্লিখিত বক্ররেখার যে সব বিন্দুতে স্পর্শক x অক্ষের সমান্তরাল, তাদের স্থানাংক নির্ণয় কর। [কু. বো. ২১]

**(গ)** $u = g(x)\, e^x$ হলে, দেখাও যে, $\frac{d^2u}{dx^2} - 2\frac{du}{dx} + 2u = 0$. [কু. বো. ২১]

**সমাধান:**

**ক** $\lim_{x\to 0}\frac{\tan ax}{\sin bx}$

$= \lim_{x\to 0}\frac{\frac{\tan ax}{ax}\cdot a}{\frac{\sin bx}{bx}\cdot b}$

$= \frac{a}{b}\cdot\frac{\lim_{x\to 0}\frac{\tan ax}{ax}}{\lim_{x\to 0}\frac{\sin bx}{bx}}$

$= \frac{a}{b}\cdot 1$

$= \frac{a}{b}$ **(Ans.)**

**Note:** $\lim_{x\to 0}\frac{\sin ax}{ax} = \lim_{x\to 0}\frac{\tan ax}{ax} = 1$

**খ** দেওয়া আছে, $y = 2x^2 + 3x + 5$....(i)

$\Rightarrow \frac{dy}{dx} = 4x + 3$

স্পর্শক x অক্ষের সমান্তরাল হলে, ঢাল = 0

$\therefore \frac{dy}{dx} = 0$

$\Rightarrow 4x + 3 = 0$

$\Rightarrow x = \frac{-3}{4}$

(i) নং সমীকরণে $x = \frac{-3}{4}$ বসিয়ে পাই,

$y = 2\times\left(\frac{-3}{4}\right)^2 + 3\times\left(\frac{-3}{4}\right) + 5$

$= \frac{31}{8}$

$\therefore$ স্থানাংক $\left(\frac{-3}{4}, \frac{31}{8}\right)$ **(Ans.)**

**গ** দেওয়া আছে, $g(\theta) = \cos\theta$

$u = g(x).e^x = e^x\cos x$

$\therefore \frac{du}{dx} = \frac{d}{dx}(e^x\cos x)$

$\Rightarrow \frac{du}{dx} = \cos x\frac{d}{dx}(e^x) + e^x\frac{d}{dx}(\cos x)$

$\Rightarrow \frac{du}{dx} = e^x\cos x - e^x\sin x$

$\Rightarrow \frac{du}{dx} = u - e^x\sin x$ .... (i) $[\because u = e^x\cos x]$

$\Rightarrow \frac{d^2u}{dx^2} = \frac{du}{dx} - \frac{d}{dx}(e^x\sin x)$

$\Rightarrow \frac{d^2u}{dx^2} = \frac{du}{dx} - (e^x\sin x + e^x\cos x)$

$\Rightarrow \frac{d^2u}{dx^2} = \frac{du}{dx} - e^x\sin x - u$

$\Rightarrow \frac{d^2u}{dx^2} = \frac{du}{dx} + \frac{du}{dx} - u - u \quad \left[\text{(i) নং হতে } \frac{du}{dx} - u = -e^x\sin x\right]$

$\Rightarrow \frac{d^2u}{dx^2} - 2\frac{du}{dx} + 2u = 0$ **(Showed)**

**প্রশ্ন ▶ ২৩** $f(x) = log_5 x$ এবং $g(x) = \sec x$

**(ক)** $\frac{d}{dx}\{(x^x)^x\}$ নির্ণয় কর। [ম. বো. ২৩; অনুরূপ প্রশ্ন: ব. বো. ২১; কু. বো. ১৯]

**(খ)** মূল নিয়মে x এর সাপেক্ষে f(x) এর ১ম অন্তরজ নির্ণয় কর। [য. বো. ২১]

**(গ)** $\frac{1}{g(\sqrt{y})} = 2x$ হলে দেখাও যে, $(1-4x^2)y_2 - 4xy_1 - 8 = 0$.

[য. বো. ২১; অনুরূপ প্রশ্ন: ম. বো. ২২; সি. বো. ১৭]



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**সমাধান:**

**ক** ধরি, $y = (x^x)^x$

$\Rightarrow y = x^{x^2}$

$\Rightarrow \ln y = \ln x^{x^2}$ [উভয় পক্ষে ln নিয়ে]

$\Rightarrow \ln y = x^2 \ln x$

$\Rightarrow \frac{d}{dx}(\ln y) = \frac{d}{dx}(x^2 \ln x)$

$\Rightarrow \frac{1}{y}\frac{dy}{dx} = x^2 \cdot \frac{1}{x} + \ln x 2x = x + 2x\ln x$

$\Rightarrow \frac{dy}{dx} = y(x + 2x\ln x) = (x^x)^x .x(1 + 2\ln x)$

$= x^{x^2+1}.(1 + 2\ln x)$

$\therefore \frac{dy}{dx} = \frac{d}{dx}\{(x^x)^x\} = x^{x^2+1}.(1 + 2\ln x)$ **(Ans.)**

**খ** দেওয়া আছে, $f(x) = \log_5 x = \frac{\ln x}{\ln 5} = \frac{1}{\ln 5}\ln x$

$\therefore f(x + h) = \frac{1}{\ln 5}\ln(x + h)$

মূলনিয়মের সংজ্ঞানুসারে,

$\frac{d}{dx} f(x)$

$= \lim_{h \to 0} \frac{f(x + h) - f(x)}{h}$

$= \lim_{h \to 0} \frac{1}{h}\left[\frac{1}{\ln 5}\ln(x + h) - \frac{1}{\ln 5}\ln x\right]$

$= \frac{1}{\ln 5}\lim_{h \to 0} \frac{1}{h}[\ln(x + h) - \ln x]$

$= \frac{1}{\ln 5}\lim_{h \to 0} \frac{1}{h}\ln\left(\frac{x + h}{x}\right)$

$= \frac{1}{\ln 5}\lim_{h \to 0} \frac{1}{h}\ln\left(1 + \frac{h}{x}\right)$

$= \frac{1}{\ln 5}\lim_{h \to 0} \frac{1}{h}\left\{\frac{h}{x} - \frac{h^2}{2x^2} + \frac{h^3}{3x^3} - \ldots.\right\}$

$= \frac{1}{\ln 5}\lim_{h \to 0} \frac{1}{h}\cdot\frac{h}{x}\left\{1 - \frac{h}{2x} + \frac{h^2}{3x^2} - \ldots.\right\}$

$= \frac{1}{\ln 5}\lim_{h \to 0} \frac{1}{x}\left\{1 - \frac{h}{2x} + \frac{h^2}{3x^2} - \ldots.\right\}$

$= \frac{1}{\ln 5}\cdot\frac{1}{x}\{1 - 0 + 0 - \ldots..\}$

$= \frac{1}{x\ln 5}$ **(Ans.)**

**গ** দেওয়া আছে, $g(x) = \sec x$

$\therefore g(\sqrt{y}) = \sec\sqrt{y}$

এখন, $\frac{1}{g(\sqrt{y})} = 2x$

$\Rightarrow \frac{1}{\sec\sqrt{y}} = 2x$

$\Rightarrow \cos\sqrt{y} = 2x$

$\Rightarrow \sqrt{y} = \cos^{-1}2x$

$\Rightarrow y = (\cos^{-1}2x)^2$

x এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$\frac{dy}{dx} = \frac{d}{dx}(\cos^{-1}2x)^2$

$\Rightarrow y_1 = 2(\cos^{-1}2x).\frac{-2}{\sqrt{1 - 4x^2}}$

$\Rightarrow y_1 = -4 \cdot \frac{\cos^{-1}2x}{\sqrt{1 - 4x^2}}$

$\Rightarrow y_1^2 = 16 \cdot \frac{(\cos^{-1}2x)^2}{1 - 4x^2}$

$\Rightarrow (1 - 4x^2)y_1^2 = 16y$ [$\because y = (\cos^{-1}2x)^2$]

$\Rightarrow \frac{d}{dx}\{(1 - 4x^2)y_1^2\} = \frac{d}{dx}(16y)$

$\Rightarrow (1 - 4x^2)2y_1y_2 + y_1^2(-8x) = 16y_1$

$\Rightarrow (1 - 4x^2)y_2 - 4xy_1 = 8$

$\therefore (1 - 4x^2)y_2 - 4xy_1 - 8 = 0$ **(Showed)**

**প্রশ্ন ▶ ২৪** দৃশ্যকল্প-১:




দৃশ্যকল্প-২: $xy + y = \sin^{-1}\frac{y}{x}$

(ক) x এর সাপেক্ষে $x^{\cos^{-1}3x}$ এর অন্তরজ নির্ণয় কর। [য. বো. ২১]

(খ) দৃশ্যকল্প-২ হতে $\frac{dy}{dx}$ নির্ণয় কর। [য. বো. ২১]

(গ) $h(x) = \frac{AB}{\log(AB)}$ এর চরম মান দৃশ্যকল্প-১ হতে নির্ণয় কর। [য. বো. ২১]

**সমাধান:**

**ক** ধরি, $y = x^{\cos^{-1}3x}$

$\Rightarrow \ln y = \ln x^{\cos^{-1}3x}$

$\Rightarrow \ln y = \cos^{-1}3x \ln x$

$\Rightarrow \frac{d}{dx}(\ln y) = \frac{d}{dx}(\cos^{-1}3x \ln x)$

$\Rightarrow \frac{1}{y}\frac{dy}{dx} = \cos^{-1}3x \cdot \frac{1}{x} + \ln x.\frac{-1}{\sqrt{1 - 9x^2}} \times 3$

$\Rightarrow \frac{dy}{dx} = y\left(\frac{1}{x}\cos^{-1}3x - \frac{3\ln x}{\sqrt{1 - 9x^2}}\right)$

$\therefore \frac{dy}{dx} = x^{\cos^{-1}3x}\left(\frac{1}{x}\cos^{-1}3x - \frac{3\ln x}{\sqrt{1 - 9x^2}}\right)$ **(Ans.)**

ADMISSION STUFFS
Rhombus Publications
t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**খ** $xy + y = \sin^{-1}\frac{y}{x}$

$\Rightarrow \frac{d}{dx}(xy) + \frac{dy}{dx} = \frac{d}{dx}\left(\sin^{-1}\frac{y}{x}\right)$

$\Rightarrow x\frac{dy}{dx} + y + \frac{dy}{dx} = \frac{1}{\sqrt{1-\frac{y^2}{x^2}}} \cdot \frac{d}{dx}\left(\frac{y}{x}\right)$

$\Rightarrow y + (x+1)\frac{dy}{dx} = \frac{x}{\sqrt{x^2-y^2}} \cdot \frac{x \cdot \frac{dy}{dx} - y \cdot \frac{dx}{dx}}{x^2}$

$\left[\frac{d}{dx}\left(\frac{u}{v}\right) = \frac{v\frac{d}{dx}(u) - u\frac{d}{dx}(v)}{v^2}\right]$

$\Rightarrow y + (x+1)\frac{dy}{dx} = \frac{1}{x\sqrt{x^2-y^2}}\left(x\frac{dy}{dx} - y\right)$

$\Rightarrow y + (x+1)\frac{dy}{dx} = \frac{1}{\sqrt{x^2-y^2}}\frac{dy}{dx} - \frac{y}{x\sqrt{x^2-y^2}}$

$\Rightarrow \frac{1}{\sqrt{x^2-y^2}}\frac{dy}{dx} - (x+1)\frac{dy}{dx} = y + \frac{y}{x\sqrt{x^2-y^2}}$

$\Rightarrow \left[\frac{1}{\sqrt{x^2-y^2}} - (x+1)\right]\frac{dy}{dx} = \frac{xy\sqrt{x^2-y^2}+y}{x\sqrt{x^2-y^2}}$

$\Rightarrow \frac{1 - x\sqrt{x^2-y^2} - \sqrt{x^2-y^2}}{\sqrt{x^2-y^2}}\frac{dy}{dx} = \frac{xy\sqrt{x^2-y^2}+y}{x\sqrt{x^2-y^2}}$

$\Rightarrow \frac{dy}{dx} = \frac{xy\sqrt{x^2-y^2}+y}{x\left(1 - x\sqrt{x^2-y^2} - \sqrt{x^2-y^2}\right)}$ **(Ans.)**

**গ**




এখানে, $AB^2 + BC^2 = AC^2$

$\Rightarrow AB^2 = 1 - 1 + 16x^2$

$\Rightarrow AB^2 = 16x^2$

$\Rightarrow AB = 4x$

এখন, $h(x) = \frac{AB}{\log(AB)} = \frac{4x}{\log(4x)}$

$\Rightarrow h'(x) = \frac{\log(4x)\frac{d}{dx}(4x) - 4x\frac{d}{dx}\{\log(4x)\}}{\{\log(4x)\}^2}$

$= \frac{4\log 4x - 4x.\frac{1}{4x}.4}{\{\log(4x)\}^2}$ [এক্ষেত্রে, log এর কোনো ভিত্তি দেওয়া না থাকলে তার ভিত্তি e ধরা হয়। অর্থাৎ log কে ln হিসেবে বিবেচনা করা হয়]

$= \frac{4\log 4x - 4}{(\log 4x)^2}$

আবার, $h''(x) = \frac{(\log 4x)^2\frac{d}{dx}(4\log 4x - 4) - (4\log 4x - 4)\frac{d}{dx}(\log 4x)^2}{(\log 4x)^4}$

$= \frac{(\log 4x)^2.\left(4.\frac{1}{4x}.4 - 0\right) - (4\log 4x - 4)\,2.\log 4x.\frac{1}{4x}.4}{(\log 4x)^4}$

$= \frac{(\log 4x)^2\left(\frac{4}{x}\right) - \frac{8\log 4x.(\log 4x - 1)}{x}}{(\log 4x)^4}$

$= \frac{4(\log 4x)^2 - 8(\log 4x)^2 + 8\log 4x}{x.(\log 4x)^4}$

$= \frac{4\log 4x - 8\log 4x + 8}{x(\log 4x)^3}$

$= \frac{8 - 4\log 4x}{x(\log 4x)^3}$

চরম মানের জন্য $h'(x) = 0$

$\Rightarrow \frac{4\log 4x - 4}{(\log 4x)^2} = 0$

$\Rightarrow \log 4x = 1$

$\Rightarrow 4x = e$

$\therefore x = \frac{e}{4}$

$x = \frac{e}{4}$ এর জন্য, $h''\left(\frac{e}{4}\right) = \frac{8 - 4\log 4.\frac{e}{4}}{\frac{e}{4}\left(\log 4.\frac{e}{4}\right)^3} = \frac{16}{e} > 0$

$\therefore x = \frac{e}{4}$ বিন্দুতে ফাংশনটির লঘুমান বিদ্যমান।

$\therefore$ ফাংশনটির লঘুমান $h\left(\frac{e}{4}\right) = \frac{4.\frac{e}{4}}{\log 4.\frac{e}{4}} = e$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ২৫** $g(x) = \cos x$ এবং $h(y) = \sin y$

(ক) x এর সাপেক্ষে $\tan^{-1}(\sin e^x)$ এর অন্তরজ নির্ণয় কর। [চ. বো. ২১]

(খ) $\{g(x)\}^y = \{h(y)\}^x$ হলে, $\frac{dy}{dx}$ নির্ণয় কর।

(গ) $0 < x < \pi$ ব্যবধিতে $g(2x) + h(x)$ এর লঘুমান ও গুরুমান নির্ণয় কর।

সমাধান:

**ক** ধরি, $y = \tan^{-1}(\sin e^x)$

x এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$\frac{dy}{dx} = \frac{d}{dx}\tan^{-1}(\sin e^x)$

$= \frac{1}{1+(\sin e^x)^2} \cdot \frac{d}{dx}(\sin e^x)$

$= \frac{1}{1+(\sin e^x)^2} \cdot \cos e^x.e^x$

$= \frac{e^x \cos e^x}{1+(\sin e^x)^2}$ **(Ans.)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**খ** দেওয়া আছে, $g(x) = \cos x$ এবং $h(y) = \sin y$

এখন, $\{g(x)\}^y = \{h(y)\}^x$

$\Rightarrow (\cos x)^y = (\sin y)^x$

$\Rightarrow \ln(\cos x)^y = \ln(\sin y)^x$ [উভয়পক্ষে $\ln$ নিয়ে পাই,]

$\Rightarrow y\ln\cos x = x\ln\sin y$

$\Rightarrow y\frac{d}{dx}(\ln\cos x) + \ln\cos x\frac{d}{dx}(y) = x\frac{d}{dx}(\ln\sin y) + \ln\sin y\frac{dx}{dx}$

$\Rightarrow y\cdot\frac{1}{\cos x}(-\sin x) + (\ln\cos x)\frac{dy}{dx} = x\cdot\frac{1}{\sin y}(\cos y)\frac{dy}{dx} + \ln\sin y$

$\Rightarrow \left(\ln\cos x - x\frac{\cos y}{\sin y}\right)\frac{dy}{dx} = \ln\sin y + y\frac{\sin x}{\cos x}$

$\therefore \frac{dy}{dx} = \frac{\ln\sin y + y\tan x}{\ln\cos x - x\cot y}$ **(Ans.)**

**গ** দেওয়া আছে,

$g(x) = \cos x \therefore g(2x) = \cos 2x$

$h(y) = \sin y \therefore h(x) = \sin x$

ধরি,

$y = g(2x) + h(x)$

$\Rightarrow y = \cos 2x + \sin x$

$\Rightarrow \frac{dy}{dx} = -\sin 2x.2 + \cos x$

$\Rightarrow \frac{dy}{dx} = -2\sin 2x + \cos x$ ..... (i)

$\Rightarrow \frac{d^2y}{dx^2} = -4\cos 2x - \sin x$ ..... (ii)

চরমানের জন্য, $\frac{dy}{dx} = 0$

(i) নং হতে,

$-2\sin 2x + \cos x = 0$

$\Rightarrow -2\times 2\sin x\cos x + \cos x = 0$

$\Rightarrow \cos x(1 - 4\sin x) = 0$

হয়, $\cos x = 0$ অথবা, $1 - 4\sin x = 0$

$\Rightarrow x = \cos^{-1}0$ $\Rightarrow \sin x = \frac{1}{4}$

$\therefore x = \frac{\pi}{2}; 0 < x < \pi$ ব্যবধিতে $\Rightarrow x = \sin^{-1}\frac{1}{4}$

এখন,

$x = \frac{\pi}{2}$ হলে, $\frac{d^2y}{dx^2} = -4\cos\left(2\times\frac{\pi}{2}\right) - \sin\frac{\pi}{2}$

$= -4(-1) - 1$

$= 3 > 0$

$\therefore x = \frac{\pi}{2}$ এর জন্য লঘুমান পাওয়া যাবে।

$\therefore$ লঘুমান $y = \cos\left(2\times\frac{\pi}{2}\right) + \sin\frac{\pi}{2} = -1 + 1 = 0$ **(Ans.)**

আবার, $x = \sin^{-1}\frac{1}{4}$ বা $\sin x = \frac{1}{4}$ হলে, $\frac{d^2y}{dx^2} = -4\cos 2x - \sin x$

$= -4(1 - 2\sin^2 x) - \sin x$

$= -4 + 8\times\left(\frac{1}{4}\right)^2 - \frac{1}{4}$

$= -\frac{15}{4} < 0$

$\therefore \sin x = \frac{1}{4}$ এর জন্য গুরুমান পাওয়া যাবে।

$\therefore$ গুরুমান $y = \cos 2x + \sin x$

$= 1 - 2\sin^2 x + \sin x$

$= 1 - 2\times\left(\frac{1}{4}\right)^2 + \frac{1}{4}$

$= \frac{9}{8}$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ২৬** $f(x) = (x+2)(x-2)$; $h(x) = 2x^3 - 21x^2 + 36x - 20$

$t = x^x\ln x$

**(ক)** $\frac{dt}{dx}$ নির্ণয় কর। [চ. বো. ২১]

**(খ)** x অক্ষের ধনাত্মক দিক এবং f(x) এর ছেদবিন্দুতে f(x) এর স্পর্শকের সমীকরণ বের কর।

**(গ)** h(x) এর সর্বোচ্চ ও সর্বনিম্ন মান নির্ণয় কর।

**সমাধান:**

**ক** দেওয়া আছে, $t = x^x\ln x$

$\ln t = \ln(x^x\ln x)$

$= \ln x^x + \ln(\ln x)$

$= x\ln x + \ln(\ln x)$

$\therefore$ উভয়পক্ষে x এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$\frac{d}{dx}\ln t = \frac{d}{dx}(x\ln x) + \frac{d}{dx}\ln(\ln x)$

$\Rightarrow \frac{1}{t}\cdot\frac{dt}{dx} = x\frac{d}{dx}\ln x + \ln x\frac{dx}{dx} + \frac{1}{\ln x}\cdot\frac{1}{x}$

$\Rightarrow \frac{1}{t}\cdot\frac{dt}{dx} = \frac{x}{x} + \ln x + \frac{1}{x\ln x}$

$\Rightarrow \frac{dt}{dx} = x^x\ln x\left[1 + \ln x + \frac{1}{x\ln x}\right]$

$= x^x\left[(1 + \ln x)\ln x + \frac{\ln x}{x\ln x}\right]$

$= x^x\left[\frac{1}{x} + (1 + \ln x)\ln x\right]$ **(Ans.)**

**খ** $f(x) = (x+2)(x-2)$

$= x^2 - 4$

$f'(x) = 2x$

ধরি, $y = (x+2)(x-2)$

x অক্ষের উপর $y = 0$

$\therefore (x+2)(x-2) = 0$

$\therefore x = -2, 2$

f(x) বক্ররেখা ও x অক্ষের ধনাত্মক দিকের ছেদবিন্দু (2, 0)

(2, 0) বিন্দুতে $f'(x) = 2\times 2 = 4$

$\therefore (x_1, y_1)$ বিন্দুতে স্পর্শকের সমীকরণ,

$y - y_1 = \frac{dy}{dx}(x - x_1)$

$\therefore$ (2, 0) বিন্দুতে স্পর্শকের সমীকরণ:

$y - 0 = 4(x - 2)$

$\Rightarrow y = 4x - 8$

$\Rightarrow 4x - y - 8 = 0$ **(Ans.)**

ADMISSION STUFFS

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**গ** দেওয়া আছে, $h(x) = 2x^3 - 21x^2 + 36x - 20$

$\therefore h'(x) = 6x^2 - 42x + 36$

$\therefore h''(x) = 12x - 42$

সর্বোচ্চ ও সর্বনিম্ন মানের জন্য,

$h'(x) = 0$

$\Rightarrow 6x^2 - 42x + 36 = 0$

$\Rightarrow x^2 - 7x + 6 = 0$

$\Rightarrow x^2 - 6x - x + 6 = 0$

$\Rightarrow (x - 6)(x - 1) = 0$

হয়, $x = 6$ অথবা, $x - 1 = 0$

$\therefore x = 6$ $\therefore x = 1$

এখন, $x = 1$ হলে, $h''(1) = 12 \times 1 - 42 = -30 < 0$

$\therefore x = 1$ এর জন্য $h(x)$ ফাংশনটির গুরুমান বিদ্যমান।

$\therefore$ ফাংশনটির গুরুমান,

$h(1) = 2 \times 1^3 - 21 \times 1^2 + 36 \times 1 - 20$

$= -3$ **(Ans.)**

আবার, $x = 6$ হলে, $h''(6) = 12 \times 6 - 42 = 30 > 0$

$\therefore x = 6$ এর জন্য $h(x)$ এর লঘুমান বিদ্যমান।

$\therefore$ ফাংশনটির লঘুমান,

$h(6) = 2 \times 6^3 - 21 \times 6^2 + 36 \times 6 - 20$

$= -128$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ২৭** $f(x) = \ln px$ এবং $g(x) = \ln\sqrt[3]{x}$ দুটি ফাংশন।

**(ক)** $\lim_{x \to 0} \frac{2e^{-\sin x} - 2}{\sin x}$ এর মান নির্ণয় কর। [দি. বো. ২২]

**(খ)** $p = 3$ হলে মূল নিয়মে $f(x)$ এর অন্তরজ নির্ণয় কর।

[সি. বো. ২১; অনুরূপ প্রশ্ন: কু. বো. ২৩]

**(গ)** অন্তর্ভুক্ত চলরাশির সাপেক্ষে $g\left(\frac{1 - \cos\varphi}{1 + \cos\varphi}\right)$ এর অন্তরজ নির্ণয় কর।

[সি. বো. ২১]

**সমাধান:**

**ক** $\lim_{x \to 0} \frac{2e^{-\sin x} - 2}{\sin x}$

$= \lim_{x \to 0} \frac{2(e^{-\sin x} - 1)}{\sin x}$

$= 2 \lim_{x \to 0} \frac{e^{-\sin x} - 1}{\sin x}$

$= -2 \lim_{-\sin x \to 0} \frac{e^{-\sin x} - 1}{-\sin x}$ $[x \to 0$ হলে, $-\sin x \to 0]$

$= -2 \times 1$ $\left[\because \lim_{x \to 0} \frac{e^x - 1}{x} = 1\right]$

$= -2$ **(Ans.)**

**খ** দেওয়া আছে, $f(x) = \ln px$

$p = 3$ হলে, $f(x) = \ln 3x$

$\therefore f(x + h) = \ln 3(x + h) = \ln(3x + 3h)$

অন্তরজের মূল নিয়মানুসারে,

$\frac{d}{dx}\{f(x)\} = \lim_{h \to 0} \frac{f(x + h) - f(x)}{h}$

$= \lim_{h \to 0} \frac{\ln(3x + 3h) - \ln 3x}{h}$

$= \lim_{h \to 0} \frac{\ln\left(\frac{3x + 3h}{3x}\right)}{h}$

$= \lim_{h \to 0} \frac{\ln\left(1 + \frac{h}{x}\right)}{h}$

$= \lim_{h \to 0} \frac{1}{h}\left\{\frac{h}{x} - \frac{h^2}{2x^2} + \frac{h^3}{3x^3} - \ldots.\right\}$

$= \lim_{h \to 0} \frac{1}{h} \cdot \frac{h}{x}\left\{1 - \frac{h}{2x} + \frac{h^2}{3x^2} - \ldots.\right\}$

$= \lim_{h \to 0} \frac{1}{x}\left\{1 - \frac{h}{2x} + \frac{h^2}{3x^2} - \ldots.\right\}$

$= \frac{1}{x}.(1 - 0 + 0 - \ldots.)$

$= \frac{1}{x}$ **(Ans.)**

**গ** দেওয়া আছে, $g(x) = \ln\sqrt[3]{x} = \ln x^{\frac{1}{3}} = \frac{1}{3}\ln x$

$\therefore g\left(\frac{1 - \cos\varphi}{1 + \cos\varphi}\right) = \frac{1}{3}\ln\left(\frac{1 - \cos\varphi}{1 + \cos\varphi}\right)$

$= \frac{1}{3}\ln\frac{2\sin^2\frac{\varphi}{2}}{2\cos^2\frac{\varphi}{2}}$

$= \frac{1}{3}\ln\tan^2\frac{\varphi}{2} = \frac{2}{3}\ln\left(\tan\frac{\varphi}{2}\right)$

অন্তর্ভুক্ত চলরাশি $\varphi$ এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$\frac{d}{d\varphi}\left\{g\left(\frac{1 - \cos\varphi}{1 + \cos\varphi}\right)\right\} = \frac{d}{d\varphi}\left\{\frac{2}{3}\ln\left(\tan\frac{\varphi}{2}\right)\right\}$

$= \frac{2}{3}\cot\frac{\varphi}{2} \cdot \sec^2\frac{\varphi}{2} \cdot \frac{1}{2}$

$= \frac{1}{3} \times \frac{\cos\frac{\varphi}{2}}{\sin\frac{\varphi}{2}} \times \frac{1}{\cos^2\frac{\varphi}{2}}$

$= \frac{1}{3}\frac{1}{\sin\frac{\varphi}{2}\cos\frac{\varphi}{2}}$

$= \frac{2}{3.2\sin\frac{\varphi}{2}.\cos\frac{\varphi}{2}}$

$= \frac{2}{3} \cdot \frac{1}{\sin\varphi} = \frac{2}{3}\operatorname{cosec}\varphi$ **(Ans.)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**প্রশ্ন ▶ ২৮** দৃশ্যকল্প-১: $y = ax^2 + \frac{b}{\sqrt{x}}$

দৃশ্যকল্প-২: দুটি সংখ্যার যোগফল 12; এদের একটি সংখ্যার ঘন এর সাথে অপর সংখ্যার গুণফল গরিষ্ঠ।

(ক) দেখাও যে, $x^3 - 3x^2 + 10x$ একটি ক্রমবর্ধমান ফাংশন। [দি. বো. ২১]

(খ) প্রমাণ কর যে, $2x^2y_2 - xy_1 = 2y$ [দি. বো. ২১]

(গ) দৃশ্যকল্প-২ এ উল্লিখিত সংখ্যা দুটি নির্ণয় কর। [দি. বো. ২১]

সমাধান:

**ক** প্রদত্ত ফাংশন, $f(x) = x^3 - 3x^2 + 10x$

$\therefore f'(x) = 3x^2 - 6x + 10$

$= 3(x^2 - 2x + 1) + 7$

$= 3(x-1)^2 + 7 > 0 \quad [\because (x-1)^2 \geq 0]$

$\therefore$ প্রদত্ত ফাংশনটি ক্রমবর্ধমান। **(Showed)**

**খ** দেওয়া আছে, $y = ax^2 + \frac{b}{\sqrt{x}}$

$\Rightarrow y = ax^2 + \frac{b}{x^{\frac{1}{2}}}$

$\Rightarrow y = ax^2 + bx^{-\frac{1}{2}}$ ..... (i)

x এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$\frac{d}{dx}(y) = \frac{d}{dx}(ax^2) + \frac{d}{dx}\left(bx^{-\frac{1}{2}}\right)$

$\Rightarrow y_1 = 2ax + \left(-\frac{1}{2}\right)bx^{-\frac{1}{2}-1}$

$\Rightarrow y_1 = 2ax - \frac{1}{2}bx^{-\frac{3}{2}}$

x এর সাপেক্ষে পুনরায় অন্তরীকরণ করে পাই,

$\Rightarrow \frac{d}{dx}(y_1) = \frac{d}{dx}(2ax) - \frac{d}{dx}\left(\frac{1}{2}bx^{-\frac{3}{2}}\right)$

$\Rightarrow y_2 = 2a.1 - \frac{1}{2}b\left(-\frac{3}{2}\right)x^{-\frac{3}{2}-1}$

$\therefore y_2 = 2a + \frac{3}{4}bx^{-\frac{5}{2}}$

L.H.S $= 2x^2y_2 - xy_1$

$= 2x^2\left(2a + \frac{3}{4}bx^{-\frac{5}{2}}\right) - x\left(2ax - \frac{1}{2}bx^{-\frac{3}{2}}\right)$

$= 4ax^2 + \frac{3}{2}bx^{-\frac{1}{2}} - 2ax^2 + \frac{1}{2}bx^{-\frac{1}{2}}$

$= 2ax^2 + 2bx^{-\frac{1}{2}}$

$= 2\left(ax^2 + bx^{-\frac{1}{2}}\right)$

$= 2y$

= R.H.S **(Proved)**

**গ** মনে করি, সংখ্যাদ্বয় x এবং y

$\therefore x + y = 12$

$\Rightarrow y = 12 - x$ ..... (i)

ধরি, $f(x) = x^3y$

$= x^3(12 - x)$

$= 12x^3 - x^4$

$\therefore f'(x) = 36x^2 - 4x^3$

$\therefore f''(x) = 72x - 12x^2$

চরমমানের জন্য, $f'(x) = 0$

$\Rightarrow 36x^2 - 4x^3 = 0$

$\Rightarrow 4x^2(9 - x) = 0$

$\Rightarrow 9 - x = 0 \quad [\because x \neq 0]$

$\therefore x = 9$

$\therefore x = 9$ এর জন্য $f(x)$ এর গরিষ্ঠমান পাওয়া যায়। [দেওয়া আছে]

$\therefore$ (i) নং হতে পাই, $y = 12 - 9$

$= 3$

$\therefore$ সংখ্যাদ্বয় 9 এবং 3 **(Ans.)**

**প্রশ্ন ▶ ২৯** $f(x) = \cos x$, $g(x) = \sin x$; $p(u) = u^4 - \frac{2}{3}u^3 - 2u^2 + 2u$

(ক) $f(ax)$ এর অন্তরক সহগ নির্ণয় কর। [ঢা. বো. ১৯]

(খ) $\lim_{x \to \frac{\pi}{2}} \frac{2f(x) - g(2x)}{1 + f(2x)}$ [ঢা. বো. ১৯]

(গ) $(-1, 2)$ ব্যবধিতে $p(x)$ এর সর্বোচ্চ ও সর্বনিম্ন মান নির্ণয় কর। [দি. বো. ১৯]

সমাধান:

**ক** উদ্দীপক হতে পাই, $f(x) = \cos x$

$f(ax) = \cos ax$

$\Rightarrow \frac{d}{dx}\{f(ax)\} = \frac{d}{dx}(\cos ax) = -\sin ax \frac{d}{dx}(ax) = -a\sin ax$ **(Ans.)**

**খ** উদ্দীপক হতে পাই, $f(x) = \cos x$ এবং $g(x) = \sin x$

$\lim_{x \to \frac{\pi}{2}} \frac{2f(x) - g(2x)}{1 + f(2x)}$

$= \lim_{x \to \frac{\pi}{2}} \frac{2\cos x - \sin 2x}{1 + \cos 2x}$

$= \lim_{x \to \frac{\pi}{2}} \frac{2\cos x - 2\sin x \cos x}{2\cos^2 x}$

$[\because 1 + \cos 2x = 2\cos^2 x;\ \sin 2x = 2\sin x.\cos x]$

$= \lim_{x \to \frac{\pi}{2}} \frac{\cos x(1 - \sin x)}{1 - \sin^2 x}$

$= \lim_{x \to \frac{\pi}{2}} \frac{\cos x(1 - \sin x)}{(1 + \sin x)(1 - \sin x)}$

$= \lim_{x \to \frac{\pi}{2}} \frac{\cos x}{1 + \sin x}$

$= \frac{\cos \frac{\pi}{2}}{1 + \sin \frac{\pi}{2}}$

$= \frac{0}{1 + 1} = 0$ **(Ans.)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**গ** $p(u) = u^4 - \frac{2}{3}u^3 - 2u^2 + 2u$

$\therefore p(x) = x^4 - \frac{2}{3}x^3 - 2x^2 + 2x$

$\therefore p'(x) = 4x^3 - 2x^2 - 4x + 2$

এবং $p''(x) = 12x^2 - 4x - 4$

$\therefore$ চরমমানের জন্য $p'(x) = 0$ হবে।

$\Rightarrow 4x^3 - 2x^2 - 4x + 2 = 0$

$\Rightarrow 2x^2(2x-1) - 2(2x-1) = 0$

$\Rightarrow (2x-1)(2x^2-2) = 0$

$\Rightarrow (2x-1)(x^2-1) = 0$

হয়, $2x - 1 = 0$ অথবা, $x^2 - 1 = 0$

$\Rightarrow 2x = 1$ $\Rightarrow x^2 = 1$

$\therefore x = \frac{1}{2}$ $\therefore x = \pm 1$

$\therefore x = \frac{1}{2}, x = \pm 1$

$\therefore$ প্রদত্ত $(-1, 2)$ ব্যবধিতে $x$ এর মান $\frac{1}{2}$ এবং $1$

এখন, $x = \frac{1}{2}$ হলে, $p''\left(\frac{1}{2}\right) = 12 \times \frac{1}{4} - 4 \times \frac{1}{2} - 4$

$= 3 - 2 - 4$

$= -3 < 0$

$\therefore x = \frac{1}{2}$ এর জন্য ফাংশনটির সর্বোচ্চ মান বিদ্যমান

$\therefore$ সর্বোচ্চ মান $= \left(\frac{1}{2}\right)^4 - \frac{2}{3}\left(\frac{1}{2}\right)^3 - 2\left(\frac{1}{2}\right)^2 + 2 \times \frac{1}{2}$

$= \frac{1}{16} - \frac{2}{3} \times \frac{1}{8} - 2 \times \frac{1}{4} + 1$

$= \frac{1}{16} - \frac{1}{12} - \frac{1}{2} + 1$

$= \frac{23}{48}$

আবার, $x = 1$ হলে, $p''(1) = 12 - 4 - 4 = 4 > 0$

$\therefore x = 1$ এর জন্য ফাংশনটির সর্বনিম্ন মান বিদ্যমান।

$\therefore$ সর্বনিম্ন মান $= 1 - \frac{2}{3} - 2 + 2 = 1 - \frac{2}{3} = \frac{3-2}{3} = \frac{1}{3}$

$\therefore$ সর্বোচ্চ মান $\frac{23}{48}$; সর্বনিম্ন মান $\frac{1}{3}$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ৩০** $y = 2^x \ln \frac{1}{1-x}$; $f(x) = x^{\tan^{-1}x}$, $g(x) = \log_x a$

**(ক)** দেখাও যে, $\lim_{x\to 0} \frac{x}{1-\sqrt{1+x}} = -2$ [রা. বো. ১৯]

**(খ)** $x$ এর সাপেক্ষে $\frac{dy}{dx}$ নির্ণয় কর। [রা. বো. ১৯]

**(গ)** $f(x)$ এবং $g(x)$ এর অন্তরজ নির্ণয় কর। [য. বো. ১৭]

**সমাধান:**

**ক** L.H.S. $= \lim_{x\to 0} \frac{x}{1-\sqrt{1+x}}$

$= \lim_{x\to 0} \frac{x(1+\sqrt{1+x})}{(1-\sqrt{1+x})(1+\sqrt{1+x})}$

[লব ও হরকে $1+\sqrt{1+x}$ দ্বারা গুণ করে]

$= \lim_{x\to 0} \frac{x(1+\sqrt{1+x})}{1^2-(\sqrt{1+x})^2}$

$= \lim_{x\to 0} \frac{x(1+\sqrt{1+x})}{1-(1+x)}$

$= \lim_{x\to 0} \frac{x(1+\sqrt{1+x})}{1-1-x}$

$= \lim_{x\to 0} \frac{x(1+\sqrt{1+x})}{-x}$

$= -\lim_{x\to 0}(1+\sqrt{1+x})$

$= -(1+1) = -2 =$ R.H.S **(Proved)**

**খ** দেওয়া আছে,

$y = 2^x \ln \frac{1}{1-x}$

$= 2^x \ln(1-x)^{-1}$

$= -2^x \ln(1-x)$

$\frac{dy}{dx} = \frac{d}{dx}\{-2^x \ln(1-x)\}$

$= -\left[2^x \frac{d}{dx}\ln(1-x) + \ln(1-x)\frac{d}{dx}2^x\right]$

$= -\left[2^x \frac{1}{1-x}(-1) + \ln(1-x)2^x \ln 2\right]$

$= \frac{2^x}{1-x} - \ln(1-x)2^x \ln 2$

$= \frac{2^x}{1-x} + 2^x \ln 2\{-1\ln(1-x)\}$

$= \frac{2^x}{1-x} + 2^x \ln 2 \ln(1-x)^{-1}$

$= \frac{2^x}{1-x} + 2^x \ln 2 . \ln \frac{1}{1-x}$ **(Ans.)**

**গ** ধরি, $y = f(x) = x^{\tan^{-1}x}$

$\Rightarrow \ln y = \ln x^{\tan^{-1}x}$

$\Rightarrow \ln y = (\tan^{-1}x)(\ln x)$

$x$ এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$\frac{d}{dx}(\ln y) = \frac{d}{dx}\{(\tan^{-1}x)(\ln x)\}$

$\Rightarrow \frac{1}{y}\frac{dy}{dx} = \tan^{-1}x \frac{d}{dx}(\ln x) + \ln x \frac{d}{dx}(\tan^{-1}x)$

$\Rightarrow \frac{1}{y}\frac{dy}{dx} = \tan^{-1}x\left(\frac{1}{x}\right) + \ln x \frac{1}{1+x^2}$

$\Rightarrow \frac{dy}{dx} = y\left(\frac{\tan^{-1}x}{x} + \frac{\ln x}{1+x^2}\right)$

$\therefore \frac{d}{dx}(x^{\tan^{-1}x}) = x^{\tan^{-1}x}\left(\frac{\tan^{-1}x}{x} + \frac{\ln x}{1+x^2}\right)$ **(Ans.)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



আবার, ধরি, $y = g(x) = l\log_x a$

$\Rightarrow y = \log_e a \times \log_x e$

$\Rightarrow y = l\text{na}\,\frac{1}{l\text{nx}} = l\text{na}(l\text{nx})^{-1}$

x এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$\frac{dy}{dx} = l\text{na}\,\frac{d}{dx}(l\text{nx})^{-1}$

$\Rightarrow \frac{dy}{dx} = l\text{na}(-1)(l\text{nx})^{-2}.\frac{1}{x}$

$\therefore \frac{d}{dx}(l\log_x a) = \frac{-l\text{na}}{x(l\text{nx})^2}$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ৩১** দৃশ্যকল্প-১: $u = \sin^{-1}x + 2$ এবং $v = \frac{1-y}{1+y}$

দৃশ্যকল্প-২: $y = x^3 - 3x^2 - 9x + 15$ একটি বক্ররেখার সমীকরণ।

(ক) $\lim_{x\to 0}(1+4x)^{\frac{3}{x}}$ এর মান নির্ণয় কর। [ব. বো. ১৯; অনুরূপ প্রশ্ন: চ. বো. ১৭]

(খ) দৃশ্যকল্প-১ হতে, $\frac{du}{dx} = \frac{dv}{dy}$ হলে, x ও y এর মধ্যে সম্পর্ক নির্ণয় কর।

(গ) দৃশ্যকল্প-২ হতে, বক্ররেখাটির উপর যেসব বিন্দুতে স্পর্শক $y = 0$ রেখার সমান্তরাল সেসব বিন্দুতে স্পর্শকের সমীকরণ নির্ণয় কর।

সমাধান:

**ক** $\lim_{x\to 0}(1+4x)^{\frac{3}{x}}$

$= \lim_{x\to 0}\left\{(1+4x)^{\frac{1}{4x}}\right\}^{12}$

$= \left\{\lim_{4x\to 0}(1+4x)^{\frac{1}{4x}}\right\}^{12}$ [$x \to 0$ হলে $4x \to 0$ হবে]

$= e^{12}$ $\left\{\because \lim_{n\to 0}(1+n)^{\frac{1}{n}} = e\right\}$ **(Ans.)**

**খ** দেওয়া আছে, $u = \sin^{-1}x + 2$

$\Rightarrow \frac{du}{dx} = \frac{1}{\sqrt{1-x^2}}$

এবং $v = \frac{1-y}{1+y}$

$\Rightarrow \frac{dv}{dy} = \frac{(1+y)(-1)-(1-y)}{(1+y)^2}$

$\Rightarrow \frac{dv}{dy} = \frac{-2}{y^2+2y+1}$

এখানে, $\frac{du}{dx} = \frac{dv}{dy}$

$\Rightarrow \frac{1}{\sqrt{1-x^2}} = \frac{-2}{y^2+2y+1}$

$\Rightarrow -2\sqrt{1-x^2} = y^2+2y+1$

$\Rightarrow \left(-2\sqrt{1-x^2}\right)^2 = (y^2+2y+1)^2$

$\Rightarrow 4(1-x^2) = y^4+4y^2+1+4y^3+4y+2y^2$

$\Rightarrow 4-4x^2 = y^4+4y^3+6y^2+4y+1$

$\therefore 4x^2 = 3-y^4-4y^3-6y^2-4y$

$\therefore$ এটিই x ও y এর মধ্যে নির্ণেয় সম্পর্ক।

**গ** $y = x^3 - 3x^2 - 9x + 15$

$\therefore \frac{dy}{dx} = 3x^2 - 6x - 9$

$y = 0$ রেখার সমান্তরাল রেখার ঢাল $= 0$

$\therefore \frac{dy}{dx} = 0$

$\Rightarrow 3x^2 - 6x - 9 = 0$

$\Rightarrow 3(x^2 - 2x - 3) = 0$

$\Rightarrow x^2 - 2x - 3 = 0$

$\Rightarrow x^2 + x - 3x - 3 = 0$

$\Rightarrow x(x+1) - 3(x+1) = 0$

$\Rightarrow (x+1)(x-3) = 0$

$\therefore x = -1, 3$

$x = -1$ হলে, $y = (-1)^3 - 3(-1)^2 - 9(-1) + 15$

$= -1 - 3 + 9 + 15$

$= 24 - 4$

$= 20$

$x = 3$ হলে, $y = 3^3 - 3\times 3^2 - 9\times 3 + 15$

$= 27 - 27 - 27 + 15$

$= -12$

$\therefore$ বক্ররেখাটির উপর $(-1, 20)$ ও $(3, -12)$ বিন্দুতে স্পর্শক $y = 0$ রেখার সমান্তরাল বা স্পর্শকের ঢাল শূন্য।

$\therefore (-1, 20)$ বিন্দুতে স্পর্শকের সমীকরণ, $y - 20 = 0(x+1)$

$\Rightarrow y - 20 = 0$

এবং $(3, -12)$ বিন্দুতে স্পর্শকের সমীকরণ, $y + 12 = 0(x-3)$

$\Rightarrow y + 12 = 0$

$\therefore$ নির্ণেয় স্পর্শকের সমীকরণ: $y - 20 = 0$ এবং $y + 12 = 0$

**প্রশ্ন ▶ ৩২** $g(x) = \tan x$, $h(x) = \sin x$

(ক) $\theta$ এর সাপেক্ষে $\theta^\circ \sin\theta^\circ$ এর অন্তরজ বের কর। [রা. বো., কু. বো., চ. বো., ব. বো ১৮]

(খ) $\lim_{x\to 0}\frac{g(x)-h(x)}{\{h(x)\}^3}$ এর মান নির্ণয় কর।

(গ) $\lim_{\theta\to\frac{\pi}{2}}\frac{\left\{\frac{1}{h\left(\frac{\pi}{2}-\theta\right)}\right\}^3 - \{g(\theta)\}^3}{g(\theta)}$ এর মান নির্ণয় কর।

সমাধান:

**ক** মনে করি, $y = \theta^\circ \sin\theta^\circ$

$= \frac{\pi\theta}{180}\sin\frac{\pi\theta}{180}$ $\left[\because 1^\circ = \frac{\pi}{180}, \therefore \theta^\circ = \frac{\theta\pi}{180}\right]$

$= \frac{\pi}{180}\left(\theta\sin\frac{\pi\theta}{180}\right)$

উভয় পক্ষকে $\theta$ এর সাপেক্ষে অন্তরজ করে,

$\frac{d}{d\theta}(y) = \frac{\pi}{180}\left\{\theta\frac{d}{d\theta}\left(\sin\frac{\pi\theta}{180}\right) + \sin\frac{\pi\theta}{180}\frac{d}{d\theta}(\theta)\right\}$

$= \frac{\pi}{180}\left\{\theta\frac{\pi}{180}\cos\frac{\pi\theta}{180} + \sin\frac{\pi\theta}{180}1\right\}$ **(Ans.)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**খ** $\lim_{x\to 0}\frac{g(x)-h(x)}{\{h(x)\}^3}$

$=\lim_{x\to 0}\frac{\tan x-\sin x}{\sin^3 x}$

$=\lim_{x\to 0}\frac{\frac{\sin x}{\cos x}-\sin x}{\sin^3 x}$

$=\lim_{x\to 0}\frac{\sin x(1-\cos x)}{\cos x\sin^3 x}$

$=\lim_{x\to 0}\frac{2\sin^2\frac{x}{2}}{\cos x.\sin^2 x}$

$=\lim_{x\to 0}\frac{2\sin^2\frac{x}{2}}{\cos x\left(2\sin\frac{x}{2}\cos\frac{x}{2}\right)^2}$ $\left[\because \sin\theta=2\sin\frac{\theta}{2}\cos\frac{\theta}{2}\right]$

$=\lim_{x\to 0}\frac{2\sin^2\frac{x}{2}}{\cos x.4\sin^2\frac{x}{2}\cos^2\frac{x}{2}}$

$=\lim_{x\to 0}\frac{1}{2}\times\frac{1}{\cos x.\cos^2\frac{x}{2}}$

$=\frac{1}{2}\times 1=\frac{1}{2}$ **(Ans.)**

**গ** $\lim_{\theta\to\frac{\pi}{2}}\frac{\left\{\frac{1}{h\left(\frac{\pi}{2}-\theta\right)}\right\}^3-\{g(\theta)\}^3}{g(\theta)}$

$=\lim_{\theta\to\frac{\pi}{2}}\frac{\left\{\frac{1}{\sin\left(\frac{\pi}{2}-\theta\right)}\right\}^3-(\tan\theta)^3}{\tan\theta}$

$=\lim_{\theta\to\frac{\pi}{2}}\frac{\frac{1}{\cos^3\theta}-\tan^3\theta}{\tan\theta}$

$=\lim_{\theta\to\frac{\pi}{2}}\frac{\frac{1}{\cos^3\theta}-\frac{\sin^3\theta}{\cos^3\theta}}{\frac{\sin\theta}{\cos\theta}}$

$=\lim_{\theta\to\frac{\pi}{2}}\frac{1-\sin^3\theta}{\cos^3\theta.\frac{\sin\theta}{\cos\theta}}$

$=\lim_{\theta\to\frac{\pi}{2}}\frac{1-\sin^3\theta}{\cos^2\theta\sin\theta}$

$=\lim_{\theta\to\frac{\pi}{2}}\frac{(1-\sin\theta)(1+\sin\theta+\sin^2\theta)}{(1-\sin^2\theta)(\sin\theta)}$

$=\lim_{\theta\to\frac{\pi}{2}}\frac{(1-\sin\theta)(1+\sin\theta+\sin^2\theta)}{(1+\sin\theta)(1-\sin\theta)\sin\theta}$

$=\lim_{\theta\to\frac{\pi}{2}}\frac{(1+\sin\theta+\sin^2\theta)}{\sin\theta(1+\sin\theta)}$

$=\frac{1+1+1^2}{1(1+1)}$

$=\frac{3}{2}$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ৩৩** $f(x)=e^x$, $g(x)=\cos x$

(ক) $y=\sec x$ হলে, প্রমাণ কর যে, $y_2=y(2y^2-1)$. [ঢা. বো. ১৭]

(খ) $y=f(x)g(x)$ এর অন্তরজ মূল নিয়মে নির্ণয় কর।

(গ) x এর প্রেক্ষিতে $\frac{g(x)-g(2x)}{1-g(x)}$ এর অন্তরজ নির্ণয় কর।

**সমাধান:**

**ক** দেওয়া আছে, $y=\sec x$

$\therefore y_1=\sec x\tan x$

$=y\tan x$

$\therefore y_2=y_1\tan x+y\sec^2 x$

$=y\tan^2 x+y\sec^2 x$ $[y_1=y\tan x]$

$=y(\tan^2 x+\sec^2 x)$

$=y(\sec^2 x-1+\sec^2 x)$ $[\because \tan^2 x=\sec^2 x-1]$

$=y(2\sec^2 x-1)$

$\therefore y_2=y(2y^2-1)$ **(Proved)**

**খ** দেওয়া আছে, $f(x)=e^x$ এবং $g(x)=\cos x$

$y=f(x)g(x)$

ধরি, $P(x)=y=f(x).g(x)$

$\therefore P(x)=e^x.\cos x$

সংজ্ঞানুসারে,

$\frac{d}{dx}\{P(x)\}=\lim_{h\to 0}\frac{P(x+h)-P(x)}{h}$

$=\lim_{h\to 0}\frac{e^{x+h}.\cos(x+h)-e^x.\cos x}{h}$

$=\lim_{h\to 0}\frac{e^x.e^h\cos(x+h)-e^x.\cos x}{h}$

$=e^x\lim_{h\to 0}\frac{e^h\cos(x+h)-\cos x}{h}$

$=e^x\lim_{h\to 0}\frac{e^h\{\cos(x+h)-\cos x\}+e^h.\cos x-\cos x}{h}$

$=e^x\lim_{h\to 0}\left[\frac{e^h\{\cos(x+h)-\cos x\}}{h}+\frac{\cos x(e^h-1)}{h}\right]$

$=e^x\left[\lim_{h\to 0}\frac{e^h.2\sin\frac{x+h+x}{2}.\sin\frac{x-x-h}{2}}{h}+\cos x.1\right]$

$=e^x\left[\lim_{h\to 0}e^h.2\sin\frac{2x+h}{2}.\frac{\sin\frac{-h}{2}}{h}+\cos x.1\right]$

$=e^x.\left[e^0.2\sin x\times\left(\frac{-1}{2}\right)+\cos x\right]$

$=e^x(-\sin x+\cos x)$

$=e^x(\cos x-\sin x)$ **(Ans.)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**গ** দেওয়া আছে, $g(x) = \cos x$

$\therefore g(2x) = \cos 2x$

ধরি, $y = \frac{g(x) - g(2x)}{1 - g(x)}$

$= \frac{\cos x - \cos 2x}{1 - \cos x}$

$= \frac{\cos x - (2\cos^2 x - 1)}{1 - \cos x}$

$= \frac{\cos x - 2\cos^2 x + 1}{1 - \cos x}$

$= \frac{-2\cos^2 x - \cos x + 2\cos x + 1}{1 - \cos x}$

$= \frac{-\cos x(2\cos x + 1) + 1(2\cos x + 1)}{1 - \cos x}$

$= \frac{(1 - \cos x)(2\cos x + 1)}{1 - \cos x}$

$= 2\cos x + 1$

$\therefore \frac{dy}{dx} = \frac{d}{dx}(2\cos x + 1)$

$= 2\frac{d}{dx}(\cos x) + \frac{d}{dx}(1)$

$= 2(-\sin x) + 0$

$= -2\sin x$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ৩৪** $y = \frac{x^2}{x - 2}$

**(ক) মান নির্ণয় কর:** $\lim_{x \to 2} \frac{4 - x^2}{3 - \sqrt{x^2 + 5}}$ [রা. বো. ১৭]

**(খ)** $f(x) = 4x^3 - 9x^2 + 6x$ **ফাংশনের সন্ধিবিন্দুগুলি নির্ণয় কর।**

**(গ)** $y_1 - 2(x - 2)y_2 + 4 = 0$ **হলে, x = ?**

**সমাধান:**

**ক** $\lim_{x \to 2} \frac{4 - x^2}{3 - \sqrt{x^2 + 5}}$

$= \lim_{x \to 2} \frac{(4 - x^2)(3 + \sqrt{x^2 + 5})}{(3 - \sqrt{x^2 + 5})(3 + \sqrt{x^2 + 5})}$

[লব ও হরকে $3 + \sqrt{x^2 + 5}$ দ্বারা গুণ করে]

$= \lim_{x \to 2} \frac{(4 - x^2)(3 + \sqrt{x^2 + 5})}{3^2 - (\sqrt{x^2 + 5})^2}$

$= \lim_{x \to 2} \frac{(4 - x^2)(3 + \sqrt{x^2 + 5})}{9 - (x^2 + 5)}$

$= \lim_{x \to 2} \frac{(4 - x^2)(3 + \sqrt{x^2 + 5})}{9 - x^2 - 5}$

$= \lim_{x \to 2} \frac{(4 - x^2)(3 + \sqrt{x^2 + 5})}{(4 - x^2)}$

$= \lim_{x \to 2} (3 + \sqrt{x^2 + 5})$

$= 3 + \sqrt{2^2 + 5}$

$= 3 + 3 = 6$ **(Ans.)**

**খ** $f(x) = 4x^3 - 9x^2 + 6x$

$f'(x) = 12x^2 - 18x + 6$

সন্ধিবিন্দু বা চরমবিন্দুর জন্য, $f'(x) = 0$

$\therefore 12x^2 - 18x + 6 = 0$

$\Rightarrow 2x^2 - 3x + 1 = 0$

$\Rightarrow 2x^2 - 2x - x + 1 = 0$

$\Rightarrow (x - 1)(2x - 1) = 0$

$\therefore x = 1, \frac{1}{2}$

$x = 1$ হলে, $f(1) = 4 \times 1^3 - 9 \times 1^2 + 6 \times 1 = 1$

$x = \frac{1}{2}$ হলে, $f\left(\frac{1}{2}\right) = 4\left(\frac{1}{2}\right)^3 - 9\left(\frac{1}{2}\right)^2 + 6 \times \frac{1}{2} = \frac{5}{4}$

$\therefore$ সন্ধি বিন্দুগুলি $(1, 1)$ এবং $\left(\frac{1}{2}, \frac{5}{4}\right)$

**Note:** সন্ধি বিন্দু বা চরম বিন্দু হলো ঐ বিন্দু যেখানে গুরুমান বা লঘুমান বিদ্যমান।

**গ** দেওয়া আছে, $y = \frac{x^2}{x - 2}$

$\therefore y_1 = \frac{dy}{dx} = \frac{d}{dx}\left(\frac{x^2}{x - 2}\right) = \frac{(x - 2)\frac{d}{dx}(x^2) - x^2\frac{d}{dx}(x - 2)}{(x - 2)^2}$

$= \frac{(x - 2).2x - x^2.1}{(x - 2)^2}$

$= \frac{2x^2 - 4x - x^2}{(x - 2)^2}$

$= \frac{x^2 - 4x}{(x - 2)^2}$

$\therefore y_1 = \frac{x(x - 4)}{(x - 2)^2}$

$\therefore y_2 = \frac{d}{dx}\left(\frac{dy}{dx}\right) = \frac{d}{dx}\left(\frac{x^2 - 4x}{x^2 - 4x + 4}\right)$

$\Rightarrow y_2 = \frac{(x^2 - 4x + 4)\frac{d}{dx}(x^2 - 4x) - (x^2 - 4x)\frac{d}{dx}(x^2 - 4x + 4)}{(x^2 - 4x + 4)^2}$

$= \frac{(x^2 - 4x + 4)(2x - 4) - (x^2 - 4x)(2x - 4)}{\{(x - 2)^2\}^2}$

$= \frac{(2x - 4)(x^2 - 4x + 4 - x^2 + 4x)}{(x - 2)^4}$

$= \frac{2(x - 2) \times 4}{(x - 2)^4}$

$= \frac{8}{(x - 2)^3}$

দেওয়া আছে,

$y_1 - 2(x - 2)y_2 + 4 = 0$

$\Rightarrow \frac{x(x - 4)}{(x - 2)^2} - \frac{16}{(x - 2)^2} + 4 = 0$

$\Rightarrow x^2 - 4x - 16 + 4(x - 2)^2 = 0$

$\Rightarrow x^2 - 4x + 4 - 20 + 4(x - 2)^2 = 0$

$\Rightarrow (x - 2)^2 + 4(x - 2)^2 = 20$

$\Rightarrow 5(x - 2)^2 = 20$

$\Rightarrow (x - 2)^2 = 4$

$\Rightarrow x - 2 = \pm 2$

$\therefore x = 0, 4$ **(Ans.)**



t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**প্রশ্ন ▶ ৩৫** $y = (x)^{\frac{1}{x}}$ এবং $L = \lim_{x \to 0} \frac{\tan x - \sin x}{x^3}$

**(ক)** $\lim_{\theta \to 0} \frac{\cot\left(\frac{\pi}{2} - \theta\right) - \cos\left(\frac{\pi}{2} - \theta\right)}{\theta^2}$ এর মান নির্ণয় কর। [সি. বো. ১৭]

**(খ)** y এর সর্বোচ্চ মান নির্ণয় কর।

**(গ)** L এর মান নির্ণয় কর।

**সমাধান:**

**ক** $$\lim_{\theta \to 0} \frac{\cot\left(\frac{\pi}{2} - \theta\right) - \cos\left(\frac{\pi}{2} - \theta\right)}{\theta^2}$$

$$= \lim_{\theta \to 0} \frac{\tan\theta - \sin\theta}{\theta^2}$$

$$= \lim_{\theta \to 0} \frac{\tan\theta\left(1 - \frac{\sin\theta}{\tan\theta}\right)}{\theta^2}$$

$$= \lim_{\theta \to 0} \frac{\tan\theta\left(1 - \frac{\sin\theta}{\frac{\sin\theta}{\cos\theta}}\right)}{\theta^2}$$

$$= \lim_{\theta \to 0} \frac{\tan\theta(1 - \cos\theta)}{\theta^2}$$

$$= \lim_{\theta \to 0} \frac{\tan\theta\left(2\sin^2\frac{\theta}{2}\right)}{\theta^2} \quad [1 - \cos 2\theta = 2\sin^2\theta]$$

$$= \lim_{\theta \to 0} \frac{\tan\theta}{\theta} \frac{\sin^2\frac{\theta}{2}}{\frac{\theta}{2}}$$

$$= \lim_{\theta \to 0} \left\{\frac{\tan\theta}{\theta}\left(\frac{\sin\frac{\theta}{2}}{\frac{\theta}{2}}\right)^2 \frac{\theta}{2}\right\}$$

$$= \lim_{\theta \to 0} \frac{\tan\theta}{\theta} \lim_{\frac{\theta}{2} \to 0}\left(\frac{\sin\frac{\theta}{2}}{\frac{\theta}{2}}\right)^2 \lim_{\theta \to 0} \frac{\theta}{2}$$

$= 1 \times 1 \times 0 = 0$ **(Ans.)**

**খ** দেওয়া আছে,

$$y = (x)^{\frac{1}{x}}$$

$$\Rightarrow \ln y = \frac{1}{x}\ln x$$

$$\Rightarrow \ln y = x^{-1}\ln x$$

$$\Rightarrow \frac{1}{y}\frac{dy}{dx} = x^{-1} \cdot \frac{1}{x} + \ln x.(-1)x^{-2}$$

$$\Rightarrow y^{-1}.\frac{dy}{dx} = x^{-2} - x^{-2}\ln x = x^{-2}(1 - \ln x) \quad \ldots\ldots (i)$$

$$\Rightarrow \frac{dy}{dx} = yx^{-2}(1 - \ln x)$$

আবার, (i) নং কে x এর সাপেক্ষে অন্তরীকরণ করে,

$$y^{-1}\frac{d^2y}{dx^2} + \frac{dy}{dx}.(-1)y^{-2}.\frac{dy}{dx} = x^{-2}\left(-\frac{1}{x}\right) + (1 - \ln x)(-2)x^{-3}$$

$$\Rightarrow y^{-1}\frac{d^2y}{dx^2} - y^{-2}\left(\frac{dy}{dx}\right)^2 = -x^{-3} - 2x^{-3}(1 - \ln x)$$

$$\Rightarrow y^{-1}\frac{d^2y}{dx^2} - y^{-2}\{y^2x^{-4}(1 - \ln x)^2\} = -x^{-3}\{1 + 2(1 - \ln x)\}$$

$$\Rightarrow y^{-1}\frac{d^2y}{dx^2} - x^{-4}(1 - \ln x)^2 = -x^{-3}\{1 + 2(1 - \ln x)\}$$

$$\Rightarrow \frac{d^2y}{dx^2} = y[x^{-4}(1 - \ln x)^2 - x^{-3}\{1 + 2(1 - \ln x)\}]$$

সর্বোচ্চ ও সর্বনিম্ন মানের জন্য,

$$\frac{dy}{dx} = 0$$

$$\Rightarrow yx^{-2}(1 - \ln x) = 0$$

$$\Rightarrow 1 - \ln x = 0$$

$$\Rightarrow \ln x = 1 = \ln e$$

$$\therefore x = e$$

$x = e$ হলে, $\frac{d^2y}{dx^2} = x^{\frac{1}{x}}[x^{-4}(1 - \ln x)^2 - x^{-3}\{1 + 2(1 - \ln x)\}]$

$$= e^{\frac{1}{e}}[e^{-4}(1 - \ln e)^2 - e^{-3}\{1 + 2(1 - \ln e)\}]$$

$$= e^{\frac{1}{e}}[0 - e^{-3}(1 - 2 \times 0)]$$

$$= -e^{-3}e^{\frac{1}{e}} < 0$$

$\therefore x = e$ এর জন্য সর্বোচ্চ মান পাওয়া যাবে।

সর্বোচ্চ মান $y = x^{\frac{1}{x}} = e^{\frac{1}{e}}$ **(Ans.)**

**গ** দেওয়া আছে, $L = \lim_{x \to 0} \frac{\tan x - \sin x}{x^3}$

$$= \lim_{x \to 0} \frac{1}{x^3}.\left(\frac{\sin x}{\cos x} - \sin x\right)$$

$$= \lim_{x \to 0} \frac{1}{x^3} \cdot \left(\frac{\sin x - \sin x\cos x}{\cos x}\right)$$

$$= \lim_{x \to 0} \frac{1}{x^3} \cdot \frac{\sin x(1 - \cos x)}{\cos x}$$

$$= \lim_{x \to 0} \frac{1}{x^3} \cdot \frac{2\sin\frac{x}{2}\cos\frac{x}{2} \cdot 2\sin^2\frac{x}{2}}{\cos x}$$

$$= \lim_{x \to 0} \frac{\cos\frac{x}{2}}{\cos x} \cdot \frac{4\sin^3\frac{x}{2}}{\left(\frac{x}{2}\right)^3.8}$$

$$= \lim_{x \to 0} \frac{1}{2} \times \frac{\cos\frac{x}{2}}{\cos x} \times \left(\lim_{\frac{x}{2} \to 0} \frac{\sin\frac{x}{2}}{\frac{x}{2}}\right)^3$$

$$= \frac{1}{2} \cdot \frac{\cos 0^\circ}{\cos 0^\circ} \times 1$$

$$= \frac{1}{2}$$ **(Ans.)**

Rhombus Publications

t.me/admission_stuffs

PDF Credit - Admission Stuffs



**বিকল্প পদ্ধতি:** দেওয়া আছে, $L = \lim_{x\to 0}\frac{\tan x - \sin x}{x^3}$

$$= \lim_{x\to 0}\frac{1}{x^3}\cdot\left(\frac{\sin x}{\cos x} - \sin x\right)$$

$$= \lim_{x\to 0}\frac{1}{x^3}\cdot\left(\frac{\sin x - \sin x\cos x}{\cos x}\right)$$

$$= \lim_{x\to 0}\frac{\sin x(1-\cos x)}{x^3\cos x}$$

$$= \lim_{x\to 0}\frac{\sin x}{x}\cdot\lim_{x\to 0}\frac{1}{\cos x}\cdot\lim_{x\to 0}\frac{1-\cos x}{x^2}$$

$$= 1\times 1.\lim_{x\to 0}\frac{2\sin^2\frac{x}{2}}{x^2}$$

$$= \lim_{x\to 0}\frac{\sin^2\frac{x}{2}}{\frac{x^2}{4}\times 2}$$

$$= \left(\lim_{x\to 0}\frac{\sin\frac{x}{2}}{\frac{x}{2}}\right)^2\times\frac{1}{2}$$

$$= \frac{1}{2}$$ **(Ans.)**

**প্রশ্ন ▶ ৩৬**




(ক) $\lim_{x\to\infty}\left(\frac{x-3}{x-2}\right)^x$ নির্ণয় কর।

(খ) $g(x) = \frac{BC}{\log_5(BC)}$ এর লঘু বা গুরুমান নির্ণয় কর।

(গ) cosecy = P হলে, দেখাও যে, $25y_1 + 75xy_2 + (25x^2-1)y_3 = 0$, যেখানে P, x এর ফাংশন।

**সমাধান:**

**ক** $\lim_{x\to\infty}\left(\frac{x-3}{x-2}\right)^x = \lim_{x\to\infty}\left(\frac{x-2-1}{x-2}\right)^x$

$$= \lim_{x\to\infty}\left(1-\frac{1}{x-2}\right)^x$$

$$= \lim_{x\to\infty}\frac{\left(1-\frac{1}{x-2}\right)^{x-2}}{\left(1-\frac{1}{x-2}\right)^2}$$

$$= \frac{\lim_{x\to\infty}\left(1-\frac{1}{x-2}\right)^{x-2}}{(1-0)^2}$$

$$= \frac{\frac{1}{e}}{1}$$

$$= \frac{1}{e}$$ **(Ans.)** $\left[\because \lim_{x\to\infty}\left(1-\frac{1}{x}\right)^x = \frac{1}{e}\right]$

**খ** ABC সমকোণী ত্রিভুজে,

$AC^2 + BC^2 = AB^2$

$\Rightarrow BC^2 = AB^2 - AC^2$

$\Rightarrow BC^2 = 1 - 1 + 25x^2$

$\Rightarrow BC^2 = 25x^2$

$\Rightarrow BC = 5x$

দেওয়া আছে,

$$g(x) = \frac{BC}{\log_5 BC} = \frac{5x}{\log_5 5x} = \frac{5x.\ln 5}{\ln 5x}$$

$$\Rightarrow g'(x) = \frac{\ln(5x)5\ln 5 - 5x(\ln 5)\times\frac{1}{5x}\times 5}{(\ln 5x)^2}$$

$$= \frac{5(\ln 5).\ln 5x - 5\ln 5}{(\ln 5x)^2}$$

$$\Rightarrow g''(x) = \frac{(\ln 5x)^2\left\{5\ln 5\times\frac{1}{5x}\times 5 - 0\right\} - (5\ln 5.\ln 5x - 5\ln 5).2(\ln 5x)\frac{1}{x}}{\{(\ln 5x)^2\}^2}$$

$$= \frac{(\ln 5x)^2\frac{5}{x}\ln 5 - 10\ln 5(\ln 5x - 1)\times\frac{1}{x}\ln 5x}{(\ln 5x)^4}$$

গুরুমান ও লঘুমানের জন্য,

$g'(x) = 0$

$$\Rightarrow \frac{5\ln 5.\ln 5x - 5\ln 5}{(\ln 5x)^2} = 0$$

$\Rightarrow 5\ln 5(\ln 5x - 1) = 0$

$\Rightarrow 5x = e$

